সিরিজ-১

ইসলাম ও রাজনীতি অধ্যায়ে মুফতি তাক্বী উসমানি সাহেব-এর মতাদর্শের প্রামাণিক খন্ডন

খিলাফাহ

শরয়ী বিশ্লেষণ ও ফরযিয়্যাত

মূল
শাইখ মুহাম্মাদ ঈসা আনসারী [পাকিস্তান]

অনুবাদ
আইমান মুহাম্মাদ

CamScanner

লেখক		শাইখ মুহাম্মাদ ঈসা আনসারী
নজরে সানী		মাওলানা মানসুর আহমাদ ফারুকী
প্রকাশনায়		আল-মুবাহালা প্রকাশন
অনুবাদ		আইমান মুহাম্মাদ

ইসলাম ও রাজনীতি অধ্যায়ে মুফতি তাক্বী উসমানি সাহেব-এর
মতাদর্শের প্রামাণিক খণ্ডন

খিলাফাহ্

শরয়ী বিশ্লেষণ ও ফরযিয়্যাত

লেখক
শাইখ মুহাম্মাদ ঈসা আনসারী [পাকিস্তান]

নজরে সানী
মাওলানা মানসুর আহমাদ ফারুকী [পাকিস্তান]

আইমান মুহাম্মাদ
অনূদিত

প্রকাশনায়
আল-মুবাহালা প্রকাশন

CamScanner

খিলাফাহ্ শরয়ী বিশ্লেষণ ও ফরযিয়্যাত
লেখক : শাইখ মুহাম্মাদ ঈসা আনসারী [পাকিস্তান]

অনুবাদ : আইমান মুহাম্মাদ

গ্রন্থস্বত্ব : প্রকাশক কর্তৃক সংরক্ষিত

প্রকাশনায় : আল-মুবাহালা প্রকাশন
কওমী মার্কেট, ২য় তলা ৬৫-৬৬/১, প্যারীদাস রোড,
বাংলাবাজার, ঢাকা-১১০০
মোবাইল : ০১৯১০৭০৬০২৯, ০১৮৮৫৫২২৯৮৩

প্রথম প্রকাশ : নভেম্বর ২০১৯

অনলাইন পরিবেশক

Pothikshop.com
Sijdah.com
Kitabgor.com
Tariqzone.com
Niyamahshop.com
Rokomari.com
Amaderboi.com
Ruhamashop.com
Shobdaloy.com
Islamicboighor.com
Wafilife.com
Alfurqanshop.com
Boibazar.com
Islamiboi.net
helpfulshop.com

মুদ্রিত মূল্য : ২০০.০০ (দুইশত) টাকা মাত্র।

CamScanner

অ র্প ণ

এক খণ্ড খেলাফত ভূমি;

স্বপ্ন ও আশা॥

অনুবাদকের কথা

আইমান সাদীদ ভাই বইটি যখন হাতে দিলেন, তখন বাইরে ভীষণ রাত নেমেছে। অন্ধকার-ই এই ধরনের বই আদান প্রদানের মুখ্য সময়। দিনের আলোয় বইটি সম্পূর্ণ নিষিদ্ধ। বইয়ের সবচেয়ে বড় দোষ(!) হলো এখানে বর্তমান যুগের "শাইখুল ইসলামের" রাজনৈতিক মতাদর্শের চূড়ান্ত খণ্ডন করা হয়েছে। বলা বাহুল্য, খণ্ডনটি কুরআন হাদীস এবং ইমামদের বাণীমালার আলোকে-ই করা হয়েছে। "আকাবীর পূজারী" এই সমাজের কাছে তবুও বইটি "প্রত্যাখ্যাত"। কারণ ঐ একটা-ই একজন জাদরেল আকাবীরের মতের বিরোধিতা। ও হ্যাঁ, বইয়ের আরো সমস্যা(!) আছে! বইতে জিহাদের ঘোষণা "স্বদম্ভে" দেওয়া হয়েছে। মানুষজনকে ডাকা হয়েছে ইসলামী খেলাফতের ছায়াতলে। জিহাদকে তো আমরা অনেক আগে-ই নির্বাসনে" পাঠিয়েছি। আর খেলাফত প্রতিষ্ঠা বলতে আমরা এখন খেলাফতের নাম ভাঙ্গিয়ে রাজনীতি করাকেই বুঝে ফেলেছি! এসব দুঃখের কথা এখন থাক! এবার মূল কথায় আসি। মূল বইয়ের লেখক শাইখ মুহাম্মদ ঈসা আনসারী। আমাদের কাছে অখ্যাত হলেও পাকিস্তানে কিন্তু তিনি বিখ্যাত। উঁচু মানের একজন আলেম। বইটি প্রথম প্রকাশিত হয় ২০১১ সালের মার্চ মাসে। প্রকাশের চার মাসে-ই ৩০০০ কপি বিক্রি হয়ে "বেস্ট সেলারের" কাতারে উঠে আসে। পাকিস্তানের মুরতাদ শাসকের প্রাসাদে আগুন ধরিয়ে দেয় বইটি। অবশ্যম্ভাবী পরিণতিতে পাকিস্তান সরকার একে ব্যান্ড করে। এই বইয়ে মূলত চারটি বিষয় নিয়ে আলোকপাত করা হয়েছে। আমরা প্রতিটি বিষয়কে ভিন্ন পুস্তিকায় রূপ দিয়েছি। বক্ষ্যমাণ পুস্তিকাটি মূলত উক্ত বইয়ের দু'টি অধ্যায়। বাকি অধ্যায়গুলোও ইনশাআল্লাহ

CamScanner

ধারাবাহিকভাবে পুস্তিকা আকারে প্রকাশিত হবে। বইটি "রদ্দি" হলেও একেকটি বিষয়ের আদি-অন্ত বিস্তারিতভাবে বয়ান করা হয়েছে। এই পুস্তিকাটিতে খেলাফতের সংজ্ঞা থেকে শুরু করে এর খুঁটিনাটি সবিস্তার শরীয়তের আলোকে বিবৃত হয়েছে।

সাহিত্য এবং অনুবাদ, দুই পথে-ই আমি আগন্তুক, একদম আনাড়ি। সাদীদ ভাই "ঘাড় ধরে" না আনলে এই পথে হয়ত আমি মনের ভুলেও আসতাম না। তাঁকে ধন্যবাদে যুক্ত করার ভাষা এই মুহূর্তে আমার অভিধানে নেই। শুধু বলবো "জাযাহুল্লাহু খায়রান"।

কাঁচা হাত। লেখার নাড়িভুঁড়ি না ঘেঁটে মূল আহ্বানকে গ্রহণ করলে-ই পাঠক সমাজের কাছে আমি কৃতজ্ঞ থাকবো।

হয়ত শরীয়ত, নয়তো শাহাদাত। এই স্লোগান-ই হোক আমাদের মূল চেতনা। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

আইমান মুহাম্মদ
২৪/৯/১৯
রাত: ১১:২৩

اسلام صرف عبادات کا نام نہیں بلکہ وہ تمام مذہبی، تمدنی، اخلاقی اور سیاسی ضرورتوں کے متعلق ایک کامل اور مکمل نظام رکھتا ہے. جو لوگ موجودہ زمانے کی کش مکش میں حصہ لینے سے کنارہ کشی کرتے ہیں اور صرف حجروں میں بیٹھے رہنے کو اسلامی فرائض کی ادائیگی کے لئے کافی سمجھتے ہیں وہ اسلام کے پاک وصاف دامن پر ایک " بدنما داغ " لگاتے ہیں"۔

"ইসলাম শুধুমাত্র ইবাদতেরই নাম নয়, বরং সামগ্রিকভাবে ইসলাম হলো ধর্ম, সভ্যতা, চারিত্রিকতা এবং রাজনীতি সম্বলিত পূর্ণাঙ্গ একটি জীবনব্যবস্থার নাম। যারা যুগের লড়াই থেকে মুখ ফিরিয়ে নেয়; এবং কেবলমাত্র ঘরের কোণে বসে থাকাকেই ইসলামের ফারায়েজ আদায়ের জন্য যথেষ্ট মনে করে, তারা ইসলামের পবিত্র আস্তিনের উপর একটা কুৎসিত দাগ অঙ্কন করে।"

—মাহমুদুল হাসান দেওবন্দী রাহিমাহুল্লাহ

"بہت سے نیک بندے ہیں جن کے چہرے پر نماز کانوراورذکراللہ کی روشنی جھلک رہی ہے لیکن جب ان سے کہا جاتاہے کہ خدارا جلد اٹھو اور اس امت مرحومہ کو کفار کے نرغے سے بچاؤ تو ان کے دلوں پر خوف وہراس طاری ہوجاتا ہے۔ خداکا نہیں، بلکہ چند ناپاک ہستیوں کا، اور ان کے سامانِ حرب وضرب کاخوف طاری ہوجاتا ہے"۔

"নেককার অনেক ব্যক্তি আছেন, যাদের চেহারায় নামায এবং যিকরুল্লাহের জ্যোতি–বিকিরিত হয়। কিন্তু যখন–ই তাদেরকে বলা হয়– ওহে আল্লার বান্দা, ওঠো! লাঞ্ছিত এই উম্মাহকে কুফফার শক্তির বাহুপিঞ্জিরা থেকে মুক্ত করো! তখন ভয়ে তাদের পিলে চমকে যায়। এই ভয় আল্লাহর নয়; বরং নাপাক কিছু অস্তিত্বের। আর তরঙ্গায়িত যুদ্ধের বিভীষিকা তাদের উপর প্রকট হয়ে ওঠে।"

—মাহমুদুল হাসান দেওবন্দী রাহিমাহুল্লাহ

সূচিপত্র

বিষয় — পৃষ্ঠা

শুরুর কথা ১৫

কিতাবের আলোচ্য বিষয়সমূহ.. ২৫

প্রথম অধ্যায়

খেলাফত ও রাজনীতির শরয়ী দৃষ্টিকোণ—২৭

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দৃষ্টিতে খলীফা......... ২৭

সাহাবায়ে আজমাইন (রাঃ) এর চোখে খীলাফা...................... ২৮

ফুকাহাদের কাঠগড়ায় খলীফা ২৯

খিলাফত মূলত নীবজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর
প্রতিনিধিত্ব এবং অন্তরঙ্গতার নাম ৩০

পৃথিবীর শান্তি শৃঙ্খলা খিলাফত দ্বারা আবর্তিত হয়.................. ৩২

খলীফার অধীনতা ছাড়া মৃত্যুবরণ;
সেটা তো জাহিলিয়াতের মৃত্যু! ৩৩

আমীর ব্যতীত সফরও বৈধ না.. ৩৫

ওয়াজিব বিধানের ভূমিকা/পূর্বশর্তও ওয়াজিব হয়..................... ৩৬

খিলাফতের আবশ্যকিয়তাঃ
কী বলেন সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুম ?..................... ৩৮

খলীফা নিয়োগের ফরযিয়্যাত ইজমা দ্বারা সাব্যস্ত........................ ৩৯

তিন দিনের বেশি খলীফা বিহীন থাকা বৈধ নয়.........................৪১

হজ্ব এবং ঈদের নামায খেলাফতের সাথে শর্তযুক্ত ৪২

CamScanner

বিষয় পৃষ্ঠা

খেলাফত প্রতিষ্ঠা ফরজে কিফায়া ৪৪

খেলাফত প্রতিষ্ঠা দ্বীনের গুরুত্বপূর্ণ রুকন এবং ফরজি বিষয়........ ৪৬

দ্বিতীয় অধ্যায়

দারুল ইসলাম এবং দারুল হরব প্রসঙ্গে শরীয়তের দৃষ্টিভঙ্গি.........৫১

কুফরী শাসনের সংক্ষিপ্ত ইতিহাস ৫৬

তাতারীদের যামানা...৫৬

হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু-৭৭৪হি.) এর ফতোয়া ৫৭

প্রথম ফতোয়া ৫৮

একটি লক্ষণীয় বিষয়ঃ আইন প্রণেতা এবং
তার বাস্তবায়নকারী উভয়ই কাফের.. ৬০

দ্বিতীয় ফতোয়া.. ৬০

বর্তমান সংবিধান ইয়াসিকের চেয়েও নিকৃষ্ট ৬১

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যু-৭২৮হি.)-এর ফতোয়া৬২

উসমানী খেলাফেতের পরাজয়ের পর কুফরী শাসন.......................৬৩

শাইখুল ইসলাম মোস্তফা সবারী (রহঃ)-এর ফতোয়া................ ৬৩

আহমদ শাকের রহ. ও তাঁর ভাই
মাহমূদ শাকের রহ.-এর ফতোয়া.. ৬৫

আহমদ শাকের রহ.-এর ফতোয়া ৬৫

আল্লামা মাহমূদ শাকের (রহঃ)-এর ফতোয়া.......................... ৬৬

শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহঃ)-এর ফতোয়া ৬৯

শায়খ মুহাম্মাদ ইবনে ইব্রাহীম আলুশ শায়খ (রহঃ)এর ফতোয়া....... ৭১

আল্লামা শানক্বিতী (রহঃ) এর ফতোয়া................................. ৭২

এরপর আরোও কয়েকটা জরুরি বিষয়
আত্মস্থ করে নেয়া চাই!.. ৭৩

ইসলামী আইন চালু না থাকা
আর কুফরী আইন চালু থাকা এক নয়.................................. ৭৩

খেলাফত যামানা আর বর্তমান যামানা এক নয়....................... ৭৪

বিষয় পৃষ্ঠা

'দারুল মুসলিমীন' না বলে 'দারুল ইসলাম' কেন বলা হল? ৭৫
রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র দারুল ইসলাম হওয়া অসম্ভব........ ৭৫
এবর আসুন আইম্মায়ে কেরামের কয়েকটি বক্তব্য লক্ষ করি ৭৭
শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০ হি.) ৭৭
আল্লামা কাসানী রহ. (মৃত্যুঃ ৫৮৭ হি.) ৭৭
কাজী আবু ইয়ালা হাম্বলী রহ. (মৃত্যুঃ ৪৫৮ হি.)..................... ৭৮
ইমাম মারদাবী রহ. (মৃত্যুঃ ৮৮৫হি.)..................................... ৭৮
ইবনু মুফলীহ আল-হাম্বলী রহ. (মৃত্যুঃ ৭৬৩হি.) ৭৮
'হয়তো দারুল' ইসলাম নতুবা 'দারুল হরব';
মাঝামাঝি কোন সূরত নেই... ৭৯
শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যুঃ ৭২৮হি.) ৮২
ফতোয়াটি তাঁর ভাষায় নিম্নরূপ ৮৩
তাকি উসমানী সাহেব দা.বা.-এর বক্তব্যের পর্যালোচনা............ ৮৬

পঞ্চম অধ্যায়

প্রতিরক্ষা এবং পররাষ্ট্র নীতি—৯১

'দারুল ইসলাম' ও 'দারুল হরব' ৯১
আইম্মায়ে কেরামের বক্তব্যসমূহের পর্যালোচনা ৯৬
পর্যালোচনার সারকথা.. ৯৬
পর্যালোচনা ৯৮
ইমাম সারাখসী রহ.-এর বক্তব্যের প্রেক্ষাপট বিশ্লেষণ ৯৯
পরিচ্ছেদঃ যে কাঠ কাটা হয় এবং
লবণ বা অন্য যা কিছু লাভ হয় (তার বিধান).........................১০৩
'জামিউর রুমুজ'-এর বক্তব্যের পর্যালোচনা............................১০৬
পর্যালোচনা ১০৭
ইমাম ও ইমামতের বিষয়টাকে...
আমরা চলুন আরেকটু বিস্তারিত আলোচনা করি ১০৯

বিষয় পৃষ্ঠা
আহলে হল্ ওয়াল আকদ কারা?..................................১১০
ইমামের মধ্যে কি কি শর্ত পাওয়া যেতে হবে? ১১২
পর্যালোচনা ১১৮
ইসলামী শাসন জারি না থাকার দ্বারা কি উদ্দেশ্য?.....................১১৮
আল্লামা শামী রহ.-এর বক্তব্যের পর্যালোচনা.........................১২১
আল্লামা শামী রহ. এর বক্তব্যের প্রেক্ষাপট ১২৩
এখানে একটা বিষয় লক্ষ করুন ১২৫
শামীর বক্তব্যে এর কোন আলোচনা বা
ইশারা ইঙ্গিতও কি আছে?..১২৮
শেষ কথা ১২৭

শুরুর কথা

খেলাফত পতনের পরবর্তী আধুনিক যামানায় মুসলিম জাতির উপর আপতিত সবচেয়ে বড় ফেতনা হলো অত্যাচারী শাসকদল। যারা আরব অনারবের বিভিন্ন ইসলামী ভূখণ্ডের উপর শাসকরূপে চেপে বসেছে। আর মুসলিমদেরকে পিষ্ঠ করছে জুলম ও স্বৈরাচারের পাহাড় চাপায়। এদের মহান কর্তব্যই(!) হলো আল্লাহ সুবানাহু তায়ালার প্রেরিত শরীয়তকে ছুড়ে ফেলে নিজের বা অন্যের বানোয়াট তন্ত্রকে বাস্তবায়িত করা। এসব ছাড়াও যেখানেই ইহুদী খৃষ্টান হিন্দু বৌদ্ধরা মুসলিমদেরকে গণহত্যার পাশবিক ইচ্ছা করে সেখানে তাদেরকে লজিস্টিক সমর্থন দেওয়া, নিজদের জলস্থলকে তাদের নিকট অর্পণ করা এবং মুসলিম নারী পুরুষদেরকে সামান্য অর্থকড়ির বিনিময়ে এদের হাতে হস্তান্তর করার মতো কুফুরী কর্মকাণ্ডে লিপ্ত হওয়াই এদের মূলব্রত।

জাতীর এমন সঙ্গীন মুহূর্তে আলেম সমাজের দায়িত্ব ছিলো আল্লাহর দীন বিলুপ্তকারী এসব মুরতাদ শাসকদেরকে হটানো। আর তদস্থলে কোনো ন্যায়পরায়ণ আমীরকে নির্বাচিত করে খেলাফতরাষ্ট্র গঠন করা।

অথচ বড্ড পরিতাপের বিষয় আজ কিছু দরবারী আলেম, যাদের মধ্যে আছেন নামিদামী শায়খুত তাফসীর, শায়খুল হাদীস নামধারী ব্যক্তিবর্গ, আরো আছেন জাদরেল সব ইসলামী স্কলারগণ। যারা শুধু আইম্মাতুল কুফুর প্রমাণিত হওয়া এসব তাগুত শাসকদের জারজ

CamScanner

ক্ষমতার বৈধতাই দিচ্ছেন না, বরং তাদেরকে "খলীফাতুল মুসলিমিন" উপাধী দেওয়ার পাল্লায় ক্ষুধার্ত প্রাণীর মতো ঝাঁপিয়ে পড়েছেন। আপরদিকে এদের বিরুদ্ধে দাঁড়িয়ে যাওয়া মুমিন ভাইদেরকে গুমরাহ খারেজী ও ইসলাম থেকে বিচ্যুত হওয়ার ফতোয়া দিচ্ছেন! আর সাধারণ মুসলমানদেরকেও ধৈর্যের লাগাম হাত থেকে না ছাড়ার এবং নিজেদের উপর জেঁকে বসা তাগুতদের আনুগত্যের মহা সুপরিশ করছেন। এবং তাদের- ই বানানো তন্ত্র অনুযায়ী ফায়সালা গ্রহণ করার সবক শোনাচ্ছেন।

অথচ এসব তাগুতদেরকে অস্বীকার করা কুরআনের ভাষায় ঈমানের অবিচ্ছেদ্য এক অঙ্গ।

মহান আল্লাহ রাব্বুল আলামিন বলেন,

وَقَدْ أُمِرُوْٓا أَنْ يَّكْفُرُوْا بِهٖ

"অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে তাকে (তাগুত) অস্বীকার করতে।" সুরা নিসা আয়াত নং-৬০

সালাফগণ উক্ত আয়াতের তাফসীর কে (كلمۂ توحيد) কালিমায়ে তাওহিদ দ্বারা ব্যক্ত করেছেন।

وهذا هو معنیٰ لا اله الا الله[1]

এটাই লা-ইলাহা ইল্লাল্লাহ-এর অর্থ।

"افترض الله على جميع العباد. الكفر بالطاغوت والايمان بالله[2]

"আর আল্লাহ তায়ালা তাঁর সমস্ত বান্দাদের উপর তাগুতকে প্রত্যাখ্যান করা এবং তার উপর ঈমান আনাকে ফরজ সাব্যস্ত করেছেন।"

---

١. الاصول الثلاثة وادلتها:ص٥٥، للشيخ محمد بن سلمان التميمى

٢. الاصول الثلاثة وادلتها:ص٥١، للشيخ محمد بن سلمان التميمى.

কিন্তু এই মহান ফরয থেকে বিমুখতা প্রদর্শন সত্ত্বেও ভ্রষ্ট উক্ত উলামাদলকে পথপ্রাপ্ত এবং পরিপূর্ণ মুমিন হওয়ার ধারণা তাদেরকে গুমরাহির অতলে নিক্ষিপ্ত করেছে।

আল্লাহ রাব্বুল আলামিন বলেন,

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا ﴿٦٠﴾

"তুমি কি তাদেরকে দেখনি, যারা দাবী করে যে, নিশ্চয় তারা ঈমান এনেছে তার উপর, যা নাযিল করা হয়েছে তোমার প্রতি এবং যা নাযিল করা হয়েছে তোমার পূর্বে। তারা তাগুতের কাছে বিচার নিয়ে যেতে চায় অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে তাকে অস্বীকার করতে। আর শয়তান চায় তাদেরকে ঘোর বিভ্রান্তিতে বিভ্রান্ত করতে।"

এই শ্রেণির আলেমদেরকে সম্পর্কেই তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কঠোর "ভয়-বাণী" উল্লেখ করেছেন,

أَيُّ شَيْءٍ أَخْوَفُ عَلَى أُمَّتِكَ مِنَ الدَّجَّالِ؟ قَالَ: الأَئِمَّةَ الْمُضِلِّينَ[1]

"কোন ফেতনা আপনার উম্মতের উপর দাজ্জালের চেয়েও ভয়াবহ মনে করেন? তিনি সা. বললেন, আইম্মাতুল মুদ্বিল্লীন এর ফেতনা।"
(হাদীস: মুসনাদে আহমাদ)

বাস্তবতা হলো যুগের ভ্রান্ত শাসকদের মাঝে মহা প্রাবল্যের সাথে ছড়িয়ে পড়া এই রোগ নতুন বা অভিনব কিছু নয়, বরং এটা আদীম এবং প্রাচীন একটা রোগ, যেটাকে আমরা "ফিতানয়ে মুরজিয়া" হিসাবে জানি। এই ফিতনার দৃষ্টিকোণ-ই হলো কালিমা পাঠক কোনো মানুষই আর কাফের হয় না। ইসলামের সীমানা প্রাচীর ভাঙতে সে

---

١. مسند احمد ج:٥ص:١٤٥.

সক্ষম নয়। যদি মন থেকে সে কাজটাকে ভালো না জানে, তাহলে হাজারো কুফুরী কুকর্ম করা সত্ত্বেও সে কাফির হবে না।

এই ধরনের আকিদাপন্থীরা নবীজী সা.-এর ভাষায়,

وعن انس بن مالک قال قال رسول الله ﷺ صنفان من امتي لا يردان على الحوض ولا يدخلان الجنة. القدرية والمرجئة[1]

"সাহাবী হযরত আনাস বিন মালিক (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, হুজুর (সা:) বলেন, আমার উম্মতের দুই শ্রেণির লোক হাউজে কাউসারের পাশ ঘেঁযেতেও পারবে না আর তারা কখনো জান্নাতেও প্রবেশ করবে না। তারা হলো কাদরিয়া এবং মুরজিয়া ফেরকাদ্বয়।" (তাবরানী)

উক্ত ফিতনা সম্পর্কে হাফেজ ইবনে কাসীর (রহ:) নযর বিন শুমাইল (রহ:)-এর কী আশ্চর্য সুন্দর কথা নকল করেছেন, "এটা এমন ধর্ম যা বাদশাদের দৃষ্টি কাড়ে। আর মানুষেরা এর মাধ্যমে দুনিয়া কামায় নিজেদের ধর্মকে বিসর্জন দিয়ে।"

এই ধারার জন্ম কয় যুগ পূর্বেই যাহা ধুমধামের সাথে হয়েছে আরব বিশ্বে। যেখাসে শরীয়তের ভিত্তিমূলকে বিচূর্ণ করে কিছু অসার তাবিল আর বিভ্রান্ত ব্যাখ্যার খুঁটি পুঁতে মুরতাদ শাসকদেরকে "আমীরুল মুমিনীন" উপাধী দেওয়ার এক ঘৃণ্য চেষ্টা চলেছে। অতি দুঃখের বিষয় এই নোংরা ব্যাখ্যাদাতা এমন কিছু মানুষ ছিলেন যাদের ইলম আর পাণ্ডিত্যে গোটা বিশ্ব আস্থাবান ছিলো।

তবে সুখের কথা, এমন ভয়াল স্রোতের মাঝেও কতিপয় আইম্মায়ে ইসলাম রুখে দাঁড়িয়েছিলেন। যারা নির্বাসন আর কারান্তরকে তো ফুল দিয়েছিলেন কিন্তু হক্ক কথা বলার ক্ষেত্রে এক দণ্ডও পিছু হঁটেননি।

---

১. الطبرانی فی الاوسط رجاله رجال هرون بن موسى الفروی وهو ثقة،مجمع الزوائد ج:٧ص:٢٠٧

তারা ঐ সব আরব্য মুনাফিক আলেমেদেরকে দলীল প্রমাণাদির আলোয় প্রতিহত করেছেন, যারা পাপী ও অবাধ্য শাসকের বিধানকে মুরতাদ শাসকের বিধানের সাথে মিশিয়ে ফেলেছিলো। এবং কাফের ও তাগুত শাসকদের ক্ষমতাকে "বৈধতার সনদ" দেওয়ার জন্য হিকমতের নামে এমন সব নিকৃষ্ট দলীল রটিয়েছিলো যা এই সমস্ত শাসকদল স্বপ্নেও ভাবেনি। (আল্লাহ এ সকল আলেমদের ত্যাগ ও কুরবানিকে কবুল করুন।)

এই ঢেউ-ই এখন আবার তীব্রবেগে আছড়ে পড়েছে ভারত পাকিস্তানের জমিনে। দৃশ্য ও প্রসঙ্গ সেই একই-আরব শাসকদের ঘরের দরোজায় বিড়ালের মতো ঘুরঘুর করা আলেমদের ক্ষেত্রে যা ছিলো, পার্থক্য শুধু এতোটুকুই, আরবীরা আরবীতে কথা বলেছিলেন, আর আমাদের মুহাক্কিক ও দূরদর্শী(!) আলেমেগণ ঐ দূষিত চেতনাকে উর্দু ভাষায় রূপ দিয়েছেন। নিজেদের জাতির সামনে সেটাকেই "আল্লাহপ্রদত্ত" বানিয়ে উগরিয়ে দিয়েছেন।

وَاِنَّ مِنْهُمْ لَفَرِيْقًا يَّلْوٗنَ اَلْسِنَتَهُمْ بِالْكِتٰبِ لِتَحْسَبُوْهُ مِنَ الْكِتٰبِ وَمَا هُوَ مِنَ الْكِتٰبِ ۚ وَيَقُوْلُوْنَ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ وَمَا هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَيَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٧٨﴾

"তাদের মধ্যে একদল রয়েছে, যারা নিজদের জিহ্বা দ্বারা বিকৃত করে কিতাব পাঠ করে, যাতে তোমরা সেটা কিতাবের অংশ মনে কর, অথচ সেটি কিতাবের অংশ নয়। তারা বলে, 'এটি আল্লাহর পক্ষ থেকে', অথচ তা আল্লাহর পক্ষ থেকে নয়। আর তারা আল্লাহর উপর মিথ্যা বলে, অথচ তারা জানে।" (আয়াত. ৭৮ সূরা আলে-ঈমরান)

এই অচ্ছুৎ কর্মকাণ্ড যদি শুধুমাত্র আধুনিক এবং পাশ্চাত্যঘেঁষা আলেমরাই করতো তাহলে অবস্থা এতোটা নির্দয় হতো না। যখনই এদের চেঁচামেচিতে কতিপয় "আস্থাভাজন" লকবধারী আলেম যোগ দিলেন পরিবেশটা তখন মারাত্মক ভয়ংকরের রূপ নিলো। তারা

CamScanner

নিজস্ব মস্তিষ্কোদ্ভূত অবৈধ প্রমাণাদির আলোকে কাফের এবং মুরতাদ শাসকদের ক্ষমাতাকে জনসাধারণের জন্য (بحالت مجبوری) (অনন্যোপায়) সাব্যস্ত করলেন। তাদের বিচারকে প্রশান্ত বুকে মেনে নেওয়ার ও নির্দ্বিধ পরামর্শ দিলেন। এই কথাটাই শায়েখ আবু মুহাম্মদ আসেম আল মাকদিসি (হাফি:) তার গ্রন্থে সুনিপুণ ভাষায় ব্যক্ত করেছেন।

"আমার ধারণা ছিলো এই সমস্ত কথাবার্তা শুধু তারাই বলে যারা দীনী বিষয়ে মানুষজনকে ধোঁকায় ফেলতে চায়, তবে অতি দুঃখের কথা এই পর্যায়ে এসে আমি দেখলাম নিজেদেরকে আলেম ও দায়ী পরিচয়দাতা জন মানুষের নিকট গ্রহণযোগ্য কিছু লোকও এই ধরনের ভঙ্গুর দালায়েলের আলোকে নিজেদের নগ্ন মত প্রকাশ করছেন।"

পাকিস্তান যার জন্মই হয়েছিলো ইসলামী খেলাফতের প্রতিশ্রুতিতে। আজ যেটা গণপ্রজাতন্ত্রী হিসাবে স্বীকৃত। এই পাকিস্তানের বর্তামান প্রধান মুফতীর ভাই; যার জ্ঞান ও প্রজ্ঞার দামামা সারা দুনিয়ায় মহাপ্রলয়ংকারী হয়ে বাজছে। ইসলামী জীবনব্যবস্থার উপর যার কল্পিত বিশ্লেষণে ভারত পাকিস্তানের মাটিতে আজ ইসলামী ব্যাংকিংয়ের যাক্কুম বৃক্ষ পত্র-পল্লবে বিকশিত হয়েছে। দুর্ভাগ্যক্রমে তার পক্ষ থেকেও একই ধরনের নাযারিয়্যাত ও মতাদর্শ প্রকাশ করা হয়েছে। তিনি তার ("ইসলাম আওর সিয়াসী নাযরিয়্যাত (اسلام اور سیاسی نظریات) গ্রন্থে লেখেন,

"اس لئے ایک مثالی اسلامی ریاست کی اصل کوشش یہی ہونی چاہیے کہ پوری دنیا میں ایک ہی امام ہو۔ لیکن موجودہ حالات میں جہاں عالم اسلام پچاس سے زیادہ حکومتوں میں منقسم ہے، عملی طور پر ایسا کرنے کے لئے ضروری ہے کہ ان ممالک کے حکمران متفق ہوں، ورنہ مسلمان ملکوں کے درمیان جنگ کے بغیر یہ مقصد حاصل نہیں کیا جاسکتا جو یقیناً زیادہ بڑی برائی ہے۔ اس لئے" مجبوری کی حالت میں ان حکومتوں کو" تسلیم کئے بغیر چارہ نہیں ہے، ورنہ شدید خلفشار لازم آئے گا۔ ماضی میں بھی حکومتیں کئی کئی رہیں، اور علماء امت نے ان

کے احکام کو نافذ العمل سمجھا ہے۔ لہٰذا اس حد تک دوسرا قول اختیار کرنا ایک "مجبوری ہے کہ ان کے احکام کو" نافذ قرار دیا جائے'۔

"কজেই একটি আদর্শ ইসলামী রাষ্ট্রের মূল প্রচেষ্টা পুরো দুনিয়ার জন্য এক ইমামের নিমিত্তেই থাকতে হবে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে যখন ইসলামি বিশ্ব পঞ্চাশেরও অধিক রাষ্ট্রে বিভক্ত, তখন 'এক ইমাম ব্যবস্থা' কার্যকর করতে হলে এসব দেশের শাসকদের একমত হওয়া জরুরি, অন্যথায় মুসলিম রাষ্ট্রগুলোর পরস্পারিক যুদ্ধ-বিগ্রহ ছাড়া এই উদ্দেশ্য হাসিল হতে পরে না। অথচ যুদ্ধ বিগ্রহ অত্যন্ত খারাপ একটি কাজ। সুতরাং অপারগতার কারণে এসব হুকুম অনুমোদন করা ছাড়া আর কোনো উপায় নেই। অন্যথায় সাংঘাতিক বিশৃঙ্খলা সৃষ্টি হবে। অতীতেও হুকুমত ছিলো কয়েকটি। তবুও উলামায়ে কেরাম সেগুলোর বিধিবিধান কার্যকর জ্ঞান করেছেন। কাজেই এই দ্বিতীয় অভিমত গ্রহণ করা এবং এসব হুকুমতের বিধিনিষেধ কর্যকর বলে অনুমোদন করা এক প্রকারের অপারগতা।"

তিনি অপর এক স্থানে নিজের মত ব্যক্ত করতে গিয়ে বলেন,

"موجودہ حالات میں عملاً ایسا (یعنی عالم اسلام پر حکومت کرنے والے حکمرانوں کو ایک حکمران پر متفق) کرنے کے لئے بظاہر ان کے درمیان خونریزی کا شدید اندیشہ ہے جو بہت بڑی خرابی ہے، اس لئے جب تک ان ملکوں کے حکمرانوں کو یہ "توفیق" نہ ہو کہ وہ اسلام کے وسیع تر مفاد میں اپنے اپنے ملکوں کو ایک ریاست یا کم از کم ایک وفاق کی شکل دیں، "اُس وقت" تک ان الگ الگ حکومتوں کو تسلیم کرنا ایک "مجبوری" ہے اور چونکہ ان میں سے ہر ملک میں اقتدار "مسلمانوں" ہی کے ہاتھ میں ہے، اس لئے ان میں سے ہر ایک پر "دار الاسلام" کی تعریف بھی صادق آتی ہے[۲]"۔

---

۱. اسلام اور سیاسی نظریات، ص:٤٢٦۔ طبع جدید نومبر ۲۰۱۰ء۔ مکتبہ معارف القرآن کراچی

۲. اسلام اور سیاسی نظریات، ص:۳۳۱۔ طبع جدید نومبر ۲۰۱۰ء۔ مکتبہ معارف القرآن کراچی

"বর্তমান অবস্থায় এমনটা (অর্থাৎ ইসলামী ভূ-খণ্ডের উপর রাজত্ব চালানো শাসকদলকে একজন ইমামের উপর ঐকমত্য হওয়া তথা "এক ইমাম নীতি) বাস্তবায়ন করতে গেলে শাসকদের মাঝে পরস্পর খুনোখুনি ও মারামারির প্রবল আশংকা আছে। নিঃসন্দেহে যেটা আরো বড় বিপর্যয় ডেকে আনবে। এইজন্য যতোদিন পর্যন্ত এইসব রাষ্ট্র প্রধানদের এই "তাওফীক" না হবে যে, তারা ইসলামের বৃহৎ স্বার্থের লক্ষ্যে নিজেদের রাষ্ট্রগুলোকে মিলিয়ে "এক রাষ্ট্রের আকার দিবেন অথবা নিম্নপক্ষে একটা বোঝাপড়ায় না আসবেন, ততোদিন পর্যন্ত পৃথক পৃথক রাষ্ট্রগুলোকে স্বীকৃতি দেওয়া একটা মাজবূরী বা বাধ্যবাধকতা। আর যেহেতু এই সমস্ত ক্ষমতার চাবিকাঠি "মুসলমানদের" হাতেই ; সেহেতু উক্ত রাষ্ট্রসমূহের উপর "দারুল ইসলামের" সংজ্ঞা ও প্রযোজ্য হবে।"

এখন চিহ্নিত শব্দগুলো (مجبوری،تسلیم ،نافذ،توفیق ، نافذالعمل)-এর উপর বারংবার চিন্তা করুন! কিভাবে এই সমস্ত ভ্রান্ত ব্যাখ্যার ফলাফলে সাধরণ মানুষের মাঝে কতো ভয়ংকর গতিতে ফিতনা ছড়িয়ে পড়ছে। গুটিকয়েক হক্বপন্থিগণই এই অবস্থার ভয়াবহতা অনুধাবন করতে পারবেন। সাধারণ জনগণ তো চতুষ্পদ জন্তুর মতো উদাসীন হয়ে খরগোশী স্বপ্নের শান্তি পেতেই বেশি যত্নবান!

বক্ষ্যমাণ গ্রন্থটি মূলত এই মহা ফেতনার সংবাদ পাঠক। এবং তৎসম্পর্কে সতর্কতাবাণী উচ্চারণের এক নিম্ন প্রচেষ্টা। যাতে সাধারণ মুসলমানগণ জানতে পারেন যে, এতোদিন তারা যাদের অনুসরণ করে আসছেন তারা কোন ধাপের আলেম। হকপন্থি নাকি '*ওলামায়ে সু*' তথা বিভ্রান্ত আলেম? কারণ প্রত্যেক আলেমই তাঁর অনুসরণকারীদেরকে সত্য মিথ্যার সেই কাতারেই দাঁড় করান, যেই কাতারে তিনি নিজেই দাঁড়িয়ে আছেন। মুসলমান মাত্র সবারই তাই অবশ্যই করণীয় হলো তারা ন্যায় বিচারক শাসক, জালেম বাদশাহ এবং কাফের নেতাদের সাথে সাথে হক্বপন্থী এবং ভ্রষ্ট আলেমদের পরিচয় সম্পর্কিত নবীজির সুস্পষ্ট বাণী সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞ হবেন।

আর তদনুযায়ী আমল করার চেষ্টা করবেন। কারণ এটা মুসলমানদের ঈমানকে নিরাপদ রাখার এক মহোত্তম প্রসঙ্গ। শায়েখ আবু মুহাম্মদ আসেম আল মাকদিসি (হাফি:) স্বীয় গ্রন্থে উল্লেখ করেন,

"দ্বীনী বিষয়ে অভিজ্ঞ এবং তাওহীদ সম্পর্কে যার সামান্যটুকুও চর্চা আছে তাদের চোখে অন্তত এই শাসকদেরকে কাফের ফতোয়া দেওয়ার মাসআলা সূর্যোধীক স্পষ্ট। তবে যে ব্যক্তি অন্ধ, চোখে দেখার ক্ষমতা যার চিরদিনের জন্য বিলুপ্ত, সূর্য যদি তার চোখে না আসে এটা তো কোনো অদ্ভুত বিষয় না! আশ্চর্যের কিছুই নেই এখানে!"

আমরা এই বইয়ের প্রতিটি ছত্রে ছত্রে ঐ অন্ধত্বের আরোগ্য দিতে চেয়েছি। এই অন্ধত্বের চিকিৎসা আমরা তাওহীদের মলম এবং কিতাবুল্লাহ ও সুন্নাতের সূর্মা দ্বারা করবো। ইনশাআল্লাহ।

কিছু মানুষ এই প্রশ্ন উত্থাপন করতে পারেন বর্তমানে আলেমদের ব্যাপারে এই ধরণের কথাবার্তা বলার দ্বারা সামাজে বড় রকমের বিপর্যয় প্রতিষ্ঠিত হওয়ার ঘোর আশংকা আছে। এবং আলেমদের উপর থেকে জনসাধারণের আস্থা উঠে যাওয়ার মতো মহা দুঃসংবাদের জন্ম হতে পারে। সুতরাং হিকমতে আমালিয়্যাহ্ হিসাবে এই সমস্ত কাথাবার্তা থেকে বিরত থাকা উচিৎ। কিন্তু আমি বলবো-যখন হক ও বাতিলের মাঝে অপমিশ্রণ ঘটানো হয়, এমন অবস্থায় হক্কের ঘোষণা করা এবং বাতিলকে প্রতিহত করা-ই সবচে' বড় ফরজ হয়ে দাঁড়ায়।

﴿وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَأَنْتُمْ تَعْلَمُونَ﴾[1]

তোমরা হক্ক এবং বাতিলের মাঝে মিশ্রণ ঘটিয়ো না এবং জেনে বুঝে হক্ক গোপন করো না।

সত্যের এই ঘোষণা ও মিথ্যাকে প্রতিহত করা কেমন হয়–

সাহাবী হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত

---

১ البقرة:٤٢.

حَدَّثَنِي عَمْرٌو النَّاقِدُ، وَأَبُو بَكْرِ بْنُ النَّضْرِ وَعَبْدُ بْنُ حُمَيْدٍ - وَاللَّفْظُ لِعَبْدٍ - قَالُوا حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ، قَالَ حَدَّثَنِي أَبِي، عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ، عَنِ الْحَارِثِ، عَنْ جَعْفَرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْحَكَمِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْمِسْوَرِ، عَنْ أَبِي رَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَا مِنْ نَبِيٍّ بَعَثَهُ اللَّهُ فِي أُمَّةٍ قَبْلِي إِلاَّ كَانَ لَهُ مِنْ أُمَّتِهِ حَوَارِيُّونَ وَأَصْحَابٌ يَأْخُذُونَ بِسُنَّتِهِ وَيَقْتَدُونَ بِأَمْرِهِ ثُمَّ إِنَّهَا تَخْلُفُ مِنْ بَعْدِهِمْ خُلُوفٌ يَقُولُونَ مَا لاَ يَفْعَلُونَ وَيَفْعَلُونَ مَا لاَ يُؤْمَرُونَ فَمَنْ جَاهَدَهُمْ بِيَدِهِ فَهُوَ مُؤْمِنٌ وَمَنْ جَاهَدَهُمْ بِلِسَانِهِ فَهُوَ مُؤْمِنٌ وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُوَ مُؤْمِنٌ وَلَيْسَ وَرَاءَ ذَلِكَ مِنَ الإِيمَانِ حَبَّةُ خَرْدَلٍ

"রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ আমার পূর্বে আল্লাহ তা'আলা যে নবীকেই কোন উম্মাতের মধ্যে পাঠিয়েছেন, তাদের মধ্যে তাঁর জন্য একদল অনুসারী ও সহাবা ছিল। তারা তাঁর সুন্নাতকে সমুন্নত রাখত এবং তাঁর নির্দেশের অনুসরণ করত। অতঃপর তাদের অবর্তমানে কতগুলো মন্দ লোক স্থলাভিষিক্ত হয়। তারা মুখে যা বলে নিজেরা তা করে না। আর যা করে তার জন্য তাদেরকে নির্দেশ করা হয়নি। অতএব যে ব্যক্তি তাদের হাত (শক্তি) দ্বারা মুকাবিলা করবে, সে মু'মিন। এরপর আর সরিষার দানা পরিমাণও ঈমানের স্তর নেই। [সহিহ মুসলিম, হাদিস নং ৮৩]

আল্লাহ সুবহানাহু তায়ালার নিকট আমাদের আকুতি, তিনি যেনো আমাদেরকে কাফের নেতা এবং ভ্রষ্ট নেতৃবর্গ থেকে হেফাজত করেন আর আমাদেরকে ন্যায়পরায়ণ ইমাম এবং হকপন্থী আলেমদের সঙ্গ নসীব করেন। আমীন।

CamScanner

কিতাবের আলোচ্য বিষয়সমূহ

উপরুক্ত উদ্দেশ্য সমূহকে শীর্ষে রেখে আমাদের জন্য একান্ত প্রয়োজনীয় বিষয় হলো, ইসলামের যে সমস্ত মৌলিক পরিভাষা এবং বিধিবিধানসমূহ ইসলামি শাসনতন্ত্রের সাথে সম্পর্কিত সেগুলোকে স্পষ্ট এবং প্রজ্বল করা। যতে করে হক্বটা হক্ব হিসাবে এবং বাতিলটা বাতিল হিসাবে প্রমাণিত হয়ে যায়। কুরআনের ভাষায়,

لِّيَهْلِكَ مَنْ هَلَكَ عَنْۢ بَيِّنَةٍ وَّيَحْيٰى مَنْ حَيَّ عَنْۢ بَيِّنَةٍ ؕ وَاِنَّ اللّٰهَ لَسَمِيْعٌ عَلِيْمٌ ﴿٤٢﴾

"যাতে সম্পন্ন করেন এমন কাজ যা হওয়ারই ছিল, যে ধ্বংস হওয়ার সে যাতে সুস্পষ্ট প্রমাণ পাওয়ার পর ধ্বংস হয়, আর যে জীবিত থাকার সে যাতে সুস্পষ্ট প্রমাণ পাওয়ার পর বেঁচে থাকে, আর নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।[১]"

শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া (রহ:) বলেন যখন কোনো বিষয় বস্তুকে বিস্তারিত এবং সুস্পষ্ট রূপে ফুটিয়ে তোলা হয় তখন পথ উন্মোচিত হয়ে যায়। দিনরাত প্রতিভাত হয়ে ওঠে। আর যে সমস্ত পথভ্রান্ত ধূর্ত মুনাফেকরা সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত করে জানা সত্ত্বেও সত্যকে গোপন করে তাদের থেকে ঈমানওয়ালারা পৃথক হয়ে যান।

---

১. সূরা আনফাল-৪২

বক্ষমান গ্রন্থে মুফতী সাহেবের চিন্তাধারার রদ কোরআন ও সুন্নাতের আলোকে এবং সালাফদের বুঝ অনুযায়ী

যে সমস্ত বিষয় বস্তুর অধীনে করা হয়েছে তা নিম্নোক্ত

১. খেলাফত ও রাজনীতির শরয়ী দৃষ্টিকোণ এবং খেলাফতের ফরযিয়্যাত

২. দারুল ইসলাম এবং দারুল হরব প্রসঙ্গে শরীয়তের দৃষ্টিভঙ্গী।

৩. শরীয়তের পরিভাষায় তাগুত।

৪. কিয়ামতের সন্নিকটে প্রকাশিতব্য দুটি বড় ফেতনা।

শায়েখ আবু মোহাম্মদ আসেম আল-মাকদিসি (হাফি.) নিজের প্রণীত গ্রন্থে বর্ণনা করেন "আমি এই পৃষ্ঠাগুলো এই জন্য রচনা করেছি যাতে আমি এই ধরনের ভ্রান্ত মতবাদের উচ্ছেদ করতে পারি। এবং সঠিক বিষয়টা উম্মাতে মুসলিমার সামনে পেশ করতে পারি। আল্লাহর কাছে তার তাওফিক এবং খাঁটি নিয়্যত ভিক্ষা করছি। আল্লাহতায়ালা এই বইটিকে উপকারী সাব্যস্ত করুন।"

আমাদের উদ্দেশ্যও এটা ছাড়া ভিন্ন কিছু নয়।

নোট : আমরা আমাদের কথায় উদ্ধৃত আহাদীসে শরীফাহ্ এবং সালাফদের বাণীমালার অধিকাংশই আরবী শব্দে লিপিবদ্ধ করেছি। যেনো কোনো প্রকার ত্রুটি বিচ্চুতির প্রক্কালে পাঠক মূল গ্রন্থের দিকে মনোনিবেশ করতে পারেন। আল্লাহ সুবাহানাহু তায়ালা আমাদের ভুল-ভ্রান্তিকে তার অপার দয়ায় ক্ষমার চাঁদরে আবৃত করুন। আমাদের এই প্রচেষ্টাকে পরকালের জন্য গ্রহণ করে নিন। আমিন, ইয়া রাব্বাল আলামীন।

CamScanner

প্রথম অধ্যায়

খেলাফত ও রাজনীতির শরয়ী দৃষ্টিকোণ

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দৃষ্টিতে খলীফা

খেলাফত এবং রাজনীতি সম্বন্ধে শরীয়ত কী বলে? ভিন্ন শব্দে ন্যায়পরায়ণ শাসক ও খলীফা দ্বারা কী উদ্দেশ্য?

এই প্রশ্নের খোলাসায় শরীয়তের জবানবন্দিঃ

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"من امر بالمعروف او نهى عن المنكر فهو خليفة الله فى ارضه وخليفةِ رسولهٖ وخليفةِ كتابهٖ

"যে ব্যক্তি সৎকাজের আদেশ করেন এবং নিষিদ্ধ কাজে বাধা প্রদান করেন তিনিই আল্লাহর ভূখণ্ডে আল্লাহ ও তাঁর রাসূল এবং তার মহাগ্রন্থের প্রতিনিধি বা খলীফতুল্লাহ।"

যে ব্যক্তি ভালো কাজের আদেশ দানের বিপরিতে ভালোর পথকে রুদ্ধ করে দেয়, অসৎ কাজে নিষেধাজ্ঞা আরোপের পরিবর্তে সে কাজে শক্তি এবং সমর্থন যোগায়, এমন ব্যক্তি কি তবুও (واجب الاطاعت) থাকবে? তবুও কি তাকে আল্লাহ এবং তার রাসুলের প্রতিনিধি ঘোষণা করা হবে??

সাহাবায়ে আজমাইন (রাঃ)-এর চোখে খীলাফা

শেরে খোদা হযরত আলী রাযিয়াল্লাহু আনহু বর্ণনা করেন,

"قال علي الامام انما جعل ليقيم الناس الصلوة وياخذ صدقاتهم ويقيم حدودهم يمضي احكامهم ويجاهد عدوهم وهذه كلها عقودولا يخاطب بها من لم يبلغ او من لا يعقل"

"খলীফা নিয়োগ করা হয় এই জন্য যেনো তিনি সালাত প্রতিষ্ঠা করেন। যাকাত আদায় করেন, আল্লাহর হুদুদ ক্বিসাস প্রজাদের মাঝে বাস্তবায়িত করেন, শরীয়তের আইন বিধান যগতে বিধিবদ্ধ করেন। সর্বোপরি তিনি ইসলামের শত্রুদের বিপক্ষে সর্বাত্মক সংগ্রাম তথা জিহাদে অবতির্ণ হবেন। এই সবকিছুই "উমূরে উকুদ"। এবং এর আদিষ্ট ব্যক্তি কোনো নাবালেগ নয়।"

খলীফয়ে রাশেদ হযরত ওমর রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি হযরত তালহা, যুবায়ের, কা'ব এবং হযরত সালমান প্রমুখ সাহাবীবৃন্দের কাছে জিজ্ঞাস করলেন-খলীফা এবং বাদশাহের মাঝে পার্থক্য কী? হযরত তালহা এবং হযরত যুবায়ের রাযিয়াল্লাহু আনহু অপারগতা প্রকাশ করলেন। হযরত সালমান রাযিয়াল্লাহু আনহু উত্তর করলেন, "খলীফা তো তিনিই যিনি স্বীয় প্রজাদের মাঝে সুবিচার প্রতিষ্ঠা করেন, তাদের মাঝে গনীমতের মাল সমভাবে বন্টন করেন। এবং তাদের উপর এমন সহমর্মিতা পোষণ করেন যেমনটি তিনি নিজ পারিজনের উপর করেন। এবং যিনি আল্লাহ সুবানাহু তায়ালার মহাগ্রন্থানুযায়ী বিচার ফায়সালা দেন।"

যে শাসকদল নামাযের বিধান প্রতিষ্ঠা করার বিপরিতে তা বিলুপ্ত করার হীনচেষ্টা চালায়, যাকাত আদায় করার পরিবর্তে কর আরোপ করে।

١- ازالة الخفاء عن الخلافة الخلفاء،ج:١ص:٢٢٦.

আল্লাহর হদ প্রতিষ্ঠিত করার বিপরিতে বরং এর পক্ষে আওয়াজ উচ্চকিতকারীদের উপর বুলেট বোমার বৃষ্টি বর্ষণ করে। খোদায়ী বিধান ভূখণ্ডে বাস্তবায়িত না করে গুলির জোরে কুফুরী বিধানের প্রবর্তন ঘটায়, ধর্মের শত্রুদের বিপক্ষে যুদ্ধ না করে উপরন্তু তাদের সাথে করমর্দন করে মুসলমানদের বিপক্ষে সারিবদ্ধ হয়। এমন খোদাদ্রোহী তাগুত শাসকদের ক্ষমতাকে কি তবুও বৈধতার জারজ সনদ দিতে হবে? নির্দ্বিধ চিত্তে মেনে নিতে হবে তার শোষনাদি?

ফুকাহাদের কাঠগড়ায় খলীফা

আল্লাহ তায়ালা ইরশাদ করেনঃ

﴿إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً﴾

অর্থ : অচিরেই জমিনে আমি আমার একজন প্রতিনিধি বানাবো।

উল্লেখিত আয়াতের ব্যাখ্যায় আল্লামা আলুসি রাহিমাহুল্লাহ বলেন,

"ومعنى كونه (خليفة)انه خليفه الله تعالى فى ارضه وكذا كل نبي استخلفهم فى عمارة الارض وسياسة الناس وتكميل نفوسهم وتنفيذ امره فيهم لا لحاجة به تعالى "[১]

"খলিফা অর্থ হলো, তিনি জমিনে আল্লাহর নিযুক্ত প্রতিনিধি হন। এভাবেই আল্লাহ তায়ালা প্রত্যেক নবীকে পৃথিবীতে স্বীয় স্থলাভিষিক্ত করে পাঠান। যাতে নবি এসে এই পৃথিবীকে আবাদ করেন। মানুষদেরকে জীবনাচার শিক্ষা দেন। এবং তাদের মাঝে আল্লাহর বিধিবিধান বাস্তবায়িত করেন। এমন না যে, আল্লাহ তায়ালা এর প্রতি মুখাপেক্ষী।"

ইমাম বাগাবী রাহিমাহুল্লাহ উপরুক্ত আয়াতের ব্যাখ্যায় উল্লেখ করেছেন,

---

১- روح المعانی،تفسیر سورة البقرة.

"والصحيح انه خليفة الله فى ارضه لاقامة احكامه وتنفيذ قضاياه"[১].

"সঠিক কথা হলো– হযরত আদম (আঃ) পৃথিবীতে আল্লাহর হুকুম আহকাম এবং তাঁর বিচার আচার বাস্তবায়ীত করার জন্য আল্লাহর নিযুক্ত খলীফা ছিলেন।"

ইমামুল হারামইন রাহিমাহুল্লাহ খলীফাদের ফরজ সমূহ বর্ণনা করতে গিয়ে লিপিবদ্ধ করেছেন,

"فالقول الكلى ان الغرض استبقاء قوائد الاسلام طوعا وكرهاوالمقصد الدين"[২]

"মোট কথা হলো খেলাফত দ্বারা উদ্দেশ্য হলো জোরপূর্বক হলেও ইসলামী বিধানের প্রতিষ্ঠা, আর এর দ্বারা উদ্দেশ্য হলো পৃথিবীব্যাপী দীনকে কায়েম করা।"

যেই শাসকবর্গের ব্রতই হলো আল্লাহর দীনকে প্রতিষ্ঠিত করার বিপরিতে নিজের বা অন্যের রচিত নিয়ম কানূনের বিস্তার ঘটানো, তবুও কি তার প্রচলনকৃত বিধানকে ("نافذالعمل") তথা কর্মযোগ্য বলে স্বীকৃতি দেওয়া হবে ?

খিলাফত মূলত নীবজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতিনিধিত্ব এবং অন্তরঙ্গতার নাম

ইমাম মাওয়ারদী রাহিমাহুল্লাহ বলেন,

"الامامة موضوعة لخلافة النبوة فى حراسة الدين و سياسة الدنيا به"[১]

১- تفسير البغوى،ج:١ص:٦٠.

২- ازالة الخفاء عن الخلافة الخلفاء،ج:٢،ص:٢٢٢.

"খিলাফত হলো দীনের রক্ষণাবেক্ষণ এবং এর মাধ্যমে পার্থিব বিষয়াবলীর পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নববী উত্তরাধিকার।"

আল্লামা ইবনে খালদুন রাহিমাহুল্লাহ লিখেছেন,

"فهى فى الحقيقة خلافة عن صاحب الشرع فى حراسة الدين وسياسة الدنيا به[২]"

"বাস্তবিক পক্ষে খিলাফত হলো দীনের সংরক্ষন এবং এর দ্বারা দুনিয়াবী বিষয়াদীর পরিচালনা ও সঞ্চালনার ক্ষেত্রে "সাহেবে শরীয়ত" তথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতিনিধিত্ব ও অন্তরঙ্গতার নাম।"

ইমাম ইবনে হাযাম রাহিমাহুল্লাহ বলেছেন,

"ان الامة واجب عليها الانقياد لامام عادل يقيم فيهم احكام الله ويسوسهم باحكام الشريعة التى اتىٰ بها رسول الله"[৩]-

"যে ন্যায়পরায়ণ শাসক জনতার মাঝে আল্লাহর হুকুম আহকাম প্রতিষ্ঠিত করেন। এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরিয়তের বিধি বিধান বাস্তবায়িত করেন তার আনুগত্য করা উম্মতের উপর ফরজ।"

শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রাহিমাহুল্লাহ বলেন,

"الخلافة هى الرياسة العامة فى التصدى لاقامة الدين باحياء العلوم الدينية واقامةاركان الاسلام والقيام بالجهاد وما يتعلق به من ترتيب

١- الاحكام السلطانية.

٢- مقدمة ابن خلدون.

٣- غياثى ص:١٨٣.

الجيوش والفرض للمقاتله واعطاهم من الفئ والقيام بالقضاء واقامة الحدود ورفع المظالم والامر بالمعروف والنهى عن المنكر نيابة عن النبي ﷺ"[১]

"খিলাফত হলো এমন গুরুদায়িত্ব, যেটা দীনের প্রতিষ্ঠার জন্য নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতিনিধিত্ব করে। আর দীন প্রতিষ্ঠিত হয় ধর্মীয় শিক্ষার সঞ্জীবন, ইসলামের রুকন সমূহের বাস্তবায়ণ এবং জিহাদ ও জিহাদ সংশ্লিষ্ট বিষয়াদিকে কয়েম করার দ্বারা, যেমন সেনাবাহিনী গঠন করা, মুজাহিদীনদের বেতনভাতা প্রদান করা, মালে গনীমতের সুষমবন্টন, ন্যায়বিচারের প্রতিষ্ঠা, শরয়ী বিধানের প্রচলণ, জুলুম অত্যাচারকে বিদূরিদ করা। এবং সৎকাজে আদেশ ও নিষিদ্ধ কাজে বাধা প্রদান করা।"

একটু ভাবুন! ফুকাহায়ে কেরামের উল্লেখিত বাণীমালায় একবার দৃষ্টি বুলান তো! ইসলাম কি কখনো এই বিষয়ের অনুমতি দেয় যে, রাসূলে খোদার প্রতিনিধিত্ব করেবে এমন ব্যক্তি, যে জুলুম অত্যাচারে সীমালঙ্ঘন করেছে? বরং কিছু ক্ষেত্রে কুফুর এবং ইরতিদাদের রাজ্যে বসত গেড়েছে!! কিন্তু তথাপিও কি এমন ব্যক্তির প্রতিনিধিত্ব ও কর্তৃত্বকে ("تسليم") তথা মেনে নেওয়ার এবং তার বিচার বিধানকে ("نافذالعمل") অর্থাৎ "বাস্তবায়ন যোগ্য "এর স্বীকৃতি দেওয়ার সবক শোনানো হবে? কতোদিন চলবে এমন??

পৃথিবীর শান্তি শৃঙ্খলা খিলাফত দ্বারা আবর্তিত হয়

কোনো রাজ্য যখন শরীয়তের উক্ত মানদণ্ডে পরিচালিত হয় তখন সেটাকে খেলফত রাষ্ট্র বলা হবে। আর কোনো শাসক উপরিউক্ত গুনাবলীর আলোকে রাজ্য শাসন করলে তিনি "ইমামে আদেল"

---

১. ازالة الخفاء عن الخلافة الخلفاء،ج:١،ص:١٧.

উপাধীতে অলংকৃত হবেন। এমন সুসময়ের প্রতি ইঙ্গিত করেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন,

وعن ابن عباس رضى الله عنهما قال قال رسول الله ﷺ يوم من امام عادل افضل من عبادة ستين سنة وحد يقام فى الارض بحقه ازكى فيها من مطر اربعين عاما[১]

“হযরত ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিতঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ন্যায়পরায়ণ শাসকের একটি দিন ষাট বছরের ইবাদত অপেক্ষা অধিক উত্তম, আর পৃথিবীতে একটি “হদের” প্রতিষ্ঠা লাভ চল্লিশ বছরের বৃষ্টির তুলনায় বেশি শান্তির বাহক।”

আজ যখন ন্যায়পরায়ণ ইমামের পরিবর্তে কাফের নেতাদের একচ্ছত্র আধিপত্য, যমীনে খোদায়ী বিধানের বিপরিতে মানবরচিত কুফুরী মতবাদের আগ্রাসন, যার বিষবাষ্পে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে খুন-গুম, জুলুম-অত্যাচার আর ধ্বংস ও বরবাদীর মহা প্রলয়ংকরী ঝড়। এতদসত্ত্বেও কি আমরা সর্বনাশা উক্ত মতবাদকে মেনে নিবো? কুফুরী এই সংবিধানের গলায় ঝুলিয়ে দিবো মহা পবিত্রতার স্বীকৃতি??

খলীফার অধীনতা ছাড়া মৃত্যুবরণ; সেটা তো জাহিলিয়াতের মৃত্যু!

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

(من مات وليس فى عنقه بيعة مات ميتة جاهلية[২])

১- الطبرانى فى الكبير والاوسط، مجمع الزوائد ج:٥ص:١٩٧، وفيه سعد ابو غيلان الشيبانى ولم اعرفه وبقية رجاله ثقات

২- صحيح مسلم، كتاب الامارة.

"যে ব্যক্তি মৃত্যুবরণ করলো অথচ তার ঘাড়ে কোনো খলীফার বাইয়াত নেই সে জাহিলিয়াতের মৃত্যুবরণ করলো।"

ভিন্ন হাদীসে ইরশাদ হয়েছে,

((من مات وليس عليه امام مات ميتة جاهلية[১]))

"যে ব্যক্তি কোনো খলীফার অধীনতা ছাড়া মৃত্যুবরণ করলো সে জাহিলিয়াতের মৃত্যু গ্রহণ করলো।"

এই সমস্ত হাদীসসমূহ দ্বারা এই কথা সুর্যপষ্ট হয়ে যায় যে, নবী মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোনো খলীফার হাতে বাইয়াত গ্রহণ করাকে ফরজ সাব্যস্ত করেছেন। আর কোনো খলীফার হাতে বাইয়াত গ্রহণ খলীফা নিযুক্তি ছাড়া সম্ভব নয়। তাই খলীফা নিয়োগ করা মুসলমানদের উপর একটি ফরজ দায়িত্ব।

ইমাম নববী রাহিমাহুল্লাহ এই হাদীসের ব্যাখ্যায় লিখেন,

اى علم صفت موتهم من حيث هم فرضى لا امام لهم[2]

অর্থাৎ, "কাফেরদের মৃত্যুর মতোই তারা মৃত্যুবরন করলো। যেহেতু তারা কোনো ইমামের অধীনতা ব্যতীত মৃত্যুবরণ করেছে আর কাফেরদেরও কোনো ইমাম থাকেনা।"

উল্লেখিত হাদীসসমূহের দীপশিখায় এই তিক্ত বাস্তবতা আমাদের মেনে নিতে হচ্ছে যে, মুসলমানদের একটি বিরাট দল ব্যক্তিগতভাবে তারা যতোই সৎ হোন না কেনো নিদেনপক্ষে জাহিলিয়াতে দূষিত হয়ে এই পৃথিবীকে তারা বিদায় বলছেন।

كتاب السنة ؛ج:٢،ص:٥٠٣.

شرح النووى للصحيح المسلم ،كتاب الامارة باب وجوب ملازمة جماعة المسلمين

তবুও কি আমরা (مجبوری) -এর বাহানা পরে এই সমস্ত অবস্থাকে বিনীত মস্তকে মেনে নিয়ে জাহিলিয়্যাতের মৃত্যু বরণ করতেই থাকবো? কবে হবে আমাদের বোধোদয়?

আমীর ব্যতীত সফরও বৈধ না

সদস্য সংখ্যা যতো কম-ই হোক না কেনো সফরকালীন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একজনকে আমীর নিযুক্ত করা আবশ্যক ঘোষণা করছেন। ইরশাদ হয়েছে,

((اذا خرج ثلا ثة فی سفر فلیئو مروا احدهم))[১]

"তিনজন ব্যক্তি যখন সফরে বের হয় তখন তারা যেনো তাদের মধ্যকার একজনকে আমীর নিয়োগ করে।"

অন্য হাদীসে বলেন,

لا یحل لثلا ثة یکونون بفلاة من الارض الا امروا علیهم احدهم[২]

"নির্জন প্রান্তরে (সফর) তিনজন ব্যক্তির চলা বৈধ না, তবে যদি তারা নিজেদের একজনকে আমীর নিযুক্ত করে (তাহলে বৈধ)।"

এই জন্য সমস্ত মুসলমানদের জন্য একজন আমীর বা খলিফা নিযুক্ত করা সর্বোত্তম ভাবে ফরজ।

ইমাম ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ উপরিউক্ত হাদিসসমূহের ব্যাখ্যায় লিখেন,

"فقد اوجب صلوات الله وسلامه علیه وعلی آله تأمر الواحد فی الاجتماع القلیل العارض فی السفرمنبهاًبذلک علیٰ سائر انواع

---

১. سنن ابی داود کتاب الجهاد باب۸۷.

২. سنن ابی داود کتاب الجهاد باب۸۷.

الاجتماع..............فاذا وجب فى اقل الجماعات واقصر الاجتماعات ان يولى احدهم كان هذا تنبيهاً على وجوب ذالك فيما هواكثر من ذلک"[১].

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অল্প জনসম্মেলন, যেটা সফরকালীন ঘটে; তার মধ্যে একজন আমীর নিযুক্ত করা আবশ্যক সাব্যস্ত করে জনসমাবেশের সমস্ত প্রকারের উপর সতর্ক করেছেন। যখন ছোট জামাত এবং অতিক্ষুদ্র সামবেশেও আমীর নিযুক্ত করা ওয়াজিব, তখন এটা তো এর থেকেও বড় জনসমাবেশ আমীর নিযুক্ত করণের আবশ্যকিয়তার দিকে ইঙ্গিত করে।"

চিন্তাচ্ছন্ন হওয়ার বিষয়– যেখানে তিনজন ব্যক্তির সফরে পথচলার জন্য একজন আমীর নিযুক্ত করা ব্যাতীত বের হওয়া বৈধ নয়, সেখানে সমস্ত উম্মতের সম্মিলিত এবং সার্বিক কাজকর্ম ও জীবনব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একজন খলীফা না থাকা কতোকাল (مجبورى) হিসাবে গ্রহন করা হবে? مجبورى -এর দোহায় দিয়ে আর কত দিন চলবে মহাগুরুত্বপূর্ণ এই ফরজ থেকে মুখ ফিরিয়ে নেওয়া??

ওয়াজিব বিধানের ভূমিকা/পূর্বশর্তও ওয়াজিব হয়

আইনজ্ঞ আলেমদের একটি শরয়ী মৌলিক নীতি আছে। শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলভীর ভাষায় তা হলো,

"مقدمة الواجب واجبة"[২]

অর্থাৎ "কোনো ওয়াজিব বিধানের ভূমিকাও ওয়াজিব হয়।"

১- السياسة الشرعية،ص:١٦١.

٢- ازالة الخفاء عن الخلافة الخلفاء ،ج:١،ص:٢٢٨.

এই বিষয়টিকেই ইমাম ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ নিম্নোক্ত শব্দে ব্যক্ত করেছেন,

مَالَا يَتِمُّ الْوَاجِبُ اِلَّا بِهٖ فَهُوَ وَاجِبٌ

"কোনো ওয়াজিব বিধানের পূর্ণতা যার উপর নির্ভরশীল থাকে সেটাও ওয়াজিব হয়ে যায়।"

সুতরাং আল্লামা তাফতাযানী রাহিমাহুল্লাহ বলেছেন,

"ان الشارع امر باقامة الحدود وسد الثغور وتجهيزالجيوش للجهاد وكثير من الامور المتعلقة بحفظ النظام وحماية بيضة الاسلام مما لايتم الا بالامام وما لا يتم الواجب المطلق الا به وكان مقدورا فهو واجب"[১]-

"শরীয়ত প্রবর্তক যমীনে আল্লাহর হদ প্রতিষ্ঠিত করা, সীমান্ত রক্ষা, জিহাদের জন্য সেনাবহর প্রস্তুত করা এবং প্রভৃত এমন অনেক কাজের নির্দেশ প্রদান করেছেন; যেগুলি শৃঙ্খলা এবং ইসলামী ভূখণ্ডের সংরক্ষণের সাথে সম্পর্কিত। কোনো খলীফার অধীন ছাড়া এগুলো পালন করা কখনোই সম্ভব নয়। আর কোনো ফরজ বিধান যে জিনিস ব্যাতীত সম্ভব হতে পারে না, তখন উক্ত জিনিসটাও ফরজ হয়ে যায়।"

---

১. شرح المقاصد؛ج:٥؛ص:٢٣٦.

খিলাফতের আবশ্যকিয়তা

কী বলেন সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুম?

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর তিরোধানের পরে সিদ্দিকে আকবর রাযিয়াল্লাহু আনহু উপস্থিত সাহাবাদের মাঝে ঐতিহাসিক একটি ভাষণ দিয়েছিলেন। ভাষণের এক পর্যায়ে তিনি বলেছিলেন,

"الا انّ محمد قد مات ولا بدّ لهذا الدين ممن يقوم به"[১]

"শুনে রেখো! মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যুবরণ করেছেন। এখন দ্বীনের জন্য এমন একজন ব্যক্তির (খলিফার) আবশ্যক, যার দ্বারা এই দ্বীন প্রতিষ্ঠিত হবে।"

হযরত আবু বকর রাযিয়াল্লাহু আনহু لا بدّ-শব্দ ব্যবহার করেছেন বংলায় যার অর্থ হলো "যেট না হলেই না।" তার ব্যবহারিত এই শব্দটি-ই খিলাফতের ফরজিয়্যাতের দিকে ইঙ্গিত করে। শ্রোতা সাহাবিদের একজনও এই মূলনীতির বিরোধিতা করেননি। তাদের এই চুপ থাকাই ইজমা এর প্রতিরূপ। আর এর উপর আহলুস সুন্নাত ওয়াল জামাআতের ধারাবাহিক ইজমা সংঘটিত হয়ে আসছে।

ইমাম আহমদ বিন হাজার আল হাইসেমী রাহিমাহুল্লাহ বলেন,

"اعلم ايضاً ان الصحابة اجمعوا على ان نصب الامام بعد انقراض زمن النبوة واجب بل جعلوها اهم الواجبات حيث اشتغلوا به عن دفن رسول اللهﷺ"[২]

১- مواقف.الرابع بحواله اسلام كا سياسى نظام

২- الصواعق المحرقة؛ص٧.

"এটাও জেনে রেখো! নবুয়াতী যুগের সমাপ্তির পরে সাহাবীদের মাঝে খলীফা নিয়োগের আবশ্যকিয়তার উপর ইজমা সংঘটিত হয়েছিলো। বরং তার একে ফরজ জ্ঞান করেছিলেন। এমনকি এই ফরজ পালনার্থে তারা রাসূলের দাফনকে পর্যন্ত বিলম্বিত করেছিলেন।"

আল্লামা আলাউদ্দীন হানাফী রাহিমাহুল্লাহ বলেছেন,

"ونصبه اهم الواجبات فلذا قدموه على دفن صاحب المعجزات"[১]۔

"খলীফা নিযুক্তি বড় ফরজগুলোর অন্যতম।এইজন্যই সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুম এটাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দাফনের উপর প্রাধান্য দিয়েছিলেন।"

ভাবার বিষয়- আমরা কি এই ফরজ পালনের পরিবর্তে (مجبورى)-এর অবস্থার দোহায় দিয়ে মহাগুরুত্বপূর্ণ একটি ফরজে আইন থেকে মূখ ফিরিয়ে নিয়ে গুনাহে কাবিরার ভাগিদার হচ্ছিনা?

খলীফা নিয়োগের ফরযিয়্যাত ইজমা দ্বারা সাব্যস্ত

মোল্লা আলী কারী রাহিমাহুল্লাহ (شرح الفقه الاكبر)-গ্রন্থে উল্লেখ করেছেন,

"فقد اجمعوا على وجوب نصب الامام"[২]۔

"সকল ইমামের ঐকমত্যে খলীফা নিযুক্তিকরণ আবশ্যক।"

আল্লামা তাফতাযানী রাহিমাহুল্লাহ বলেন,

"وقد ذكر فى كتبنا الفقهية انه لابد للامة من امام يحي الدين وقيم السنة وينتصف للمظلومين ويستوفى فى الحقوق ويضعها مواضعها"[১]۔

١۔ درمختار برحاشية الشامى ،ج:١،ص:٥١١.

٢۔ شرح الفقه الاكبر،ص:١٤٦.

“আমাদের ফিকহী গ্রন্থগুলোতে এই কথার উল্লেখ আছে যে, উম্মতের জন্য এমন একজন ইমামের উপস্থিতি আবশ্যক, যিনি দ্বীনকে জীবিত করবেন। সুন্নতে রাসূলকে জনসমাজে স্থাপন করবেন। পীড়িত ব্যক্তিকে সুবিচার দিবেন এবং হকসমূহ তার প্রাপককে পৌছে দিবেন।”

ইমাম কুরতুবী রাহিমাহুল্লাহ (انی جاعل فی الارض خلیفة)আয়াতের ব্যখ্যায় লিখেছেন,

”هذه الاية اصل فی نصب امام وخلیفة یسمع له ویطاع لتجتمع به الحكم وتنفذبه احكام الخليفة ولايخاف فی وجوب ذلک بین الامة ولا بين الأئمة“-

“এই আয়াত খলীফা নিয়োগের ফরজিয়্যাতের বিষয়ে সুস্পষ্ট দলীলের ভূমিকা রাখে। উক্ত আয়াতের দাবী হলো-মানুষের জন্য এমন একজন ইমাম আবশ্যাক, যার কথা এবং নির্দেশ মান্য করা হয়। যাতে খলীফার হুকুম আহকাম তার দ্বারা বাস্তবায়ীত হয়। উম্মত এবং ফকীহ কারোর মাঝেই খলীফা নিয়োগের অবশ্যকিয়তার বিষয়ে কোনো মতভেদ নেই।”

যে শাসক দ্বীনকে জীবিত করার পরিবর্তে প্রকাশ্যে গলা টিপে তাকে হত্যা করে। সুন্নতে রাসূলকে প্রতিষ্ঠিত না করে তা ঠাট্টা এবং উপহাসের পাত্র বানায়। মাজলুমকে সুবিচার দানের বিপরিতে নিজেই তার উপর জুলুমের পাহাড়া চাপায়। অধীকার সমূহ রক্ষা না করে বরং নিজেই ভক্ষক সাজে। বিনা প্রতিরোধে এমন শাসকের ক্ষমতাকে কি তবুও আমরা মেনে নিতেই থাকবো?

---

١. شرح المقاصد؛ ج:٥،ص:٢٣٥.

٢. الجامع لاحكام القرآن؛ج:١،ص:٢٥١.

তিন দিনের বেশি খলীফা বিহীন থাকা বৈধ নয়

আততায়ীর ছুরিকাঘাতে হযরত ওমর রাযিয়াল্লাহু আনহু মরণাত্মক আহত হওয়ার পরে নিজের উত্তরসূরি খলীফা নির্বাচনের জন্য ছয় সদস্য বিশিষ্ট একটি শুরা গঠন করেছিলেন, আর তাদেরকে বলেছিলেন,

"فاذا مت فتشاورا ثلا ثة ايام ولا ياتين اليوم الرابع الا وعليكم امير منكم"[১]۔

"আমি পরলোকগত হওয়ার তিন দিন পর্যন্ত তোমরা পরামর্শ করবে। কিন্তু চতুর্থ দিন তোমাদের উপর যেনো আমীর বিহিন না আসে।"

ইমাম ইবনে হাযাম রহ. বলেন,

"ولا يجوذ التردد بعد موت الامام فى اختيار الامام اكثر من ثلاث"[২]۔

"একজন খলীফার মৃত্যুর পরে পরবর্তী খলীফা নির্বাচনের ক্ষেত্রে তিন দিনের বেশি বিলম্ব করা বৈধ নয়।"

কাযী আবু ইয়ালা রাহিমাহুল্লাহ বলেন,

"فلولا ان الامامة واجبة لما ساغت تلك المحاورة والمناظرة عليها"[৩]

"যদি খলীফা নিয়োগ ফরজ না হতো তাহলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দাফনের পূর্বে বনু সা'দার বেঠকখানায় এ বিষয়ে সাহাবাদের মাঝে কোনো বিতর্ক সৃষ্টি হতোনা।"

---

١. تاريخ الطبرى بحواله الامامة العظمٰى.

٢. المحلى لابن حزم؛ج:١،ص:٣٥.

٣. الاحكام السلطانية لابن ابى يعلى ،ص:٣.

দীর্ঘ একটি কাল জুড়ে জাতি একজন ন্যায়পরায়ণ শাসক থেকে বঞ্চিত। খিলাফতের নামে যতোটুকু নিয়ামতই বা পৃথিবীতে ছিলো সেটুকুও আজ যমিনে পুতে ফেলা হয়েছে। সুতরাং একটি খেলাফত রাষ্ট্রের উদ্ভবের জন্য আর কতোদিন যাবত আমরা মুসলমানদের ঘাড়ে চেপে বসা তাগুত সরকারদের "তাওফিক" তথা বোধোদয়ের অপেক্ষায় প্রহর গুনবো?

হজ্ব এবং ঈদের নামায খেলাফতের সাথে শর্তযুক্ত

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ বলেন,

"ولان الله تعالى اوجب الامر بالمعروف والنهى عن المنكر ولا يتم ذلك الا بقوة وامارة وكذلك سائر ما اوجبه من الجهاد والعدل واقامة الحج والجمع والاعياد ونصر المظلوم واقامة الحدود لا تتم الا بالقوة والامارة"[১]-

"আল্লাহ তায়ালা ভালো কাজে আদেশ এবং নিষিদ্ধ কাজে বাধা প্রদানকে ওয়াজিব সাব্যস্ত করেছেন। আর এই বিধান পালন ক্ষমতা ও রাষ্ট্র ব্যাতিত পরিপূর্ণ হয়না। এমনি ভাবে যে সমস্ত আহকাম আল্লাহ তায়ালা ওয়াজিব করেছেন- আর্থাৎ জিহাদ, ন্যায় বিচার স্থাপন, হজ্ব এবং জুমআ' ও ঈদের নামায পালন, নিপীড়িত ব্যক্তিকে সাহায্য এবং আল্লাহর হুদুদ সমূহ বাস্তবায়ন; এগুলোর কোনোটাই ক্ষমতা ও রাষ্ট্র ব্যাতীত সম্পূর্ণ হয়না, হবেনা।"

---

[১] مجموعة فتاوى ابن تيمية ،ج:٢٨،ص:٣٩٠.

ইমাম নাসাফী রাহিমাহুল্লাহ বর্ণনা করেন,

"والمسلمون لابد لهم من امام يقوم بتنفيذ احكامهم واقامة حدودهم وسد ثغورهم وتجهيز جيوشهم واخذ صدقا تهم وقهر المتغلبة والمتلصصة وقطاع الطريق واقامة الجمعة والاعياد"[১].

"মুসলমানদের জন্য একজন ইমামের অস্তিত্ব অবশ্যম্ভবী। যিনি শরিয়তের বিধিবিধান বাস্তবায়িত করবেন। হদসমূহ প্রতিষ্ঠিত করবেন। সীমান্তা রক্ষা করবেন। মুজাহিদ বহিনী প্রস্তুত করবেন। যাকাত আদায় করবেন। চোর ডাকাত এবং ফ্যাসিবাদীদেরকে নির্মূল করবেন। জুমআ ও ঈদের নামায কায়েম করবেন।"

খেলাফত প্রতিষ্ঠা এমন একটা ফরজ, যা আদায় না করলে ফুকাহাদের দৃষ্টিতে হজ্ব এবং জুমাআ' ও ঈদের নামায অনর্থক। বিফল। এগুলোর আদায় এই মহা গুরুত্বপূর্ণ ফরজের আদায়ের সাথে শর্তযুক্ত। যেহেতু ফুকাহায়ে কেরাম জুমআর নামায শুদ্ধ হওয়ার জন্য (مصر)-তথা শহরের শর্ত করেছেন। আর শহরের সংজ্ঞাটা এমনঃ

المصر وهو كل موضع له أمير وقاض ينفذ الاحكام ويقيم الحدود[২]

"শহর এমন স্থানকে বলা হয়, যেখানে মুসলমানদের এমন কোনো শাসনকর্তা অথবা বিচারক থাকেন যিনি ইসলামী বিধান ও হদ কিসাস মানুষের মাঝে বাস্তবায়িত করেন।"

কুফুর এবং ইরতিদাদে লিপ্ত হওয়া শাসকদের কুফুরী কনুনের সামনে "তাসলিম" তথা আত্মসমর্পণ করার পরেও কি আল্লাহ সুবাহানহু তায়ালা আমাদের জুমআ ও ঈদের নামায এবং ধারাবাহিক হজ্ব পালন

---

১. شرح العقائد النسفية ١٠٣-شامى ،ج:٢،ص:٢٨٠.

٢. بحرالرائق صفحه ١٤٠،ج٢.

গ্রহণ করবেন? নাকি এগুলো আমাদের মুখেই আবার গোল করে ছুড়ে ফেলা হবে?

খেলাফত প্রতিষ্ঠা ফরজে কিফায়া

শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রাহিমাহুল্লাহ বলেন,

"واجب بالكفاية است بر مسلمين الى يوم القيامة نصب خليفة مستجمع شرائط"[১]।

"কিয়ামত অবধি মুসলমানদের উপর খেলাফতের শর্তমন্ডিত একজন খলিফা নিয়োগ করা ফরজে কিফায়া।"

ফুকাহায়ে কেরামের নিকট খেলাফত প্রতিষ্ঠা প্রাথমিক ভাবে (فرض كفايه)। তবে যদি নির্ধারিত সময়ের (৩ দিন) মধ্যেই এটা পালন না করা হয় তখন এটা (فرض عين) হয়ে দাঁড়ায়। যেমন জিহাদ যদি যথেষ্ট পরিমান কিছু ব্যক্তি আদায় করেন তখন অবশিষ্ট মুসলমানদের থেকে এর ফরজিয়্যাত রহিত হয়ে যায়। কিন্তু যদি কোনো ব্যক্তিও এটা পালন না করেন তখন সমস্ত মুসলমানই গুনাহগার হন।

ক্বাজী আবু ইয়া'লা রাহিমাহুল্লাহ বলেন,

"وهى فرض على الكفاية"

"খেলাফত প্রতিষ্ঠা ফরজে কেফায়া।"

ইমাম মাওয়ারদী রাহিমাহুল্লাহ বলেন,

"فاذا ثبت وجوبها ففرضها على الكفاية كالجهاد وطلب العلم"[১]

---

১. ازالة الخفاء عن الخلافة الخلفاء ،ص:3.

২. الاحكام السلطانية لابن ابى يعلى ،ص:3.

"যখন খিলাফতের আবশ্যকীয়তা সাব্যস্ত হলো তখন এটা জিহাদ এবং ইলম অর্জনের মতোই ফরজে কিফায়া হয়ে গিয়েছে।"

ইমাম নববী রাহিমাহুল্লাহ বলেন,

"تولى الامامة فرض كفاية"[2].

"ইমামতের দায়িত্ব পালন করা ফরজে কিফায়া।"

আইনজ্ঞ আলেমদের ঐক্যবদ্ধ একটি নীতি হলো, ফরজে কিফায়া যদি নির্দিষ্ট সময়ের মধ্যে পালন না করা হয় তখন সেটা ফরজে আইন সাব্যস্ত হয়ে যায়।

যেহেতু খেলাফত প্রতিষ্ঠা প্রাথমিক পর্যায়ে ফরজে কিফায়া। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে এর যোগ্য কিছু ব্যক্তি যদি এটা পালন না করেন তখন এটা (فرض عين) হয়ে যাবে। যেমন জিহাদ প্রাথমিক ধাপে (فرض كفاية)। কিন্তু যদি নির্দিষ্ট সময়ের মধ্যে কেউ এটা পালন না করেন তখন জিহাদ ফরজে আইন হয়ে যায়। যতোক্ষণ পর্যন্ত কেউ জিহাদ আদায় না করবেন ততোক্ষণ সকলে-ই গুনাহের অংশীদার হতে থাকবেন। অনুরূপ ভাবে জানযার নামায ফরজে কিফায়া। তবে ধরাবাঁধা সময়ের মধ্যে আদায় না করলে এটা সমস্ত মুসলমানের উপরই ফরজ আইন হয়ে যায়। এবং সকলেই গুনাহগার হতে থাকেন।

ইমামুল হারমাইন (র.) বলেন,

"ولو فرض تعطيل فرض من فروض الكفايات لعم الماء ثم علی الكفاية علی اختلاف الرتب والدرجات.ثم ما يقضی عليه بانه من فروض الكفايات قديتغين علی بعض الناس فی بعض الاوقات".

---

١. الاحكام السلطانية للماوردی،ص:٦.

٢. روضة الطالبين بحواله الامامة العظمٰی.

"যদি ফরজে কিফায়ার মধ্যে কোনো ফরজই ছেড়ে দেওয়া হয় তখন সমস্ত মুসলমানই উপযুক্ত গুনাহের ভাগিদার হবেন। ফরজে কিফায়া কিছু মুহূর্তে কিছু ব্যক্তির উপর ফরজে আইন হয়ে যায়।"

ইসলামী খিলাফতের বিলুপ্তির কারণে আজ সমগ্র বিশ্বেই ইসলামী বিচার অকেজো হয়ে পড়েছে! জিহাদের বিধান আজ এলোমেলো। মুসলিমরা কেন্দ্রশূন্য। ইসলামী বিশ্ব ক্ষুদ্র ক্ষুদ্র ভূখণ্ডে বিভক্ত। কুফুরী শক্তির চৈন্তিক, রাজনৈতিক, সামরিক ও অর্থনৈতিক আগ্রাসনে অক্ষম মুসলমানরা আজ পৃথিবীর প্রান্তে প্রান্তে লাঞ্ছিত। রক্তাক্ত ও বিক্ষত। তবুও কি এখনো উম্মতে মুসলিমার উপর খেলাফত প্রতিষ্ঠা গুরু এবং মহা ফরজ হিসেবে স্বীকৃতি পাবে না??

খেলাফত প্রতিষ্ঠা দ্বীনের গুরুত্বপূর্ণ রুকন এবং ফরজি বিষয়

ইমাম কুরতুবী রাহিমাহুল্লাহ এর নিকট খেলাফত প্রতিষ্ঠা দ্বীনের মূল ভিত্তির একটি।

তিনি বলেন,

"انها ركن من اركان الدين الذى به قوام المسلمين"[١] -

"খিলাফত প্রতিষ্ঠা দ্বীনের মূলভিত্তির অন্তর্গত। যার মাধ্যমে মুসলমানদের সামাজিক জীবন ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালিত হয়।"

ইমাম ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ খেলাফত প্রতিষ্ঠাকে দ্বীনের ফরজ বিধানাবলীর সবচে বড় ফরজ হিসাবে আখ্যা দিয়ে বলেন,

"يجب ان يعرف ان ولاية امر الناس من اعظم واجبات الدين بل لاقيام للدين ولا الدنيا الا بها"[٢] -

---

١. الجامع لاحكام القرآن، ج:١، ص:٢٥٢.

"এটা জেনে রাখা আবশ্যক যে, মানুষের সামগ্রিক ব্যবস্থাপনার জন্য খিলাফত ইসলাম ধর্মের মহোত্তম ফরজ গুলোর অন্যতম। বরং দ্বীন ও দুনিয়াবী বিষয়াদির পরিচালনা এটা ব্যতীত সম্ভব-ই না।"

ধরুনঃ আজ যদি কেউ বলে যে নামায প্রতিষ্ঠার দ্বারা মুসলমানদের মাঝে বড় ধরনের হত্যা লুটপাট এবং সাংঘাতিক বিপর্যয়ের শংকা আছে। সুতরাং(مجبوری) অবস্থায় যতোদিন পর্যন্ত মানুষের অটোমেটিক (توفيق)তথা ক্ষমতা না হবে ততোদিন নামাযকে বন্ধ এবং বিলুপ্ত রাখা হবে। মানুষেরা সবকিছু ছেড়ে শুধুমাত্র ব্যক্তিগত যিকির, আযকার ও আত্মশুদ্ধিতে মনোনিবেশ করবে। শরীয়তের দৃষ্টিতে এই কথাতো কষ্মিনকালেও গ্রহণযোগ্য হবেনা। খেলাফত প্রতিষ্ঠার বিষয়টা ঠিক এমনই। ফুকাহাদের দৃষ্টিতে এটা বড়ো মানের একটা ফরজ। নামাজের পূর্ণাঙ্গ প্রতিষ্ঠাও এর উপর নির্ভরশীল। কিভাবে তাহলে এই ধোকাপূর্ণ কথাকে মেনে নেওয়া যায় যে, যতোদিন পর্যন্ত মুসলমানদের ঘাড়ে বসা মুরতাদ শাসকদের আপনা আপনি-ই খেলাফত প্রতিষ্ঠার তাওফিক না হবে ততোদিন (مجبوری) অবস্থার বিবেচনায় তাদের বানানো কুফুরি বিধি বিধানকে মেনে নিয়ে ভংয়কর রক্তপাত এবং বিশৃঙ্খলা থেকে মুসলিম জাতিকে হেফাজত করতে হবে। ভিন্ন কোনো গতির অবকাশ নেই এখানে। এমন অসার কথা বার্তাকারীদের দিকে তীর ছুড়েই শায়েখ আবু মুহাম্মদ আসেম আল মাকদিসি (হাফি.) নিজ গ্রন্থে লিখেছেন, আল্লাহ তায়ালার আদেশ হলো,

وَ قَدْ أُمِرُوْآ أَنْ يَّكْفُرُوْا بِه

অর্থাৎ "তাগুতদের অস্বীকার করতে তাদেরকে নির্দেশ দেওয়া হয়েছে।"

১ السياسة الشرعية،ص:١٦١.

٢. [النساء:٦٦.]

অথচ, আল্লাহর উক্ত হুকুমকে মানার পরিবর্তে তারা তাগুদের সঙ্গ দিচ্ছে। তাদেরকে হেফাযত এবং সাহায্য করছে। তাদের বশ্যতা স্বীকার করে নিয়েছে। এবং তাগুতী ও কুফরী মতবাদের অনুসরণ করছে। এইজন্য এদের নামায রোযা এবং অন্যান্য আমল কোনটাই গ্রহণ যোগ্য হবে না; যতোদিন না তারা আমল কবুলের শর্তসমূহকে পূর্ণ না করবে।

বিষয়টি উপমা এই ভাবে দেওয়া যায় যে, তাগুতের এই সাহায্যকারীদল যদি ওজু ব্যতীত নামায পড়ে তাহলে কি এদের নামায আল্লাহর দরবারে গ্রহণীয় হবে। নাকি প্রত্যাখ্যাত হয়ে নামাযকে এদের মুখের উপরই ছুঁড়ে ফেলা হবে? বিনাবাক্য ব্যায়ে প্রত্যেক ব্যক্তিই বলবে এদের নামায গ্রহণযোগ্য নয়। কারণ ওজু ছাড়া পঠিত নামায বাতিল ও প্রত্যাখ্যানযোগ্য। তো এভাবেই এই বিষয়ের ও চিন্তা করা উচিত। যখন অপবিত্রতা নামাযকে বাতিল করে দেয়। যেহেতু পবিত্রতা নামাযের শর্ত; তাহলে একত্ববাদের স্বীকৃতি এবং তাগুতকে প্রত্যাখ্যান তো আমল কবুলের সবচে বড় শর্ত। যা জানা ও মানা মানুষের উপর আল্লাহ তায়ালা নামায ও তার শর্তসমূহ অবগত করানোর পূর্বেই ওয়াযিব করে দিয়েছেন। এটাতো এমন শর্ত যেটাকে আল্লাহ তায়ালার সাহাবাদের উপর মক্কি জীবনেই নামায এবং অন্যান্য বিধান ফরজ করার পূর্বেই ফরজ সাব্যস্ত করেছেন।

যে হযরতগণ খেলাফত প্রতিষ্ঠার জন্য জিহাদকে মুসলমানদের মাঝে নিজস্ব চিন্তাপ্রসূত বুঝ অনুযায়ী হত্যা, লুণ্ঠন এবং ভয়াল বিপর্যয় দ্বারা ব্যক্ত করেন। এবং এই দৃষ্টিভঙ্গিতে তারা খেলাফত প্রতিষ্ঠাকে বিলম্বিত, স্থগিত রাখেন, তাদের জন্য শুধুমাত্র একটি উপমাই যথেষ্ঠ; তা হলো যাকাত অস্বীকারকারীদের সঙ্গে যাকাত প্রতিষ্ঠার ব্যাপারে হযরত আবু বকরের জিহাদ। যারা তো স্বয়ং যাকাতকে অস্বীকার করেছিলো না বরং খলীফার কাছে যাকাত প্রদান থেকে কেবল বিরত ছিলো। এই প্রতিপাদ্যে যখন হযরত আবু বকর ছিদ্দিক রাযিয়াল্লাহু

আনহু সাহাবাদের থেকে পরামর্শ চেয়ে ছিলেন, হযরত ওমরের বক্তব্য তখন এমন ছিল--

"ওগো খলিফায়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমার মতামত তো হলো আরববাসিরা যে এই সময়ে নামায পড়ছে এটাকেই আপনি মহামূল্যবান জ্ঞান করুন। যাকাত অনাদায়ের ক্ষেত্রে কোনো অবস্থায়-ই তাদের সঙ্গে যুদ্ধে না জড়ানো ভালো। সদ্যই এরা ইসলামে প্রবেশ করেছে। এক দিন আস্তে আস্তে ইসলামী বিধানের কাছে নীত হয়ে এরা সত্যিকারের মুসলিম হয়ে যাবে। আল্লাহ তায়ালা যখন ইসলামকে শক্তিশালী করবেন তখন এদের মোকবেলায় আমার দাঁড়িয়ে যেতে পারবো। তবে এই মুহূর্তে মুহাজির ও আনাসারদের মাঝে গোটা আরব অনারবের বিরুদ্ধে যুদ্ধের সামর্থ নেই।"

হযরত ওমর রাযিয়াল্লাহু আনহু এর মতামত শোনার পরে হযরত আবুবকর রাযিয়াল্লাহু আনহু হযরত উসমান এবং আলীর মতামত জানতে চাইলেন। তারা উভয়েই নিরেট হযরত ওমরের মতকেই শক্তি যোগালেন। এরপর মুহাজির ও আনসারগণের সকলেই এই মতের সমর্থনে একমুখো হয়ে গেলেন। হযরত ওমর রাযিয়াল্লাহু আনহু এর এই মত সিদ্দিকী চেতনায় আঘাত হানলো। তাই তিনি ওমর রাযিয়াল্লাহু আনহুকে সম্বোধন করে বললেন,

"جبار فی الجاهلية خوار فی الاسلام"

"জাহেলী যুগে তুমি তো বড় বীর ছিলে, ইসলামে এসে এমন কাপুরুষ বনে গেলে!"

হযরত আবু বকর সিদ্দিক রাযিয়াল্লাহু আনহু এরপরে মিম্বরে আরোহণ করলেন। শুরু করলেন তার ঐতিহাসিক সেই ভাষণ;

"আল্লাহর কসম! আমি সর্বদা এলাহি নির্দেশের উপর অবিচল থাকবো। আল্লাহর রাস্তায় জিহাদ চালিয়েই যাবো। যতো বেলা না

আল্লাহ তার কৃত ওয়াদা পূর্ণ করবেন। আমাদের মাঝে যারা নিহত হবে তারা শহীদী মর্যাদায় জান্নাতে বিচরণ করবে।

আর যারা জীবিত থাকবে তারা খোদার জমিনে তার খলীফা ও তার বান্দাদের ওয়ারিশ হয়ে থাকবে। খোদার শপথ! এই সমস্ত লোক নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে যেই যাকাত দিতো তার একটি রশি দিতেও যদি অস্বীকার জনায় আমি আমরণ তাদের বিরুদ্ধে লড়তেই থাকবো। যদিও এদের সাহায্যে তাবৎ বৃক্ষরাজি পাহাড় পর্বত এবং সমগ্র জিন ইনসান আমার বিরুদ্ধে একত্রিত হয়। কারণ আল্লাহ সুবাহানাহু তায়ালা নামায ও যাকাতের মাঝে কোনো পার্থক্য করেননি। বরং দুটোকে একই কাতারে উল্লেখ করেছেন।"

এই ভাষণের সমাপ্তির সাথে সাথেই হযরত ওমর রাযিয়াল্লাহু আনহু না'রা দিয়ে উঠলেন। আর বললেন "আল্লাহর শপথ! এবার আমি বুঝে গিয়েছি হযরত আবু বকরের অন্তরে যে জিহাদের প্রত্যয় ব্যক্ত হয়েছে আল্লাহই তা তার অন্তরে ঢেলে দিয়েছেন। আমি জেনে গিয়েছি হযরত আবু বকরের মতই সত্য।"

যাকাত প্রতিষ্ঠার চেয়ে ও কি খেলাফত প্রতিষ্ঠা বড় ফরজ নয়? তাহলে সেটা কোন অপরাগতা, যেটা খেলাফত প্রতিষ্ঠার পরিবর্তে তাগুতী সংবিধান এবং বিচারব্যবস্থাকে মেনে নিতে বাধ্য করছে?

[খেলাফত অধ্যায় সমাপ্ত]

দ্বিতীয় অধ্যায়

দারুল ইসলাম এবং দারুল হরব প্রসঙ্গে শরীয়তের দৃষ্টিভঙ্গি

[বিস্তারিত জানতে অধ্যায়ন করুন মাওলনা আবু মুসআব হাফিযাহুল্লাহ -এর "অতি জযবাতি তরুণ-২"]

দারুল ইসলাম ও দারুল হরবের মাসআলা ইসলামী শরীয়তের একটি বুনিয়াদি মাসআলা যার উপর আরো অসংখ্য মাসআলার ভিত্তি। 'ফিকহ' তথা ইসলামী আইন শাস্ত্রের সকল কিতাবেই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এর আলোচনা রয়েছে এবং এর উপর ভিত্তি করে অসংখ্য অগণিত মাসআলা বর্ণিত হয়েছে।

মুফতী শফী রহ. বলেন:

جو لوگ فقہ اور فتاوی سے مناسبت رکھتے ہیں ان پر یہ بات مخفی نہیں کہ تقریبا فقہ کے تمام ابواب نماز، روزہ، نکاح، طلاق اور بالخصوص بیع وشراء، اجارہ ودیگر معملات میں سیکڑو مسائل شرعیہ دار الاسلام کے لیئے کچھ ہے اور دار الحرب کے لیئے دوسرا-اس لیئے اگریوں کہا جائے کہ احکام شرعیہ کا ایک بہت.بڑا حصہ اس

پر موقوف ہے کہ ان پر عمل کرنے والے جس ملک میں آباد ہے پہلے اسکا دار الاسلام یا دار الحرب ہونا متعین کریں تو بالکل صحیح ودورست ہے۔

"যারা ফিকহ ও ফতোয়ার সাথে সম্পর্ক রাখেন তাদের নিকট অস্পষ্ট নয় যে, নামায-রোযা, হজ্ব-যাকাত, বিবাহ-তালাক, বিশেষকরে ক্রয়-বিক্রয় ও ইজারা এবং অন্যান্য মুআমালা সহ ফিকহের প্রায় সকল অধ্যায়ের অসংখ্য শরয়ী মাসআলা দারুল ইসলামে এক রকম, দারুল হরবে অন্য রকম।

এ কারণে যদি বলা হয়, "শরীয়তের আহকামের একটা বিশাল বড় অংশ এমন রয়েছে যেগুলোর উপর আমল করার জন্য প্রথমে বসবাসরত রাষ্ট্র কি দারুল ইসলাম না দারুল হরব তা নির্ণয় করে নেয়া পূর্বশর্ত" যদি এমন বলা হয় তাহলে তা সম্পূর্ণ সঠিক।[১]"

প্রথম বিশ্বযুদ্ধে উসমানী খেলাফতের পতনের পর নতুন করে এ মাসআলার আলোচনার প্রয়োজন পড়ে। কারণ কাফেররা বিশাল খেলাফতকে ভেঙে টুকরা টুকরা করে একেক অংশে নামধারী একেক মুসলমানকে শাসন ক্ষমতায় বসায়। তারা আল্লাহ তাআলার শরীয়ত প্রত্যাখ্যান করে দিয়ে মানব রচিত কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করতে থাকে। আর যারা আল্লাহ তাআলার শরীয়ত প্রত্যাখ্যান করে মানব রচিত কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করে আইম্মায়ে কেরামের ইজমা-ঐকমত্যে তারা মুরতাদ। এ ব্যাপারে আইম্মায়ে কেরামের মাঝে কোন দ্বিমত নেই। নির্ভরযোগ্য ওলামায়ে কেরামের পর্যাপ্ত ফতোয়াও এ ব্যাপারে বিদ্যমান রয়েছে।

তদ্রূপ আইম্মায়ে কেরাম এ ব্যাপারেও একমত যে, ইসলামী শাসনাধীন কোন রাষ্ট্র কাফের বা মুরতাদরা দখল করে নিয়ে তাতে ইসলামী শাসন রহিত করে কুফরী তথা শরীয়ত বিরোধী শাসন চালু করে দিলে এবং মুসলমানরা তাদের থেকে তা উদ্ধার করে ইসলামী

১. জাওয়াহিরুল ফিকহ : ৫/২০৫

শাসন জারি করতে অক্ষম হয়ে পড়লে উক্ত রাষ্ট্র আর 'দারুল ইসলাম' তথা ইসলামী রাষ্ট্র থাকে না, বরং 'দারুল কুফর' তথা কুফরী রাষ্ট্র হয়ে যায়। এ ব্যাপারে আইম্মায়ে কেরামের মাঝে কোন দ্বিমত নেই।

এ হিসেবে বর্তমানে শরীয়ত বিরোধী কুফরী আইন দ্বারা শাসিত গণতান্ত্রিক মুসলিম রাষ্ট্রগুলো দারুল হরব। নির্ভরযোগ্য ওলামায়ে কেরামের অনেক লেখা এবং ফতোয়া এ ব্যাপারে বিদ্যমান রয়েছে।

কিন্তু বর্তমান উপমহাদেশের সর্বজন শ্রদ্ধেয় আলেম মুফতী তাকি উসমানী সাহেব দা.বা. এ উভয়টি বিষয়েই ভিন্নমত পোষণ করেন।

প্রথমতঃ তিনি কুফরী আইন দ্বারা রাষ্ট্র পরিচালনাকারী মুসলিম নামধারী মুরতাদ শাসকদেরকে মুরতাদ মানেন না।

দ্বিতীয়তঃ এদের ক্ষমতাধীন কুফরী আইন দ্বারা শাসিত গণতান্ত্রিক মুসলিম রাষ্ট্রগুলোকে দারুল হরব মানেন না। বরং তিনি এ সবগুলো রাষ্ট্রকে 'দারুল ইসলাম' তথা 'ইসলামী রাষ্ট্র' মনে করেন।

তাঁর এই দুই দাবির কারণে উপমহাদেশে (বিশেষ করে বাংলাদেশে যেখানে ওলামায়ে কেরামর বিশাল অংশ তাকি উসমানী সাহেব দা.বা. এর মতো ব্যক্তিদের অনুসরণ করে থাকেন) কী পরিমাণ বিভ্রান্তি যে ছড়াচ্ছে তা অস্পষ্ট নয়।

আপনি আজ ওলামায়ে কেরামের কাছে এই দুই মাসআলা আলোচনা করতে গেলে তাদের অনেকে শুধু এ কথাটাই বলবেন- তাকি উসমানী সাহেব দা.বা. তো এর বিপরীত বলেন! এমতাবস্থায় তাকি উসমানী সাহেব দা.বা. এর উক্ত দাবিদ্বয়ের দলীলভিত্তিক পর্যালোচনা করে তা কতোটুকু যুক্তিযুক্ত তা নির্ধারণ করা সময়ের দাবি হয়ে দাঁড়িয়েছে। এ কারণেই এ ব্যাপারে কলম ধরা। তাকি উসমানী সাহেব দা.বা. এর মতো সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তির সমালোচনা আমার উদ্দেশ্য নয়। আমি তার যোগ্যও নই। আর এত কোন ফায়েদাও নেই। তবে

لكل جواد كبوة، ولكل صارم نبوة

[দ্রুতগামী অশ্ব কখনো মুখ থুবরে পড়ে এবং ধারালো চাপাতি কখনো ভোঁতা হয়ে যায়।]

অতএব, বড়দের ভুল হয়ে যাওয়া স্বাভাবিক। আর ভুলকে ভুল হিসেবে ধরিয়ে দিয়ে উম্মাহকে তা থেকে রক্ষার পথ বাতলে দেয়াই প্রকৃত খায়ের খাহী। কিংবা অন্তত যদি আমার বুঝে না আসে তাহলে একজন তালিবে ইলম হিসেবে দাবির পক্ষে দলীলের আবেদন করার অধিকার নিশ্চয়ই আমার রয়েছে।

তবে আমি এ পুস্তিকাতে শাসকগোষ্ঠীর মুরতাদ হওয়ার বিষয়টি নিয়ে আলোচনা করতে চাচ্ছি না। তাকি উসমানী সাহেব দা.বা. এসব রাষ্ট্রকে দারুল ইসলাম দাবি করতে গিয়ে ফুকাহায়ে কেরামের যেসব বক্তব্যকে দলীল হিসেবে পেশ করেছেন সেগুলো পর্যালোচনা করাই এ পুস্তিকার মূল উদ্দেশ্য।

তাকি উসমানী সাহেব দা.বা. তাঁর **"ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত"** নামক কিতাবে এসব রাষ্ট্রকে দারুল ইসলাম বলে দাবি করেছেন। তার এ দাবির পক্ষে তিনি হানাফী মাযহাবের বিশিষ্ট তিন জন ইমামের তিনটি উদ্ধৃতি এনেছেন।

১ম জনঃ শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০ হি.)। যিনি 'আল-মাবসূত' এবং 'শরহুস সিয়ারীল কাবীর' এর প্রণেতা।

২য় জনঃ 'জামিউর রুমুজ' এর প্রণেতা আল্লামা কূহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.)।

৩য় জনঃ 'ফাতাওয়া শামী'র প্রণেতা আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.)।

তিনি এই তিন ইমামের উদ্ধৃতিত্রয় এনে বুঝাতে চাচ্ছেন-

[বর্তমান মুসলিম রাষ্ট্রগুলো যেগুলোতে আল্লাহ তাআলার শরীয়ত কায়েম নেই, বরং সেসবের শাসকরা আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে দিয়ে মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে রাষ্ট্র

পরিচালনা করছে সেগুলো সব 'দারুল ইসলাম' তথা 'ইসলামী রাষ্ট্র'। আইন কি চলছে সেটা দেখার বিষয় নয়। **আইন ইসলামী হোক কুফরী হোক সর্বাবস্থায়ই সেগুলো 'দারুল ইসলাম' তথা ইসলামী রাষ্ট্র।]**

এই তিন ইমামের উদ্ধৃতিত্রয় এনে তিনি একথাও বুঝাতে চাচ্ছেন-

[এসব রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র বলা নিজস্ব মনগড়া কোন কথা নয়; বরং পূর্বসূরি ইমামগণের মতানুসারেই সেগুলো দারুল ইসলাম। তাঁদের কারো বক্তব্য থেকে তা অস্পষ্টভাবে বুঝা যায়, আর কারো বক্তব্য থেকে তা সুস্পষ্টই বুঝা যায়।]

অর্থাৎ প্রথম দুইজন ইমাম শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০) এবং আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য থেকে তা অস্পষ্টভাবে বুঝা যায়। আর আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.) এর বক্তব্য থেকে তা সুস্পষ্ট বুঝা যায়।

অথচ বাস্তবে এই তিন ইমামের কারো বক্তব্য থেকেই এসব রাষ্ট্র দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র হওয়া বুঝা যায় বলে মনে হচ্ছে না। ইমামগণের বক্তব্যগুলোর পর্যালোচনা এবং সেগুলোর সঠিক প্রয়োগক্ষেত্র দেখার পর তাঁদের বক্তব্য অনুসারে এসব রাষ্ট্রকে দারুল ইসলাম বলার কোন সুযোগ আছে বলে মনে হয় না।

তাকি উসমানী সাহেব দা.বা. এর বক্তব্য এবং তার পর্যালোচনায় যাওয়ার পূর্বে বর্তমান কুফরী শাসনব্যবস্থার সংক্ষিপ্ত ইতিহাস এবং কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী শাসকরা মুরতাদ হওয়ার ব্যাপারে নির্ভরযোগ্য ওলামাদের কয়েকটা ফতোয়া উল্লেখ করবো।

***

CamScanner

কুফরী শাসনের সংক্ষিপ্ত ইতিহাস

আল্লাহ তাআলার শরীয়ত প্রত্যাখ্যান করে কুফরী শাসন গ্রহণ করার ফিতনা এই উম্মতের মাঝে দুইবার দেখা গেছে।

প্রথমবারঃ তাতারীদের যামানায়।

দ্বিতীয়বারঃ প্রথম বিশ্বযুদ্ধে উসমানী খেলাফেতের পরাজয়ের পর।

তাতারীদের যামানা

তাতারীরা তুর্কি জাতি। তুর্কিস্তান সংলগ্ন চীনে ছিলো তাদের বসবাস। দৈহিক ও সামরিক দিক থেকে তারা ছিলো অত্যন্ত শক্তিশালী। সংখ্যায় ছিলো অগণিত। তাদের পুরুষ মহিলা সকলেই যুদ্ধে পারদর্শী। প্রথমে তারা কাফের ছিল।

৬১৬ হিজরীর দিকে তারা মুসলিম বিশ্বে আক্রমণ চালায়। প্রথমে খাওয়ারিজম ও তার আশপাশের এলাকাগুলোতে হামলা চালায়। একে একে বুখারা, সমরকন্দ সহ মা ওরাউন নহর ও খোরাসানের দেশগুলো দখল করে নেয়।

৬৫৬ হিজরিতে তৎকালীন আব্বাসী খেলাফতের রাজধানী বাগদাদে প্রবেশ করে। খলীফার শীয়া উজির ইবনে আলক্বামীর প্ররোচনায় তারা খলীফাকে হত্যা করে। এরপর বাগদাদে প্রবেশ করে নজির বিহীন হত্যাযজ্ঞ চালায়।

তৎকালীন শামের অনেকাংশও তারা দখল করে নেয়। এভাবে ক্রমে ক্রমে ইসলামী খেলাফতের বিশাল অংশ তারা দখল করে নেয়।

তবে ইসলামী শাসনকে তারা অবলুপ্ত করেনি। মুসলমানদেরকে তারা শরীয়ত অনুযায়ী শাসন করার সুযোগ দেয়।

তবে তারা নিজেরা তাদের নেতা চেঙ্গিস খানের রচিত 'ইয়াসিক' নামক সংবিধান অনুযায়ী চলত। চেঙ্গিস খান তা বিভিন্ন ধর্মের নিয়ম

নীতি এবং তার নিজস্ব চিন্তা ধারার সমন্বয়ে রচনা করেছিল। তাদের পারস্পরিক বিচার কার্য এই 'ইয়াসিক' দিয়েই চলত।

৬৮০হিজরিতে তাতারীরা মুসলমান হয়ে যায়। কিন্তু মুসলিম বিশ্বের বিরুদ্ধে ফযাংপযমখ যুদ্ব অব্যাহত রাখে।

মুসলমান হওয়ার পরও তারা তাদের পূর্বের সংবিধান **'ইয়াসিক'** অনুযায়ীই চলতে থাকে। রাষ্ট্রীয় সংবিধান আগের মতো **'ইয়াসিক'ই** রয়ে যায়।

আল্লাহ তাআলার শরীয়ত বাদ দিয়ে কুফরী সংবিধান দিয়ে রাষ্ট্র পরিচালনা করার কারণে তৎকালীন ওলামায়ে কেরাম তাদেরকে কাফের ফতোয়া দেন।

-যারা ইসলামী আদালতে বিচারের জন্য না গিয়ে তাতারীদের আদালতে বিচারের জন্য যাবে ওলামায়ে কেরাম তাদেরকেও কাফের হয়ে যাবে বলে ফতোয়া দেন।

-যারা তাতারীদের পক্ষ হয়ে যুদ্ধ করবে তারাও কাফের হয়ে গেছে বলে ফতোয়া দেন।

এদের মধ্যে প্রখ্যাত মুফাসসির, তাফসীরে ইবনে কাসীরের প্রণেতা হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু-৭৭৪হি.) এর ফতোয়া এবং ইবনে কাসীর রহ. এর উস্তাদ শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যু-৭২৮হি.) এর ফতোয়া সর্বজন প্রসিদ্ধ।

হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু-৭৭৪হি.) এর ফতোয়া :

হাফেয ইবনে কাসীর রহ. এর এ ব্যাপারে দু'টি ফতোয়া রয়েছে।

একটি তাফসীরে ইবনে কাসীরে সূরা মায়েদার ৫০ নং আয়াত-

أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون

"তারা কি জাহিলিয়্যাতের শাসন ব্যবস্থা কামনা করে! বিশ্বাসী সম্প্রদায়ের জন্যে শাসন পরিচালনার ক্ষেত্রে আল্লাহর চেয়ে শ্রেষ্ঠ আর কে আছে?" এর ব্যাখ্যায়।

অপরটি তাঁর বিখ্যাত ইতিহাস গ্রন্থ 'আল-বিদায়া ওয়ান নিহায়া' তে ৬২৪ হিজরীর ইতিহাস লিখতে গিয়ে যেখানে চেঙ্গিস খানের আলোচনা এসেছে সেখানে।

চেঙ্গিস খান ৬২৪ হিজরিতে মারা যায়। এজন্য 'আল-বিদায়া ওয়ান নিহায়া' তে তার প্রসঙ্গ ৬২৪ হিজরির আলোচনায় এসেছে।

প্রথম ফতোয়াঃ

أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون

"তারা কি জাহিলিয়্যাতের শাসনব্যবস্থা কামনা করে! বিশ্বাসী সম্প্রদায়ের জন্যে শাসন পরিচালনার ক্ষেত্রে আল্লাহর চেয়ে শ্রেষ্ঠ আর কে আছে?[১]"

এ আয়াতের ব্যাখ্যায় ইবনে কাসীর (রহঃ) বলেন:

ينكر تعالى على من خرج عن حكم الله المحكم المشتمل على كل خير الناهي عن كل شر وعدل إلى ما سواه من الآراء والاهواء والاصطلاحات التي وضعها الرجال بلا مستند من شريعة الله كما كان أهل الجاهلية يحكمون به من الضلالات والجهالات مما يضعونها بآرائهم وأهوائهم وكما يحكم به التتار من السياسات الملكية المأخوذة عن ملكهم جنكز خان الذي وضع لهم الياسق وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شق من اليهودية والنصرانية

---

১. সূরা মায়েদা : ৫০

والملة الاسلامية وغيرها. وفيها كثير من الاحكام أخذها من مجرد نظره وهواه فصارت في بنيه شرعا متبعا يقدمونها على الحكم بكتاب الله وسنة رسول الله – صلى الله عليه وسلم – فمن فعل ذلك فهو كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله ورسوله فلا يحكِّم سواه في قليل ولا كثير

"আল্লাহ তায়ালা এমন ব্যক্তির নিন্দা করছেন যে আল্লাহর দৃঢ় বিধানকে ছেড়ে দেয়। অথচ তা সকল কল্যাণকে সমন্বিত করে, সকল ক্ষতিকারক বস্তুকে নিষিদ্ধ করে। আল্লাহর বিধান ছেড়ে দিয়ে সে ফিরে যায় এমন কিছু মতামত, রীতিনীতি ও প্রথার দিকে, যা প্রণয়ন করেছে মানুষেরাই। আল্লাহর শরীয়াতের সাথে যার নেই কোন সম্পর্ক।

যেমনটা করতো জাহিলী যুগের মানুষেরা। তারা তাদের চিন্তাপ্রসূত মতামত থেকে প্রণীত জাহিলী ভ্রান্ত বিধান দ্বারা ফয়সালা প্রদান করতো।

এবং যেমন তাতাররা তাদের ঐসব রাষ্ট্রীয় আইন কানুন দিয়ে বিচার ফয়সালা করছে, যা তারা গ্রহণ করেছে তাদের বাদশাহ চেঙ্গিস খান থেকে। যে চেঙ্গিস খান তাদের জন্য "ইয়াসিক" নামক সংবিধান প্রণয়ন করেছে।

ইয়াসিক হলো ইসলামী, নাসরানি, ইহুদীসহ বিভিন্ন শরীয়তের সমন্বয়ে গঠিত একটি সংবিধান। তাতে এমন অনেক বিধানও আছে, যা সে শুধুমাত্র নিজের দৃষ্টিভঙ্গি ও চিন্তা থেকেই গ্রহণ করেছে। অতঃপর তা তার অনুসারিদের নিকট পরিণত হয়েছে অনুসরণীয় একটি সংবিধানরূপে। একে তারা আল্লাহর কিতাব ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহ অনুযায়ী ফায়সালা করার উপর অগ্রাধিকার দেয়।

যে ব্যক্তি এমন কাজ করবে সে কাফের । তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব, যতক্ষণ না সে আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম এর বিধানের দিকে ফিরে আসে, এবং কম হোক বেশি হোক কোন কিছুর ক্ষেত্রেই আল্লাহর বিধান ছাড়া অন্য কিছুকে বিচারকরূপে গ্রহণ না করে।[১]"

একটি লক্ষণীয় বিষয় :

আইন প্রণেতা এবং তার বাস্তবায়নকারী উভয়ই কাফেরঃ

ইবনে কাসীর রহ. যেসব তাতারীকে কাফের ফতোয়া দিয়েছিলেন তারা তাদের কুফরী সংবিধান ইয়াসিকের রচয়িতা ছিলো না। ইয়াসিক রচনা করেছিলো তাতারীদের নেতা চেঙ্গিস খান, যে ৬২৪ হিজরিতে মারা যায়। আর ইবনে কাসীর রহ. ইন্তেকাল করেন ৭৭৪ হিজরিতে। তাঁর মাঝে এবং চেঙ্গিস খানের মাঝে দেড়শো বছরের ব্যবধান।

ইবনে কাসীর রহ. এর যামানার তাতারীরা কুফরী সংবিধান প্রণয়ন করেনি। পূর্বের সংবিধান অনুসরণ করে চলেছে মাত্র।

এ থেকে স্পষ্ট, কুফরী সংবিধানের প্রণেতারা যেমন কাফের, এর দ্বারা রাষ্ট্র পরিচালনাকারীরাও তেমনি কাফের।

অতএব, আমাদের সমাজের বর্তমান শাসকগোষ্ঠী যদি নিজেরা শরীয়ত বিরোধী কোন আইন প্রণয়ন নাও করে তবুও পূর্বের কুফরী সংবিধান অনুসরণের কারণে তারা মুরতাদ।

যেমন, কুফর যারা আবিষ্কার করে আর যারা তাতে লিপ্ত হয় উভয়ই কাফের।

বিদআত যারা আবিষ্কার করে আর যারা তার অনুসরণ করে উভয়ই বিদআতী। এখানে শাসকদের ক্ষেত্রেও তাই।

দ্বিতীয় ফতোয়া

'আল-বিদায়া ওয়ান-নিহায়া' তে চেঙ্গিস খানের জীবনী আলোচনার নমুনা স্বরূপ ইয়াসিকের কতগুলো শরীয়ত বিরোধী আইন উল্লেখ করার পর বলেন-

---

১. তাফসীরে ইবনে কাসীর, খণ্ড : ৩, পৃ. ১৩১

وفي كله مخالفة لشرائع الله المنزلة على عباده الأنبياء عليهم الصلاة والسلام، فمن ترك الشرع المحكم المنزل على محمد بن عبد الله خاتم الأنبياء وتحاكم إلى غيره من الشرائع المنسوخة كفر، فكيف بمن تحاكم إلى الياسا وقدمها عليه؟ من فعل ذلك كفر بإجماع المسلمين

"এই সবগুলোর মধ্যেই রয়েছে আল্লাহ তাআলার বান্দা নবীগণ আলাইহিমুস সালাতু ওয়াস সালাম এর উপর আল্লাহ তায়ালার অবতীর্ণ শরীয়তের বিরোধিতা। যে ব্যক্তি সর্বশেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর অবতীর্ণ সুদৃঢ় শরীয়াতকে ছেড়ে দিয়ে অন্য কোন রহিত শরীয়ত অনুযায়ী বিচারের জন্য যাবে সে কাফের হয়ে যাবে। তাহলে ঐ ব্যক্তির বিধান কী হতে পারে যে ইয়াসিক অনুযায়ী বিচার প্রার্থনা করে এবং তাকে শরীয়তের উপর অগ্রাধিকার দেয়? যে ব্যক্তি এমনটি করবে সে মুসলমানদের ইজমা-ঐকমতে কাফের হয়ে যাবে।[১]"

নির্দেশনাঃ বর্তমান সংবিধান ইয়াসিকের চেয়েও নিকৃষ্ট

ইতিহাস ঘাটলে দেখা যায়, তাতারদের ইয়াসিক নামক সংবিধানের চেয়ে বর্তমান সংবিধানগুলো আরো নিকৃষ্ট ও জঘন্য। কেননা ইয়াসিকের মাঝে তো অপরাধগুলোকে অপরাধ বলে স্বীকার করা হয়েছে এবং তার শাস্তিও বিধান করা হয়েছে, যদিও তা ছিলো কুরআন সুন্নাহর বিপরীত। কিন্তু আমাদের বর্তমান সংবিধানগুলো তো অপরাধগুলোকে অপরাধ বলেই আখ্যায়িত করে না বরং অনেক অপরাধকে ভাল কাজ হিসেবে সাব্যস্ত করে। ইয়াসিকের অনুসারীদের বিধানই যদি এই হয় তাহলে তার চেয়ে নিকৃষ্ট সংবিধানের অনুসারীদের বিধান কী হবে ?

---

১. আল-বিদায়া ওয়ান-নিহায়া, খণ্ড : ১৩, পৃষ্ঠা : ১৩৯

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যু-৭২৮হি.)-এর ফতোয়া :

যে সমস্ত ব্যক্তি মুসলমান ও তাতারদের মাঝে সংঘটিত যুদ্ধে তাতারদের পক্ষ গ্রহণ করেছিল, তাদেরকে সাহায্য করেছিলো তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে ইবনে তাইমিয়া (রহঃ) নিম্নোক্ত ফতোয়া প্রদান করেন:

وكل من قفز إليهم من أمراء العسكر وغير الامراء فحكمه حكمهم، وفيهم من الردة عن شرائع الإسلام بقدر ما ارتد عنه من شرائع الإسلام ، وإذ كان السلف قد سموا مانعي الزكاة مرتدين مع كونهم يصومون ويصلون ولم يكونوا يقاتلون جماعة المسلمين، فكيف بمن صار مع أعداء الله ورسوله قاتلاً للمسلمين؟؟- الفتاوى الكبرى

"সেনাবাহিনীর শীর্ষস্থানীয় ব্যক্তিদের মধ্য থেকে অথবা অন্যদের মধ্য থেকে যে কেউ তাতারদের পক্ষ নিবে, তাতারদের বিধান ও তার বিধান একই বলে গণ্য হবে। চেঙ্গিস খান ইসলামী শরীয়াত থেকে যে পরিমাণ দূরে সরে গেছে তাদের মাঝেও ঐ একই পরিমাণ ইরতিদাদ বিদ্যমান। যেখানে সালাফগণ যাকাত প্রদানে অস্বীকারকারিদেরকে নামায, রোজা আদায় করা এবং মুসলমানদের সাথে যুদ্ধ না করা সত্ত্বেও মুরতাদ বলে আখ্যায়িত করেছেন, তাহলে ঐ ব্যক্তির বিধান কী হতে পারে যে আল্লাহ ও তাঁর রাসূলের শত্রুদের পক্ষ নিয়ে মুসলমানদেরকে হত্যা করে?[১]"

***

১. আল-ফাতাওয়াল কুবরা, খণ্ড : ৪, পৃষ্ঠা : ৩৩২

উসমানী খেলাফেতের পরাজয়ের পর কুফরী শাসন

দ্বিতীয় বার মুসলিম বিশ্বে কুফরী শাসনের ফিতনা দেখা দেয় ১ম বিশ্ব যুদ্ধে উসমানী খেলাফতের পরাজয়ের পর। খেলাফতের পরাজয়ের পর কাফেররা বিশাল খেলাফতকে ভেঙ্গে টুকরা টুকরা করে একেক অংশে মুসলিম নামধারী একেক মুরতাদকে ক্ষমতায় বসায়। তারা আল্লাহ তাআলার শরীয়ত প্রত্যাখ্যান করে মানব রচিত কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করতে থাকে। তখন বিজ্ঞ ওলামায়ে কেরাম শাসকদের এ কাজকে ইরতিদাদ এবং তাদেরকে মুরতাদ বলে ফতোয়া দেন।

এখানে আমি তাঁদের কয়েক জনের ফতোয়া উল্লেখ করবো।

১. শাইখুল ইসলাম মোস্তফা সবারী (রহঃ)-এর ফতোয়াঃ

১ম বিশ্ব যুদ্ধে উসমানী খেলাফতের পরাজয়ের পর মুরতাদ কামাল আতাতুর্ক যখন ১৯২৪ সালে উসমানী খেলাফতের রাজধানী তুরস্ক থেকে ইসলামী শাসন দূর করে মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনা শুরু করে, তখন উসমানী খেলাফতের সর্বশেষ শাইখুল ইসলাম মোস্তফা সবারী (রহঃ) উক্ত কাজকে কুফর ও রিদ্দাহ বলে ফতোয়া প্রদান করেন এবং সেখান থেকে হিজরত করে মিশরে চলে আসেন।

তিনি এর বিরুদ্ধে কলম ধরে কুফর ও ইরতিদাদের নতুন এরূপকে শরয়ী দলিল ও যুক্তির মাধ্যমে বিশ্বের মুসলমানদের সামনে স্পষ্ট করে তুলেন।

CamScanner

আমি এখানে তাঁর লেখা থেকে নির্বাচিত দু'টি অংশ তুলে ধরছি-

এক) তিনি এটিকে ঈমানের সাথে সংঘার্ষিক সাব্যস্ত করেন:-

والحق أن ترويج فصل الدين عن الدولة سواء كان هذا الترويج من رجال الحكومة اوالكتاب والمفكرين في مصلحة الدولة والأمة لا يتفق مع الإيمان بأن الدين منزل من عند الله ؛ وأن أحكامه المذكورة في الكتاب والسنة أحكام الله المبلغة بواسطة رسوله ؛ وكل من أشار بمبدأ الفصل إلي المجتمع ؛ فهو إما: مستطبن للإلحاد ؛ او بليد جاهل بمعني فصل الدين عن الدولة ومغزاه-

"সত্য কথা হচ্ছে, (দ্বীন আল্লাহ তায়ালার পক্ষ থেকে অবতীর্ণ, কিতাবুল্লাহ ও সুন্নাহতে বিদ্যমান দ্বীনের বিধানগুলো রাসূলের মাধ্যমে অবতীর্ণ আল্লাহরই বিধান) এই বিশ্বাসের সাথে "রাষ্ট্র থেকে ধর্ম পৃথকীকরণ" একত্র হতে পারে না। চাই তা প্রশাসনের ব্যক্তিবর্গের পক্ষ থেকে করা হোক, অথবা দেশ ও জাতির কল্যাণ বিষয়ের লেখক ও বুদ্ধিজীবীদের পক্ষ থেকে হোক।

যে ব্যক্তিই সমাজকে রাষ্ট্র থেকে ধর্ম পৃথক করার পরামর্শ দেবে হয়তো সে গোপনে গোপনে নাস্তিকতা পোষণকারী অথবা নির্বোধ এবং ধর্মকে রাষ্ট্র থেকে পৃথকীকরণের অর্থ ও উদ্দেশ্য সম্পর্কে অজ্ঞ।[১] "

দুই) রাষ্ট্রীয় সংবিধান থেকে শর'য়ী বিধান পৃথককারীকে তিনি ইসলাম থেকে বহিষ্কৃত বলে ফতোয়া দেন:

فإذا خرج عن الإسلام من لا يقبل سلطة الدين عليه بالأمر والنهي وتدخله في أعماله حال كونه فردا من أفراد المسلمين ؛ فكيف لا

---

১. মাওকিফুল আকল, খণ্ড : ৪, পৃষ্ঠা : ২৮০

يخرج من لا يقبل هذه السلطة وهذا التدخل ؛ بصفة أنه داخل هيئة الحكومة؟

"যেখানে কোন মুসলমান তার সাধারণ সামাজিক জীবনে যদি তার উপর দ্বীনের এই কর্তৃত্বকে মেনে না নেয় যে, দ্বীন তাকে আদেশ ও নিষেধ প্রদান করবে এবং তার কার্যাবলীর মধ্যে দখল নেবে , তাহলে সে ইসলাম থেকে খারিজ হয়ে যায়; তাহলে ঐ ব্যক্তি কিভাবে খারিজ না হবে, যে রাষ্ট্রীয় জীবনে এই কর্তৃত্ব এবং এই দখলদারিত্বকে মেনে না নেবে ?!"[১]

২-৩. আহমদ শাকের রহ. ও তাঁর ভাই মাহমূদ শাকের রহ.-এর ফতোয়া :

উসমানী খেলাফতের পতনের পর মানব রচিত সংবিধান যখন মিশরের রাষ্ট্রীয় সংবিধানে পরিণত হয় তখন মিশরের সবচেয়ে বড় আলেম, মুহাদ্দিস ও ফক্বীহ আল্লামা আহমাদ শাকের (রহঃ) ও তার ভাই মাহমূদ শাকের (রহঃ) এই বিধান রচনাকারীদেরকে কাফের ও মুরতাদ ফতোয়া প্রদান করেন।

আহমদ শাকের রহ.-এর ফতোয়া :

আহমদ শাকের (রহঃ) গত শতাব্দীর একজন অন্যতম শ্রেষ্ঠ আলেম ও প্রখ্যাত মুহাদ্দিস। হাদীস শাস্ত্রে যার খিদমাত ও অবদান ভুলবার নয়। ফিক্বহে হানাফীতে তাঁর ছিলো অগাধ পাণ্ডিত্য। তিনি জামেয়া আযহার থেকে ফিক্বহে হানাফীর উপর আন্তর্জাতিক স্বীকৃতি সনদ লাভ করেন। ফিক্বহে হানাফী অনুযায়ী মিশরে প্রায় ২০ বছর ক্বাজী হিসেবে বিচার ফয়সালা করেন।

তিনি তাঁর বিভিন্ন লেখনীতে এ সমস্ত শাসকদের কুফরির বিষয়টি স্পষ্টভাবে তুলে ধরেছেন।

---

১. মাওকিফুল আকল, খণ্ড : ৪, পৃষ্ঠা : ২৯৪

যেমন তিনি বলেন:

إن الأمر في هذه القوانين الوضعية واضح وضوح الشمس، هي كفر بواح، لا خفاء فيه ولا مداورة. ولا عذر لأحد ممن ينتسب للإسلام – كائناً من كان – في العمل بها أو الخضوع لها أو إقرارها. اهـ

"এ সমস্ত মানব রচিত আইন যে كفر بواح তথা সুস্পষ্ট কুফর তা সূর্যের মতো স্পষ্ট। এতে কোন ধরনের অস্পষ্টতা বা প্যাঁচ নেই। মুসলমান দাবীদার কোন ব্যক্তির জন্য এ সব বিধান অনুযায়ী আমল করা, সেগুলোর আনুগত্য করা বা এগুলোকে স্বীকৃতি দেওয়ার কোনই সুযোগ নেই, সে যেই হোক না কেন। এ ক্ষেত্রে তার কোন অজুহাতই গ্রহণযোগ্য হবে না।[১]"

তিনি আরো বলেন:

نري في بعض بلاد المسلمين قوانين ضربت عليها، نقلت عن أوربة الوثنية الملحدة، وهي قوانين تخالف الإسلام مخالفة جوهرية في كثير من أصولها وفروعها، بل إن في بعضها ما ينقض الإسلام ويهدمه، وذلك أمر واضح بديهي، لايخالف فيه إلا من يغالط نفسه، ويجهل دينه أويعاديه من حيث لايشعر، وهي في كثير من أحكامه أيضا توافق التشريع الإسلامي، أو لا تنافيه علي الأقل وإن العمل بها في بلادالمسلمين غير جائز، حتي في ما وافق التشريع الإسلامي، لأن من وضعها حين وضعها لم ينظر إلي موافقته للإسلام أو مخالفتها، إنما نظر إلي موافقته القوانين أوربة أو لمبادئها وقواعدها، وجعلها هي الأصل

১. উমদাতুত তাফসীর, খণ্ড : ৪, পৃষ্ঠা : ১৭৩-১৭৪

الذي يرجع إليه، فهو آثم مرتد بهذا، سواء أ وضع حكما موافقا للإسلام أو مخالفا (كلمة الحق ٩٥-٩٦)

"কিছু কিছু মুসলিম দেশে দেখতে পাচ্ছি পৌত্তলিক ও নাস্তিক্যবাদী ইউরোপ থেকে আমদানীকৃত আইন চাপিয়ে দেয়া হয়েছে। সেগুলো এমন আইন যা ইসলামের শাখাগত ও মৌলিক অনেক বিধানের গোড়ার সাথেই সাংঘর্ষিক। তাতে তো এমন কিছু বিধানও রয়েছে যা ইসলামকে নস্যাৎ ও ধ্বংস করে ফেলে। এ বিষয়টি দ্ব্যর্থহীনভাবে স্পষ্ট। এ ব্যাপারে শুধু ঐ ব্যক্তিই দ্বিমত পোষণ করতে পারে যে নিজের সাথে প্রতারণা করছে এবং সে দ্বীন সম্পর্কে অজ্ঞ। অথবা সে দ্বীনের বিরোধিতা করছে অথচ তা অনুভব করতে সক্ষম হচ্ছে না।

হ্যাঁ, তার অনেক বিধান ইসলামি শরীয়তের সাথে সামঞ্জস্য রাখে। অথবা অন্তত সাংঘর্ষিক নয়।

মুসলিম দেশগুলোতে এই সংবিধান কার্যকর করা কোনভাবেই বৈধ নয়। এমনকি সে বিধানগুলোও নয়, যেগুলো ইসলামের সাথে সাংঘর্ষিক নয়। কেননা যে বা যারা এই সংবিধান রচনা করেছে তারা লক্ষ্য করেনি যে, এটা ইসলামের সাথে সামঞ্জস্যতা রাখছে না'কি সাংঘর্ষিক হচ্ছে। বরং তারা লক্ষ্য করেছে, তা পশ্চিমাদের সংবিধানের সাথে অথবা তার মৌলিক দিকগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ হচ্ছে কি হচ্ছে না? এবং ওটাকেই মূল ভিত্তি রূপে গ্রহণ করছে।

অতএব সে এ কাজের দ্বারা পাপিষ্ঠ মুরতাদে পরিণত হবে। চাই সে ইসলামের সাথে সামঞ্জস্যপূর্ণ বিধান রচনা করুক বা সাংঘর্ষিক বিধান রচনা করুক।"[১]

তিনি আরো বলেন :

---

১. কালিমাতুল হক্ব : ৯৫-৯৬

ومن حكم بغير ما أنزل الله عامدا عارفا فهو كافر. ومن رضي عن ذلك وأقره فهو كافر، سواء أ حكم بما يسميه شريعة أهل الكتاب أم بما يسميه تشريعا وضعيا، فكله كفر و خروج من الملة، أعاذنا الله من ذلك

"যে ব্যক্তি স্বেচ্ছায় জেনে শুনে আল্লাহর বিধান ব্যতিরেকে ভিন্ন বিধানে বিচার ফয়সালা করে সে কাফের। যে এ ব্যাপারে সন্তুষ্টি প্রকাশ করে বা স্বীকৃতি প্রদান করে সেও কাফের। চাই সে এমন বিধান দ্বারা ফায়সালা করুক যাকে সে আহলে কিতাবের শরীয়াত বলে থাকে, কিংবা এমন বিধান দ্বারা ফায়সালা করুক যাকে সে মানব রচিত বিধান বলে থাকে। এর প্রতিটিই কুফরি যা ইসলাম থেকে বের করে দেয়। আল্লাহ তায়ালা আমাদেরকে এ থেকে রক্ষা করুন।"[1]

আল্লামা মাহমূদ শাকের (রহঃ) এর ফতোয়া :

আল্লামা আহমদ শাকের (রহঃ) এর ভাই আল্লামা মাহমূদ শাকের (রহঃ) বলেন:

فهذا الفعل إعراض عن حكم الله، ورغبة عن دينه وإيثار لأحكام أهل الكفر على حكم الله سبحانه وتعالى، وهذا كفر لايشك أحد من أهل القبلة على اختلافه في تكفير القائل به والداعي إليه)اه

"এ ধরণের কাজ (অর্থাৎ নতুনভাবে সংবিধান রচনা) আল্লাহর বিধানকে উপেক্ষা, তাঁর দ্বীনের ব্যাপারে অগ্রাহ্যতা প্রকাশ এবং মহান আল্লাহ তায়ালার বিধানের উপর কাফেরদের বিধানকে প্রাধান্য প্রদান। এ সকল কাজ কুফর। কোনো মুসলমান, চাই সে যে মতেই বিশ্বাসী হোক, এর প্রবক্তা এবং এর দিকে আহ্বানকারীর কাফের হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করতে পারে না।"[2]

---

১. দেখুন : শায়খের তাহকীককৃত মুসনাদে আহমাদ, ৭৭৪৭নং হাদীসের প্রাসঙ্গিক আলোচনা

২. উমদাতুত তাফসীর, খণ্ড : ৪, পৃষ্ঠা : ১৫৭

৪. শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহঃ) এর ফতোয়া :

১৯৫০ খ্রিষ্টাব্দের দিকে সিরিয়ায় যখন কিছু ব্যক্তি সর্বপ্রথম রাষ্ট্রীয় সংবিধান থেকে ধর্মীয় বিধানকে পৃথক করার প্রচেষ্টা চালাতে থাকে তখন সিরিয় কিছু আলেম শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহঃ) কে তাদের ব্যাপারে ফতোয়া জিজ্ঞাসা করেন। তিনি তাদেরকে মুরতাদ ফতোয়া দেন।

এই কঠিন পরিস্থিতিতে হক্বকে সাহায্য না করে যে ব্যক্তি নীরব ভূমিকা পালন করে তাকে মুরতাদের সহায়তাকারী বোবা শয়তান আখ্যা দেন।

কাউসারী (রহঃ) লিখেন:

إن هذه هي أدعى الدواهي وأعظم المصائب، يذوب لهولها قلب كلِّ مؤمن صادق الإيمان، ولا سيّما في مثل بلاد الشام التي لها ماض مجيد في خدمة الإسلام، فالمسلم إذا طالب بمثل ذلك في سلامة عقله يجري عليه حكم الردة في بلد يكون فيه الإسلام نافذ الأحكام، وفي غيره يُهجر هذا المطالب هجرا كليًا فلا يكلم ولا يعامل في أمر أصلاً حتى تضيق عليه الأرض بما رحبت ويتوب وينيب. وقد دلت نصوص الكتاب والسنة على أن دين الإسلام جامع لمصلحتي الدنيا والآخرة، ولأحكامهما دلالة واضحة لا ارتياب فيها، فتكون محاولة فصل الدين من الدولة كفرا صارخًا منابذا لإعلاء كلمة الله، وعداءً موجها إلى الدين الإسلامي في صميمه،

ويكون هذا الطلب من هذا المطالب إقرار منه بالانبتار والانفصال فيلزمه بإقراره، فنعده عضوًا مبتورًا من جسم جماعة المسلمين

وشخصًا منفصلاً عن عقيدة الإسلام، فلا تصح مناكحته ولا تحل ذبيحته لأنه ليس من المسلمين ولا من أهل الكتاب

"নিশ্চয়ই এটি চরম বিপর্যয়, কঠিন মুসিবত; যার ভয়াবহতায় সত্য ঈমানের অধিকারী প্রতিটি মুমিনের হৃদয় বিগলিত হয়ে যায়। বিশেষ করে সিরিয়ার মত রাষ্ট্রে, যার অতীত ভরপুর রয়েছে ইসলামের নানা খেদমতে।

কোন মুসলমানের আকল সুস্থ থাকা সত্ত্বেও যদি সে এ ধরনের প্রয়াস চালায়, তাহলে যদি সেই অঞ্চলে ইসলামী বিধি-বিধান বাস্তবায়িত থাকে তবে তার উপর মুরতাদের বিধান জারি হবে।

আর যদি এমন এলাকা হয় যেখানে ইসলামী বিধান জারির সামর্থ্য নেই তাহলে এই কাজে ইচ্ছুক ব্যক্তিকে পরিপূর্ণ বয়কট করতে হবে। তার সাথে কোন ধরনের কথা বা লেনদেন করা যাবে না। যতক্ষণ না জমিন প্রশস্ত হওয়া সত্ত্বেও তার জন্য সংকীর্ণ হয়ে আসে; আর সে তাওবা করে ফিরে আসে।

কুরআন ও সুন্নাহর নসগুলো স্পষ্ট ও সন্দেহাতীতভাবে প্রমাণ করে, ইসলাম ধর্ম দুনিয়া ও আখেরাত উভয় জগতের কল্যাণ ও বিধি-বিধানের সমাহার। তাই রাষ্ট্র থেকে ধর্মকে পৃথক করার প্রচেষ্টা সুস্পষ্ট কুফর। আল্লাহর কালিমাকে বুলন্দ করার বিরোধিতা। দ্বীনে ইসলামের একেবারে গোড়ার সাথে দুশমনি।

উপরুক্ত কাজে ইচ্ছুক ব্যক্তির এই প্রয়াসই তার পক্ষ থেকে (দ্বীন থেকে) পৃথক হয়ে যাওয়া ও বিচ্ছিন্নতার ব্যাপারে স্বীকারোক্তি বলে গণ্য হবে। তার স্বীকারোক্তির দ্বারাই এই হুকুম তার উপর বর্তাবে। ফলে আমরা তাকে মুসলিম উম্মাহর শরীর থেকে একটি কর্তিত অঙ্গ এবং ইসলামী বিশ্বাস থেকে বিচ্ছিন্ন এক ব্যক্তি বলে গণ্য করব। তার সাথে বিবাহ বৈধ হবে না, তার জবেহকৃত পশুর গোশত হালাল হবে না। কেননা সে মুসলমানও নয়, আহলে কিতাবও নয়।"

এর পর কাউসারী (রহঃ) এই ব্যাপারে কুরআন ও সুন্নাহ থেকে প্রমাণ পেশ করেন। অতঃপর বলেন,

وأما الساكت من أهل الشأن عن تأييد الحق في مثل تلك الكارثة فإنما هو شيطان أخرس وردء لأهل الردة

"এই কঠিন বিপর্যয়ে শীর্ষ পর্যায়ের ব্যক্তিদের মধ্য থেকে যে সত্যকে সাহায্য না করে নীরবতা অবলম্বন করবে সে হলো বোবা শয়তান এবং মুরতাদদের সহায়ক।"[১]

৫. শায়খ মুহাম্মাদ ইবনে ইব্রাহীম আলুশ শায়খ (রহঃ)-এর ফতোয়া :

সউদী আরবের সাবেক গ্র্যান্ড মুফতী বিশিষ্ট ফকীহ শায়খ মুহাম্মাদ ইবনে ইব্রাহীম আলুশ শায়খ (রহঃ) নিম্নোক্ত ফতোয়া দেন,

لو قال من حكَّم القانون : "أنا أعتقد أنه باطل" فهذا باطل لا أثر له ، بل هو عزل للشرع ، كما لو قال أحد : "أنا أعبد الأوثان واعتقد أنها باطل".

وأما إذا جعل قوانين بترتيب وتخضيع فهو كفر وأن قالوا أخطأنا وحكم الشرع أعدل

"মানব রচিত বিধানকে বিচারক হিসেবে গ্রহণকারী ব্যক্তি যদি বলে: (আমি বিশ্বাস রাখি এটা বাতিল) তাহলে তার এ কথা ধর্তব্য হবে না। বরং তার এই কাজ হচ্ছে শরীয়তকে প্রত্যাখ্যান করে দেয়া । যেমন, যদি কেউ বলে: (আমি মূর্তি পূঁজা করি, তবে আমি বিশ্বাস করি যে, এটা বাতিল।)

১. দেখুন : মাক্কালাতুল কাউসারী : হুকুমু মুহাওলাতি ফাসলিদ দ্বীন, পৃষ্ঠা : ৩৩০-৩৩১, প্রকাশনা : আল-মাকতাবুত তাউফীকিয়্যাহ।

আর যদি শ্রেণিবিন্যাস করে সশৃংখলভাবে আইন প্রণয়ন করে তবে তা কুফর। যদিও বলে, (আমরা ভুল করছি । শরীয়াতের বিধানই অধিক ইনসাফপূর্ণ।)[১]"

৬. আল্লামা শানক্বিতী (রহঃ) এর ফতোয়াঃ

তাফসীরুল কুরআন বিল কুরআনের অন্যতম তাফসীর গ্রন্থ "আদওয়াউল বায়ান" প্রণেতা প্রখ্যাত মুফাসসির আল্লামা শানক্বিতী (রহঃ) স্বীয় তাফসীর গ্রন্থে সম্পূর্ণ স্পষ্টরূপে এ সমস্ত শাসকদের হুকুম বর্ণনা করেছেন যে, তারা মুরতাদ।

আল্লাহ্ তায়ালার বাণী

وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا

তিনি কাউকে নিজ বিধানের ক্ষেত্রে শরীক করেন না। [সূরা কাহাফ: ২৬]

এর ব্যাখ্যায় এ সমস্ত শাসকদের কুফরির ব্যাপারে একাধিক দলিল পেশ করার পর তিনি বলেন:

وبهذه النصوص السماوية التي ذكرنا يظهر غاية الظهور: أن الذين يتبعون القوانين الوضعية التي شرعها الشيطان على ألسنة أوليائه مخالفة لما شرعه الله جل وعلا على ألسنة رسله صلى الله عليهم وسلم، أنه لا يشك في كفرهم وشركهم إلا من طمس الله بصيرته، وأعماه عن نور الوحي مثلهم.

"(উপরোল্লিখিত) এ সমস্ত আসমানী দলিল-প্রমাণ দ্বারা পূর্ণরূপে স্পষ্ট যে, যারা ঐ প্রণীত কানূনের অনুসরণ করে যা শয়তান তার বন্ধুদের মাধ্যমে প্রণয়ন করেছে, যা আল্লাহ তাঁর রাসূলগণের মাধ্যমে

১. আল-ফাতাওয়া, খণ্ড : ১২, পৃষ্ঠা : ২৮০

যে বিধান দিয়েছেন তার বিপরীত, তাদের কাফের ও মুশরেক হওয়ার ব্যাপারে শুধু সে ব্যক্তিই সন্দেহ করতে পারে, আল্লাহ যার অর্ন্তদৃষ্টি নিভিয়ে দিয়েছেন এবং তাদেরই মতো তাকেও ওহীর নূর থেকে অন্ধ করে দিয়েছেন।"[১]

এ ছাড়াও তিনি উক্ত তাফসীর গ্রন্থের বিভিন্ন স্থানে অনেক দলিল পেশ করেন যার দ্বারা নিশ্চিতভাবে প্রতীয়মান হয় যে, এ সমস্ত শাসক ইসলামের গন্ডি থেকে খারিজ হয়ে গেছে।

যা হোক, এখানে বিস্তারিত আলোচনা উদ্দেশ্য নয়। নমুনাস্বরুপ নির্ভরযোগ্য ওলামাদের কয়েকজনের ফতোয়া উল্লেখ করা হল।

***

এরপর আরোও কয়েকটা জরুরি বিষয় আত্মস্থ করে নেওয়া চাই!

১. ইসলামী আইন চালু না থাকা আর কুফরী আইন চালু থাকা এক নয়

একটি বিষয় খুব ভালভাবে খেয়াল রাখা চাই, ইসলামী শাসন পরিপূর্ণ জারি না থাকা আর কুফরী শাসন জারি থাকা এক নয়। বরং এ দু'টি সম্পূর্ণ ভিন্ন দু'টো বিষয়। দ্বিতীয়টি কুফর, কিন্তু প্রথমটি সর্বাবস্থায় কুফর নয়।

রাষ্ট্র পরিচালনার ভিত্তি ইসলামী শরীয়তের উপর হওয়ার পর এবং এবং রাষ্ট্রীয় সংবিধানের সকল আইন ইসলামী হওয়ার পর যদি শাসকের গাফলতির কারণে , কিংবা শাসক জালেম বা ফাসেক হওয়ার কারণে রাষ্ট্রে পরিপূর্ণ ইসলামী পরিবেশ বজায় না থাকে; বিচারকরা কখনোও কখনোও শরীয়ত পরিপন্থি ফায়সালা দিয়ে ফেলে, তাহলে

---

১. তাফসীরে আদওয়াউল বায়ান, খণ্ড : ৩, পৃষ্ঠা : ২৫৯

শাসক বা বিচারক কেউই কাফের হয়ে যায় না, যদি তাদের মাঝে অন্য কোন কুফর না পাওয়া যায়।

পক্ষান্তরে রাষ্ট্রীয় শাসন ব্যবস্থাই যদি কুফরী হয়, যেখানে আল্লাহ তাআলার শরীয়ত অনুযায়ী বিচার না করে বরং মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে বিচার করা হয়- তাহলে কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী এসব শাসক কাফের ও মুরতাদ। যদিও তারা নিজেদেরকে মুসলমান দাবি করে, নামায-রোযা ও অন্যান্য হুকুম আহকাম পালন করে।

এ ব্যাপারে আইম্মায়ে কেরাম সকলে একমত।

যেমন, নামায না পড়া, আর গাইরুল্লার জন্য নামায পড়া এক নয়। নামায না পড়া সর্বাবস্থায় কুফর নয়। বেনামাযী সর্বাবস্থায় কাফের নয়। কিন্তু গাইরুল্লার জন্য নামায পড়া সর্বাবস্থায় কুফর এবং এ ধরনের ব্যক্তি সর্বাবস্থায় কাফের। যদিও সে নিজেকে মুসলমান দাবি করে।

কিন্তু অনেকে এ দুটো বিষয়কে এক করে ফেলেন। ফলে নিজেও মারাত্মক বিভ্রান্তির শিকার হন, অন্যকেও বিভ্রান্ত করেন।

২. খেলাফত যামানা আর বর্তমান যামানা এক নয়ঃ

ইসলামী খেলাফত যতদিন কায়েম ছিলো ততদিন শাসন ব্যবস্থা ইসলামী ছিল। তবে শাসকরা কম বেশ জুলুম করতেন। বিচারকরা কখনোও কখনোও শরীয়ত পরিপন্থি ফায়সালা দিয়ে দিতেন। কিন্তু এটা কুফর নয়। আইম্মায়ে কেরাম জালেম শাসকদের বিরুদ্ধে জিহাদ তো করেছেন, কিন্তু তাদেরকে কাফের ফতোয়া দেননি।

পক্ষান্তরে বর্তমানে মুসলিম রাষ্ট্রগুলোতে রাষ্ট্রীয় শাসন ব্যবস্থাই কুফরী। সেখানে আল্লাহ তাআলার শরীয়ত অনুযায়ী বিচার না করে বরং মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে বিচার করা হয়। আর কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী শাসকরা কাফের ও মুরতাদ।

যদিও তারা নিজেদেরকে মুসলমান দাবি করে, নামায-রোযা ও অন্যান্য হুকুম আহকাম পালন করে।

কিন্তু অনেকে এ দুই যামানাকে এক করে ফেলেন। বর্তমান শাসকগোষ্ঠীকে খেলাফত যামানার শাসকদের মতো জালেম মুসলমান মনে করেন। ফলে নিজেও মারাত্মক বিভ্রান্তির শিকার হন, অন্যকেও বিভ্রান্ত করেন।

৩. 'দারুল মুসলিমীন' না বলে 'দারুল ইসলাম' কেন বলা হল?

সমস্ত ফিকহের কিতাবে বলা হয়, 'দারুল ইসলাম'। 'দারুল মুসলিমীন' বলা হয় না। অর্থাৎ রাষ্ট্রকে ইসলামের দিকে সম্বন্ধিত করা হয়, মুসলমানদের দিকে নয়। এ থেকে বোঝে আসে, কোন রাষ্ট্র 'দারুল ইসলাম' হওয়ার জন্য তাতে মুসলমান থাকা জরুরি নয়, কিন্তু ইসলাম থাকা জরুরি। আবার ইসলাম পরাজিত হয়ে থাকলে হবে না। বিজয়ী বেশে থাকা শর্ত। রশীদ আহমদ গাঙ্গহী রহ. তাঁর ফতোয়ায় এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন।

অতএব, যেখানে ইসলাম বিজয়ী তা দারুল ইসলাম। যদিও তাতে মুসলমান না থাকে। যেমন, দারুল ইসলামের ঐ অংশ যেখানে যিম্মি কাফেররা বসবাস করে।

আর যেখানে ইসলাম বিজয়ী নয় তা দারুল ইসলাম নয়। যদিও তাতে অনেক মুসলমান থাকে। যেমন, ঐ দারুল হরব যেখানে মুসলমানরা কাফেরদের অনুমতি নিয়ে বা তাদের গাফলতির সুযোগে বসবাস করে।

৪. রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র দারুল ইসলাম হওয়া অসম্ভব

তাকি উসমানী সাহেব দা.বা. অত্যন্ত জোর দিয়ে বুঝাতে চাচ্ছেন- কোন রাষ্ট্রে রাষ্ট্রীয় এবং সাংবিধানিকভাবে কুফরী বিধান জারি থাকলেও এবং মুসলমান জনসাধারণ ইসলামী শাসন জারি করতে না পারলেও রাষ্ট্র দারুল ইসলাম হওয়া সম্ভব।

কিন্তু আইম্মায়ে কেরামের বক্তব্য দেখলে এই ধারণা সঠিক মনে হয় না। কেননা কোন রাষ্ট্র ইসলামী রাষ্ট্র না কুফরী রাষ্ট্র এবং তা মুসলমানদের হাতে না কাফেরদের হাতে তা বুঝা যাবে তাতে প্রচলিত রাষ্ট্রীয় বিধান থেকে। ইসলামী বিধান চললে রাষ্ট্র দারুল ইসলাম, আর কুফরী বিধান চললে রাষ্ট্র দারুল কুফর। রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র কখনো ইসলামী রাষ্ট্র হতে পারে না এবং তা মুসলমানদের হাতে থাকতে পারে না।

কেননা, কোন মুসলমান শাসক রাষ্ট্রীয়ভাবে কুফরী আইন জারি করে দিলে সে আর মুসলমান থাকে না। মুরতাদ হয়ে যায়। এ ব্যাপারে নমুনাস্বরূপ নির্ভরযোগ্য ওলামায়ে কেরামের কয়েকটি ফতোয়া এইমাত্র উল্লেখ করেছি।

মুরতাদ শাসককে হটিয়ে ন্যায়পরায়ণ মুসলিম শাসক নির্বাচন করা মুসলমানদের উপর ওয়াজিব। যদি উক্ত মুরতাদ শাসক ইসলামী শাসন রহিত করে রাষ্ট্রে কুফরী শাসন জারি করে দেয় এবং মুসলমানরা তাকে হটিয়ে ইসলামী শাসন জারি করতে না পারে তাহলে রাষ্ট্র আর দারুল ইসলাম থাকে না, দারুল কুফর হয়ে যায়। রশীদ আহমদ গাঙ্গুহী রহ. তাঁর ফতোয়ায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করেছে।

অতএব, এদিক থেকে রাষ্ট্রে রাষ্ট্রীয়ভাবে কুফরী বিধান জারি থাকা রাষ্ট্র দারুল হরব হওয়া এবং তা কাফেরদের হাতে থাকার নিদর্শন।

শাসকগোষ্ঠীর মুরতাদ হওয়ার বিষয়টি যদি আমরা আপাতত নাও ধরি তবুও আইম্মায়ে কেরামের স্বতন্ত্র ও সুস্পষ্ট বক্তব্য থেকে প্রমাণিত হয়, যেখানে কুফরী বিধান বিজয়ী তা দারুল হরব। আইম্মায়ে কেরামের অনেকেই সুস্পষ্ট বলে গেছেন, দারুল হরব ঐ রাষ্ট্র যেখানে কুফরী বিধান চলে। অতএব, রাষ্ট্রীয়ভাবে কুফরী বিধান চলার অর্থই রাষ্ট্র দারুল কুফর।

উল্লেখ্য যে, আইম্মায়ে কেরামের কারো কারো বক্তব্যে এসেছে, দারুল হরব ঐ রাষ্ট্র যেখানে কাফেরদের শাসন চলে; আবার কারো কারো বক্তব্যে এসেছে, দারুল হরব ঐ রাষ্ট্র যেখানে কুফরী বিধান

চলে। আসলে এ দুইয়ের মাঝে কোন তাআরুজ বা বিরোধ নেই। কারণ মুসলিম শাসক যখন আল্লাহ তাআলার শরীয়ত বাদ দিয়ে কুফরী বিধান দিয়ে রাষ্ট্র পরিচালনা করে তখন আর সে মুসলমান থাকে না। মুরতাদ হয়ে যায়। এরপর যখন তাকে হটিয়ে ইসলামী শাসন কায়েম না করা যায় তখন রাষ্ট্র দারুল হরব হয়ে যায়। অতএব, রাষ্ট্রে কুফরী বিধান চলার অর্থই হচ্ছে তা কাফের বা মুরতাদদের দখলে আছে। কাজেই রাষ্ট্রে কুফরী বিধান চলার যে অর্থ, রাষ্ট্র কাফেরদের হাতে থাকারও একই অর্থ। এ কারণেই কেউ বলেছেন, দারুল হরব ঐ রাষ্ট্র যেখানে কাফেরদের শাসন চলে, আবার কেউ বলেছেন, দারুল হরব ঐ রাষ্ট্র যেখানে কুফরী বিধান চলে। মূলত উভয় কথার উদ্দেশ্য একই।

এবর আসুন আইম্মায়ে কেরামের কয়েকটি বক্তব্য লক্ষ করিঃ

শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০ হি.) বলেন,

فكل موضع ظهر فيه حكم الشرك فالقوة في ذلك الموضع للمشركين فكانت دار حرب. وكل موضع كان الظاهر فيه حكم الإسلام فالقوى فيه للمسلمين.

[প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে কুফরী বিধান বিজয়ী রয়েছে, তার ক্ষমতা কাফেরদের হাতে। কাজেই তা দারুল হরব। আর প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে ইসলামী বিধান বিজয়ী রয়েছে, তার ক্ষমতা মুসলমানদের হাতে।][1]

আল্লামা কাসানী রহ.(মৃত্যুঃ ৫৮৭ হি.) বলেন,

أَنَّ قَوْلَنَا دَارُ الْإِسْلَامِ وَدَارُ الْكُفْرِ إضَافَةُ دَارٍ إلَى الْإِسْلَامِ وَإِلَى الْكُفْرِ، وَإِنَّمَا تُضَافُ الدَّارُ إلَى الْإِسْلَامِ أَوْ إلَى الْكُفْرِ لِظُهُورِ الْإِسْلَامِ أَوْ الْكُفْرِ فِيهَا... فَإِذَا ظَهَرَ أَحْكَامُ الْكُفْرِ فِي دَارٍ فَقَدْ صَارَتْ دَارَ كُفْرٍ

১. আল-মাবসূত : ১০/১১৪

[আমরা যে বলি, 'দারুল ইসলাম', 'দারুল কুফর' এর অর্থ রাষ্ট্রকে ইসলাম ও কুফরের দিকে সম্বন্ধিত করা। রাষ্ট্রকে তখনই ইসলামের দিকে বা কুফরের দিকে সম্বন্ধিত করা হবে যখন তাতে ইসলাম বা কুফর বিজয়ী থাকবে। কাজেই যখন কোন রাষ্ট্রে কুফরী বিধান বিজয়ী হয়ে যাবে, তখন তা দারুল কুফর হয়ে যাবে।][১]

কাজী আবু ইয়ালা হাম্বলী রহ. (মৃত্যুঃ ৪৫৮ হি.) বলেন,

وكل دار كانت الغلبة فيها لأحكام الإسلام دون أحكام الكفر فهي دار إسلام، وكل دار كانت الغلبة فيها لأحكام الكفر دون أحكام الإسلام فهي دار كفر

[প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে ইসলামী বিধান বিজয়ী তা দারুল ইসলাম। আর প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে কুফরী বিধান বিজয়ী তা দারুল কুফর।][২]

ইমাম মারদাবী রহ. (মৃত্যু: ৮৮৫হি.) বলেন,

ودار الحرب: ما يغلب فيها حكم الكفر

[দারুল হরব ঐ ভূখণ্ড যেখানে কুফরী বিধান বিজয়ী।][৩]

ইবনু মুফলীহ আল-হাম্বলী রহ. (মৃত্যু: ৭৬৩হি.)- যিনি শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর শাগরেদ বলেন,

فكل دار غلب عليها أحكام المسلمين فدار الإسلام، وإن غلب عليها أحكام الكفار فدار الكفر، ولا دار لغيرهما

[প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে মুসলমানদের আহকাম বিজয়ী তা দারুল ইসলাম। আর যদি তাতে কাফেরদের আহকাম বিজয়ী হয় তাহলে তা দারুল কুফর।এই দুই প্রকার রাষ্ট্র ব্যতীত অন্যকোন রাষ্ট্র নেই।][১]

---

১. বাদায়িউস সানায়ী : ৬/১১২
২. আল-মু'তামাদ ফিল উসূর : ২৭৬
৩. আল-ইনসাফ : ৪/১২১

আলমাওসূআতুল ফিকহিয়্যাহ্ আলকুয়েতিয়্যাহ’ তে দারুল ইসলাম ও দারুল হরবের নিম্নোক্ত সংজ্ঞা দেয়া হয়েছে-

دار الإسلام هي: كل بقعة تكون فيها أحكام الإسلام ظاهرة.اه

[দারুল ইসলাম প্রত্যেক এমন ভূখণ্ড যেখানে ইসলামী বিধান বিজয়ী রয়েছে।]

دار الحرب هي: كل بقعة تكون فيها أحكام الكفر ظاهرة.اه

[দারুল হরব প্রত্যেক এমন ভূখণ্ড যেখানে কুফরী বিধান বিজয়ী রয়েছে।]

‘আল-মাওসূআতুল ফিকহিয়্যাহ্ আল-কুয়েতিয়্যাহ’: ২০/২০১, হরফ: দাল]

অতএব, রাষ্ট্রীয় আইন কুফরী হবে কিন্তু রাষ্ট্র হবে ইসলামী এটা সম্ভব নয়। রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র অবশ্যই দারুল কুফর এবং তা কাফেরদের হাতে। চাই আসলী কাফের হোক, বা মুরতাদ কাফের হোক।

৫. ‘হয়তো দারুল’ ইসলাম নতুবা ‘দারুল হরব’; মাঝামাঝি কোন সূরত নেই :

বর্তমান কুফরী আইন দ্বারা শাসিত গণতান্ত্রিক মুসলিম রাষ্ট্রগুলোকে অনেকে দারুল আমান বলে থাকেন। আবার কেউ কেউ দারুল মুসলিমীনও বলেন।

কিন্তু দলীলের আলোকে তাদের এই বক্তব্য সহীহ বলে ধরা যায় না। কারণ-

* রাষ্ট্র হয়তো ‘দারুল ইসলাম’ নতুবা ‘দারুল হরব’। মাঝামাঝি কোন সূরত নেই। যা দারুল ইসলাম নয় তা দারুল হরব। ফুকাহায়ে কেরাম রাষ্ট্রকে দারুল ইসলাম ও দারুল হরব ব্যতীত তৃতীয় কোন প্রকারে ভাগ করেননি। কোন মাজহাবের ফিকহের কোন কিতাবে দারুল

১. আল-আদাবুশ শরঈয়্যাহ : ১/২১২

আমান বা দারুল মুসলিমীন নামে এমন কোন তৃতীয় প্রকার পাওয়া যায় না যা দারুল ইসলামও নয় আবার দারুল হরবও নয়। অতএব বলা যায়, দারুল আমান বা দারুল মুসলিমীন নামক পরিভাষা যা বর্তমানে অনেকে ব্যবহার করছেন তা নব আবিস্কৃত এবং ফুকাহায়ে কেরামের ইজমা-ঐকমত্যের পরিপন্থি।

* একটু পূর্বে আলোচনা করে এসেছি, রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র দারুল ইসলাম হওয়া অসম্ভব। বরং যেখানে কুফরী বিধান চালু থাকবে তা দারুল হরব। এ ব্যাপারে আইম্মায়ে কেরামের সুস্পষ্ট বক্তব্য সেখানে উল্লেখ করা হয়েছে। কাজেই এ ধরনের রাষ্ট্রকে তৃতীয় কোনো নাম দারুল আমান বা দারুল মুসলিমীন দেয়া যাবে না। বরং দারুল হরব বলতে হবে।

* দারুল ইসলাম ও দারুল হরবের মাঝামাঝি কোন রাষ্ট্র আছে বলে মনে করা কৃদরিয়্যাদের আকিদা। কৃদরিয়্যাদের একটা ভ্রান্ত আকিদা হলো, কবীরা গুনাহকারীরা মুসলমানও নয়, কাফেরও নয়; বরং তারা ঈমানদার ও কাফেরের মাঝিমাঝি এক স্তরের মানুষ। কিন্তু আহলে সুন্নত ওয়াল জামাআতের আকিদা হলো, মানুষ দুই প্রকারইঃ হয়তো ঈমানদার, নয়তো কাফের। মাঝামাঝি কোন প্রকার নেই।

কৃদরিয়্যারা মানুষের ক্ষেত্রে যেমন এই ভ্রান্ত আকিদা রাখে যে, ঈমানদার ও কাফেরের মাঝামাঝি এক প্রকার মানুষ রয়েছে, তদ্রূপ রাষ্ট্রের ক্ষেত্রেও এই ভ্রান্ত আকিদা রাখে যে, দারুল ইসলাম ও দারুল হরবের মাঝামাঝি এক প্রকার রাষ্ট্র রয়েছে যাকে তারা 'দারুল ফিসক' তথা 'ফাসেকি রাষ্ট্র' নাম দেয়।

ফকীহে বাগদাদ কাজী আবু ই'য়ালা হাম্বলী রহ. (মৃত্যু: ৪৫৮হি.) বলেন-

وكل دار كانت الغلبة فيها لأحكام الإسلام دون أحكام الكفر فهي دار إسلام، وكل دار كانت الغلبة فيها لأحكام الكفر دون أحكام الإسلام

فهي دار كفر ، خلافا للقدرية في قولهم: إن كلا دار كانت الغلبة فيها للفساق دون المسلمين ولا الكفار: فإنها ليست بدار كفر ولا دار إسلام ، بل هي دار فسق. وهذا بناء على أصلهم فى القول بالمنزلة بين منزلتين ... ولا يجوز كون مكلف ليس بمؤمن ولا كافر، كذلك الدار أيضا لا يخلو من أن تكون داركفر أو دار إسلام.اه

[প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে ইসলামী বিধান বিজয়ী তা দারুল ইসলাম। আর প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে কুফরী বিধান বিজয়ী তা দারুল কুফর। কৃদরিয়্যারা এর বিপরীত মত পোষণ করে থাকে। তারা বলে, প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে মুসলমানরাও নয়, কাফেররাও নয় বরং ফাসেকরা বিজয়ী তা দারুল কুফরও নয়, দারুল ইসলামও নয়। বরং তা 'দারুল ফিসক'। তাদের এ আকিদা তাদের 'মানযিলাতুন বাইনাল মানযিলতাইন' দুই স্তরের মাঝামাঝি স্তর মূলনীতির উপর প্রতিষ্ঠিত। কোন মুকাল্লাফ ব্যক্তি আকেল বালেগ পুরুষ বা মহিলা মুমিনও হবে না, কাফেরও হবে না এটা যেমন অসম্ভব, রাষ্ট্রও তেমনি দারুল কুফর বা দারুল ইসলামের কোন একটা না হয়ে পারে না।][১]

* যারা কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী শাসকদেরকে মুসলমান মনে করে তারা যখন এসব রাষ্ট্রকে দারুল আমান বলেন তখন বিষয়টা বড়ই আশ্চর্য্য লাগে। কারণ তারা দারুল আমানের সংজ্ঞা, উদাহরণ, দৃষ্টান্ত সবকিছু দেন নবীযুগের হাবশা দিয়ে। কিন্তু প্রশ্ন হলো, যখনকার হাবশাকে দারুল আমান বলা হচ্ছে তখনকার হাবশার শাসক মুসলমান ছিলো না কাফের ছিলো?! সে হাবশা তখন মুসলমানদের হাতে ছিলো না কাফেরদের হাতে?! যদি তখন সেখানকার শাসক কাফের হয়ে থাকে, যদি তা কাফেরদের হাতে থেকে থাকে তাহলে তো তা দারুল হরব। হ্যাঁ, যেখানে সেখানে মুসলমানরা নিরাপত্তার সাথে দ্বীন পালন করতে পারতো এ কারণে

১. আল-মু'তামাদ ফিল উসূল : ২৭৬

তাকে দারুল আমান বলা হয়েছে। অতেএব, বিশেষ পরিস্থিতিতে তখনকার মক্কা যা তখন দারুল খওফ তথা ভীতিসংকুল রাষ্ট্র ছিলো তার তুলনায় হাবশাকে দারুল আমান (নিরাপদ রাষ্ট্র) বলা হয়েছে। অতএব, দারুল আমান মূলত দারুল হরবই।

অতএব, যারা এসব শাসককে মুসলমান মনে করে এবং এসব রাষ্ট্রকে দারুল হরব মনে করে না তারা এসব রাষ্ট্রকে দারুল আমান বলা বড়ই আশ্চর্য্য জনক।

* কেউ হয়তো বলতে পারেন, আইম্মায়ে কেরামের যামানায় বর্তমানের মত কুফরী শাসন ছিলো না, ফলে তাঁরা শুধু দারুল ইসলাম আর দারুল কুফর এ দু'ভাগেই ভাগ করেছিলেন। কিন্তু বর্তমান কুফরী শাসনের যামানায় তৃতীয় আরেকিটি প্রকারের প্রয়োজন।

উত্তরে বলবো–

কুফরী শাসন ছিলো না কথাটা ঠিক নয়। তাতারীদের কথা আমরা আলোচনা করে এসেছি। তাদের শাসন ব্যবস্থা কুফরী ছিল। যার ফলে আইম্মায়ে কেরাম তাদেরকে মুরতাদ ফতোয়া দিয়েছেন। তাদের বিরুদ্দে কিতালকে ফরয বলে ঘোষণা দিয়েছেন। নিজেরাও সশস্ত্রভাবে তাদের বিরুদ্দে কিতাল করেছেন।

আর রাষ্ট্র মুরতাদদের হাতে চলে যাওয়ার পর তা যে দারুল হরব তা আর ফতোয়ার অপেক্ষায় থাকে না।

বর্তমান কুফরী শাসনাধীন রাষ্ট্রগুলো কি দারুল ইসলাম না দারুল হরব এই প্রশ্ন যেমন হচ্ছে, তাতারীদের দখলকৃত তখনকার রাষ্ট্রগুলোর ব্যাপারেও এই প্রশ্ন হয়েছিলো যে, সেগুলো কি দারুল ইসলাম না দারুল হরব? তখন স্পষ্টভাবে ফতোয়া দেয়া হয়েছে, এসব রাষ্ট্র দারুল হরব।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যু: ৭২৮হি.) যিনি তাতারী মুরতাদদের বিরুদ্দে জিহাদে জীবন ব্যয় করেছেন তিনি একটু ভিন্ন মত পোষণ করেছিলেন। তাতারীদের দখলকৃত 'মারিদীন' যা বর্তমানে

তুরস্কে অবস্থিত এর ব্যাপারে তাঁকে জিজ্ঞেস করা হয়েছিল, তা কি দারুল হরব না দারুল ইসলাম? তিনি উত্তর দিয়েছিলেন, তা পূর্ণ অর্থে দারুল ইসলামও নয়, আবার দারুল হরবও নয়; বরং তা 'দারে মুরাক্কাবাহ্' তথা দারুল ইসলাম ও দারুল হরবের সমন্বিত একটা রূপ।

ফতোয়াটি তাঁর ভাষায় নিম্নরূপ :

وأما كونها دار حرب أو سلم فهي مركبة فيها المعنيان ليست بمنزلة دار السلم التي يجري عليها أحكام الإسلام، لكون جندها مسلمين، ولا بمنزلة دار الحرب التي أهلها كفار بل هي قسم ثالث يعامل المسلم فيها بما يستحقه ويقاتل الخارج عن شريعة الإسلام بما يستحقه.

[আর তা দারুল হরব না'কি দারুল ইসলাম তো এ ব্যাপারে কথা হচ্ছে, তা 'দারে মুরাক্কাবাহ্'। যাতে উভয় দিকই বিদ্যমান। দারুল ইসলামের সমপর্যায়েরও নয় যেখানকার সৈনিকগণ মুসলমান হওয়ার কারণে তাতে ইসলামী বিধান চলছে; আবার দারুল হরবের মতোও নয় যেখানকার অধিবাসীরা কাফের। বরং তা তৃতীয় একটি প্রকার। সেখানকার মুসলমানদের সাথে তাদের প্রাপ্য অনুযায়ী মুআমালা করা হবে, আর ইসলামী শরীয়ত থেকে যারা খারিজ হয়ে গেছে তাদের বিরুদ্ধে তাদের প্রাপ্য অনুযায়ী কিতাল করা হবে।][১]

কিন্তু শাইখুল ইসলামের এই তৃতীয় প্রকার গ্রহণযোগ্য হয়নি। কেননা, তা পূর্ববর্তী আইম্মায়ে কেরামের ইজমা-ঐকমত্যের বিপরীত। এ কারণে তাঁর এ মত 'তাফাররুদ' তথা 'ইজমা পরিপন্থি বিচ্ছিন্ন মত' বলে বিবেচিত হয়েছে। স্বয়ং তাঁর শাগরেদ ইবনু মুফলিহ রহ. (মৃত্যু: ৭৬৩ হি.) এ মতকে পূর্বসূরি আইম্মায়ে কেরামের বিপরীত বিচ্ছিন্ন মত বলে অভিহিত করেছেন।

---

১. মাজমুউল ফাতাওয়া : ২৮/২৪০-২৪১

ইবনু মুফলিহ রহ. বলেন-

فصل في تحقيق دار الإسلام و دار الحرب

فكل دار غلب عليها أحكام المسلمين فدار الإسلام، وإن غلب عليها أحكام الكفار فدار الكفر، ولا دار لغيرهما ، وقال الشيخ تقي الدين، وسئل عن ماردين ... والأول هو الذي ذكره القاضي و الأصحاب.اه

['দারুল ইসলাম' ও 'দারুল হরব' এর বিশ্লেষণ সংক্রান্ত পরিচ্ছেদ] প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে মুসলমানদের আহকাম বিজয়ী তা দারুল ইসলাম। আর যদি তাতে কাফেরদের আহকাম বিজয়ী হয় তাহলে তা দারুল কুফর। এই দুই প্রকার রাষ্ট্র ব্যতীত অন্যকোন রাষ্ট্র নেই। শায়খ তাকী উদ্দীন ইবনে তাইমিয়া রহ. কে 'মারিদীন' সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন এরপর তিনি ইবনে তাইমিয়া রহ. এর পূর্বোক্ত ফতোয়াটি উল্লেখ করেন। তারপর বলেন: তবে কাজী আবু ই'য়ালা রহ. (মৃত্যু: ৪৫৮হি.) যার বক্তব্য আমি পূর্বে উল্লেখ করেছি এবং মাজহাবের অন্যান্য ইমামগণ প্রথমটিই উল্লেখ করেছেন।][১]

এখানে লক্ষণীয় যে,

والأول هو الذي ذكره القاضي و الأصحاب.اه

[কাজী আবু ই'য়ালা এবং মাজহাবের অন্যান্য ইমামগণ প্রথমটিই উল্লেখ করেছেন।] এই বাক্যটিতে আরবি ভাষা অনুযায়ী তিনটা তা'কিদ ব্যবহার করা হয়েছেঃ

১. মুবতাদা (সাবজেক্ট-উদ্দেশ্য) ও খবর (অবজেক্ট-বিধেয়) উভয়কে মা'রেফা আনা হয়েছে।

---

১. আল-আদাবুশ শরঈয়্যাহ : ১/২১২

২. যমীরে হসর (সীমাবদ্ধতা নির্দেশক সর্বনাম) هو আনা হয়েছে, যা বুঝায় খবরটি মুবতাদার মাঝে সীমাবদ্ধ। অর্থাৎ কাজী সাহেব এবং মাজহাবের অন্যান্য ইমামগণ রাষ্ট্রের প্রকার দু'টিই উল্লেখ করেছেনে, তৃতীয় কোন প্রকার উল্লেখ করা হয়নি।

৩. জুমলায়ে ইসমিয়্যাহ্ (বিশেষ্যবাচক বাক্য) আনা হয়েছে।

যারা ফিকহ ও ফতোয়ার কিতাবাদির সাথে সম্পর্ক রাখেন তাদের নিকট অস্পষ্ট নয় যে, এ ধরনের তাকিদপূর্ণ বাক্য মাজহাবের সর্বসম্মত ও মুফতা বিহি মতটি (যার উপর ফতোয়া দেয়া হয়) বুঝানোর জন্য এবং তার বিপরীত মতটিকে 'যয়ীফ' (দুর্বল) এবং 'তাফাররুদ' (বিচ্ছিন্ন মত) বুঝানোর জন্য ব্যবহার করা হয়।

অর্থাৎ শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর এ মতটি মাজহাবের আইম্মায়ে কেরামের ইজমা-ঐকমত্যের বিপরীত দুর্বল ও বিচ্ছিন্ন একটি মত। কাজেই তা গ্রহণযোগ্য নয়।

অতএব, রাষ্ট্রের প্রকার দু'টিই রয়ে গেল। হয়তো দারুল ইসলাম, নতুবা দারুল হরব। তৃতীয় কোন প্রকার নেই।

অধিকন্তু যদি শাইখুল ইসলামের এ মত গ্রহণযোগ্যও হত তবুও তা দারুল আমানের প্রবক্তাদের পক্ষে দলীল হতো না। কারণ:

* শাইখুল ইসলামের ফতোয়াতে দারুল আমান বলে কিছু নেই।

* শাইখুল ইসলাম তাঁর ফতোয়াতে তাতারীদের হুকুমতের বিরুদ্ধে কিতাল করার ফতোয়া দিয়েছেন। কিন্তু বর্তমানে যারা কুফরী আইন দ্বারা শাসিত রাষ্ট্রগুলোকে দারুল আমান বলতে চান তারা এর দ্বারা বুঝাতে চান: যেহেতু সেগুলো দারুল আমান কাজেই সেগুলোর হুকুমতের বিরুদ্ধে কিতাল করা যাবে না। কিন্তু শাইখুল ইসলাম উল্টো কিতাল করার ফতোয়া দিয়েছেন। কাজেই শাইখুল ইসলামের ফতোয়া দারুল আমানওলাদের জন্য সুবিধাজনক নয়।

CamScanner

তাকি উসমানী সাহেব দা.বা.-এর বক্তব্যের পর্যালোচনা

তাকি উসমানী সাহেব দা.বা. "ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত" নামক কিতাবে কুফরী আইন দ্বারা শাসিত বর্তমান গণতান্ত্রিক রাষ্ট্রগুলোকে 'দারুল ইসলাম' তথা 'ইসলামী রাষ্ট্র' দাবি করেছেন।

পর্যালোচনায় যাওয়ার আগে "ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত" থেকে তাকি উসমানী সাহেব দা.বা.-এর বক্তব্যটি তুলে ধরছি।

তিনি বলেন,

پانچوا باب

دفاع اور امور خارجہ

اس باب کا موضوع یہ ہے کہ اسلامی ریاست میں دوسرے ملکوں کے ساتھ کس قسم کے تعلقات رکھے جاسکتے ہیں؟ اس مسئلے کو سمجھنے کے لیئے پہلے یہ ذکر کرنا مناسب معلوم ہوتا ہے کہ اسلامی فقہ می دنیا کے ملکوں کے لیئے جو دو اصطلاحات استعمال ہوتی ہیں ایک دار الاسلام اور دوسرے دار الحرب یا دار الکفر ان دو اصطلحات کا مطلب کیا ہے؟

دار الاسلام اور دار الحرب

دار الاسلام سے مراد وہ ملک ہے جو مسلمانوں کے قبضے میں ہو، اور اس پر انکا مکمل تسلط اس طرح قائم ہو کہ وہاں انہی کے احکام جاری اور نافذ ہوتے ہوں۔ چنانچہ علامہ سرخسی رحمۃ اللہ علیہ دار الاسلام کی تعریف اس طرح فرماتے ہیں:

"فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين"

یعنی: دار الاسلام اس جگہ کا نام ہے جو مسلمانوں کے قبضے میں ہو۔

شرح السير الكبير باب ١٢٧ ج ٤ ص٨٦

اور جامع الرموز میں الکافی کے حوالے سے اس کی تعریف اس طرح کی گئ ہے:

"دار الاسلام ما يجري فيه حكم امام المسلمين و كانوا فيه آمنين".

یعنی: دار الاسلام وہ ہے جس میں مسلمانوں کے امام (سربراہ) کا حکم چلتا ہو اور مسلمان اس میں امن سے رہتے ہوں۔

جامع الرموز ج٤ص٥٥٦

اگرچہ مسلمانوں کے تسلط میں ہونے کا نتیجہ یہ ہونا چاہیئے کہ اس ملک میں تمام احکام اسلامی شریعت کے مطابق جاری ہوں، لیکن اگر مسلمان حکمرانوں کی

غفلت سے اس میں شریعت کا مکمل نفاذ نہ ہو، تب بھی اگر اقتدار مسلمانوں کے ہاتھ میں ہو، تو اسے دار الاسلام ہی کہا جائے گا۔

جامع الرموز کی مذکورہ بالا عبارت میں جو کہا گیا ہے کہ اس ملک میں مسلمانوں کے امام کا حکم چلتا ہو اس سے بعض حضرات کو یہ شبہ ہوا ہے کہ یہاں حکم سے مراد تمام احکام شریعت ہیں، لہٰذا اگر مسلمانوں کے زیر تسلط کسی ملک میں شریعت کے تمام احکام نافذ نہ ہوں تو اسے دار الاسلام نہیں کہا جا سکتا۔ لیکن یہ بات درست نہیں ہے۔ در حقیقت کسی ملک کے دار الاسلام قرار پانے کے لیئے اصل بات یہ ہے کہ اس پر مکمل اقتدار مسلمانوں کو حاصل ہو، اور انہیں اپنے احکام جاری کرنے کی مکمل قدرت حاصل ہو۔ پھر اگر وہ اپنی غفلت یا کوتاہی سے اسلام کے تمام احکام جاری نہ کریں تو یہ انکے لیئے شدید گناہ ہے، اور ان پر واجب ہے کہ تمام احکام شریعت کو نافذ کریں، لیکن انکی اس مجرمانہ غفلت کی وجہ س ملک دار الاسلام کی تعریف سے خارج نہیں ہوتا۔ اوپر آپ نے دیکھا کہ علامہ سرخسی رحمۃ اللہ علیہ نے دار الاسلام کی تعریف میں صرف یہ بات ذکر فرمائی کہ وہ مسلمانوں کے قبضے میں ہو، اور اسی بات کو جامع الرموز کی عبارت میں اس طرح تعبیر کیا گیا ہے کہ اس میں مسلمانوں کے احکام چلتا ہو، یعنی اس کے احکام نافذ ہوتے ہوں، قطع نظر اس کے کہ وہ احکام شریعت کے مطابق ہ ے یا نہیں۔ چونکہ اس دور میں اس بات کا تصور مشکل تھا کہ کوئی ملک مسلمانو ں کے تسلط میں ہونے کے باوجود اپنے باشندوں پر اسلامی احکام نافذ نہ کرے، اس لیئے اس دور میں یہ مسئلہ صراحت کے ساتھ بیان نہیں ہوا کہ اگر مسلمانوں

کے زیر اقتدار کسی ملک میں شریعت مکمل طور پر نافذ نہ ہو تو اسے دار الاسلام کہا جائیگا یا نہیں؟ بلکہ صرف یہ کہنے پر اکتفا کیا گیا کہ دار الاسلام وہ ہے جو مسلمانوں کے قبضے میں ہو، اور اس میں انہی کا حکم چلتا ہو- لیکن بعد کے زمانوں میں مسلمان حکمرانوں کی غفلت سے ایسی صورت حال پیش آئی کہ کوئی ملک مسلمانوں کے زیر اقتدار بھی ہے، اوراس می شریعت کے احکام پوری طرح نافذ نہیں ہیں، تو بعد کے فقہائے کرام نے اس کی صراحت بھی فرمادی- چنانچہ علامہ ابن عابدین شامی رحمۃ اللہ علیہ فرماتے ہیں:

"وبهذا ظهر أن ما في الشام من جبل تيم الله المسمى بجبل الدروز وبعض البلاد التابعة كلُّها دار إسلام، لأنها وإن كانت لها حكام دروز أو نصارى، ولهم قضاة على دينهم وبعضهم يعلنون بشتم الإسلام والمسلمين، و لكنهم تحت حكم ولاة أمورنا، وبلاد الإسلام محيطة ببلادهم من كل جانب، وإذا أراد ولي الأمر تنفيذ أحكامنا فيهم نفذها".

یعنی :اس سے یہ بات ظاہر ہو گئی کہ شام میں جو جبل تیم اللہ کا علاقہ ہے جسکا نام جبل الدروز بھی ہے، وہ اور اسکے تابع جو شہر ہیں، وہ سب دار الاسلام ہیں، کیونکہ اگرچہ ان علاقوں میں عیسائی اور دورزی حکام موجود ہیں، اور انکے قاضی بھی ہیں جو اپنے دین کے مطابق فیصلے کرتے ہیں، اور ان میں سے کچھ وہ بھی ہیں جو علانیہ اسلام اور مسلمانوں کو برا بھلا کہتیں ہیں، لیکن وہ ہمار حکام کے ما

تحت ہیں، اور اسلامی ممالک ہر طرف سے انکو گھیرے ہوے ہیں، اور اگر ولی الامر ان پر ہمارے احکام نافذ کرنا چھاہے تو نافذ کر سکتا ہے۔

رد المحتار، کتاب الجهاد، فصل فی استئمان الکافر، قبیل باب العشر والخراج ج۱۲ ص۶٦٠ طبع جدید

اس سے یہ بات مزید واضح ہو جاتی ہے کہ کسی ملک کے دار الاسلام ہونے کے لیئے اصل اہمیت اس بات کی ہے کہ اس پر مسلمانوں کا اقتدار اور قبضہ مکمل ہے یا نہیں؟ اگر اقتدار مکمل ہے تو اس ملک کو دار الاسلام کہا جائے گا، اور اس پر دار الاسلام ہی کے احکام جاری ہونگے، اگرچہ مسلمان حکمرانوں کی غفلت سے وہاں شریعت کا مکمل نفاذ نہ ہو سکا ہو۔

পঞ্চম অধ্যায়

প্রতিরক্ষা এবং পররাষ্ট্র নীতি

এই অধ্যায়ের আলোচ্য বিষয় হলো ইসলামী রাষ্ট্র অন্যান্য রাষ্ট্রের সাথে কী ধরনের সম্পর্ক রাখতে পারবে?

এই মাসআলা বুঝার জন্য প্রথমে ইসলামী ফিকহ শাস্ত্রে পৃথিবীর রাষ্ট্রগুলোর ক্ষেত্রে 'দারুল ইসলাম' ও 'দারুল হরব' বা 'দারুল কুফর' নামে যে দুটি পরিভাষা ব্যবহৃত হয় তার দ্বারা কী উদ্দেশ্য তা আলোচনা করে নেয়া মুনাসিব-উপযোগী মনে হচ্ছে।

'দারুল ইসলাম' ও 'দারুল হরব'

দারুল ইসলাম দ্বারা উদ্দেশ্য ঐ রাষ্ট্র যা মুসলানদের কব্জায় রয়েছে এবং তাতে তাদের এমন পরিপূর্ণ দখলদারিত্ব কায়েম রয়েছে যে, তাতে তাদের আহকাম কার্যকরীভাবে চলে।

যেমন আল্লামা সারাখসী রাহমাতুল্লাহি আলাইহি দারুল ইসলামের সংজ্ঞা এভাবে দিয়েছেন,

فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين

"'দারুল ইসলাম' ঐ ভূখণ্ডের নাম যা মুসলমানদের কব্জায় রয়েছে।"[১]

'জামিউর রুমুজ' এ 'আল-কাফি' এর বরাত দিয়ে এর সংজ্ঞা এভাবে দেয়া হয়েছে,

---

১. শরহুস সিয়ারীল কাবীর : পরিচ্ছেদ, খণ্ড :৪, পৃষ্ঠা : ৮৬

دار الإسلام ما يجري فيه حكم إمام المسلمين و كانوا فيه آمنين

"'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর শাসন চলে এবং মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে।"[১]

যদিও মুসলমানদের হাতে থাকার ফল এই হওয়ার কথা ছিলো যে, উক্ত রাষ্ট্রে সকল আইন ইসলামী শরীয়ত মোতাবেক চলবে, কিন্তু মুসলমান শাসকদের গাফলতির কারণে যদি পরিপূর্ণ শরীয়ত জারি নাও থাকে, তবুও যদি ক্ষমতা মুসলমানদের হাতে থাকে তাহলে তাকে দারুল ইসলামই বলা হবে।

জামিউর রুমুজের উপরোক্ত বক্তব্যে যা বলা হয়েছে, "ঐ ভূখণ্ডে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর শাসন চলে" এ থেকে কারো কারো এই সন্দেহ হয়ে গেছে,

'এখানে হুকুম দ্বারা ইসলামী শরীয়তের সকল বিধান উদ্দেশ্য। কাজেই যদি মুসলমানদের আয়ত্বাধীন কোন রাষ্ট্রে শরীয়তের সকল বিধান জারি না থাকে তাহলে তাকে দারুল ইসলাম বলা হবে না।'

কিন্তু এ কথা দুরস্ত নয়। প্রকৃতপক্ষে কোন রাষ্ট্র দারুল ইসলাম বলে প্রতীয়মান হওয়ার জন্য জন্য মূল বিষয় হচ্ছে তাতে মুসলমানদের পরিপূর্ণ ক্ষমতা থাকা এবং তাতে তাদের আহকাম জারি করার পূর্ণ সামর্থ্য থাকা। এরপর যদি তারা তাদের গাফলতি এবং ত্রুটির কারণে সকল আহকাম জারি না করে তাহলে এটা তাদের জন্য মারাত্মক গুনাহ। শরীয়তের সকল আহকাম জারি করা তাদের অবশ্যকর্তব্য। কিন্তু তাদের এই আমার্জনীয় গাফলতির কারণে উক্ত রাষ্ট্র দারুল ইসলামের সংজ্ঞা থেকে বের হয়ে যাবে না।

তুমি দেখেছ, আল্লামা সারাখসী রাহমাতুল্লাহি আলাইহি দারুল ইসলামের সংজ্ঞায় শুধু এতটুকু বলেছেন, তা মুসলমানদের কব্জায় রয়েছে।

---

১. জামিউর রুমুজ : খণ্ড : ৪, পৃষ্ঠা : ৫৫৬

আর এ বিষয়টাকেই জামিউর রুমুজের বক্তব্যে এভাবে বলা হয়েছে, "তাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর শাসন চলে"। অর্থাৎ তার আইন কার্যকর হয়। ঐ আইন শরীয়তসম্মত কি'না তার প্রতি ভ্রুক্ষেপ করা হয়নি।

যেহেতু ঐ যামানায় 'কোন রাষ্ট্র মুসলমানদের হাতে থাকা সত্ত্বেও তার অধিবাসীরা তাতে ইসলামী আহকাম জারি করবে না, তা কল্পনা করাও মুশকিল ছিলো, ফলে ঐ যামনায় সুস্পষ্ট করে বর্ণিত হয়নি, মুসলমানদের অধিনস্থ কোন রাষ্ট্রে পরিপূর্ণ শরীয়ত জারি না থাকলে তাকে দারুল ইসলাম বলা হবে কি'না। বরং শুধু এতটুকু বলার উপর ক্ষ্যান্ত করা হয়েছে, "'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যা মুসলমানদের কব্জায় রয়েছে এবং তাতে তাদেরই হুকুম চলে"।

কিন্তু পরবর্তী যামানায় মুসলমান শাসকদের গাফলতির কারণে যখন এমন সূরত সামনে আসলো, 'কোন রাষ্ট্র মুসলমানদের ক্ষমতাধীন কিন্তু তাতে ইসলামী শরীয়ত পরিপূর্ণ জারি নেই' তখন পরবর্তী যামানার ফুকাহাগণ তা স্পষ্টভাবে বলে দিয়েছেন {যে, এসব রাষ্ট্র দারুল ইসলাম}।

যেমন- আল্লামা ইবনে আবেদীন শামী রাহমাতুল্লাহি আলাইহি বলেন,

"وبهذا ظهر أن ما في الشام من جبل تيم الله المسمى بجبل الدروز وبعض البلاد التابعة كلُّها دار إسلام، لأنها وإن كانت لها حكام دروز أو نصارى، ولهم قضاة على دينهم و بعضهم يعلنون بشتم الإسلام والمسلمين، و لكنهم تحت حكم ولاة أمورنا، وبلاد الإسلام محيطة ببلادهم من كل جانب، وإذا أراد ولي الأمر تنفيذ أحكامنا فيهم نفذها".

"এ থেকে বুঝে আসে, শামের 'তাইমুল্লাহ্' পাহাড় যাকে 'দারুয পাহাড়'ও বলা হয় এবং এর অন্তর্গত আরো কতক শহর সবগুলোই দারুল ইসলাম। কেননা সেগুলোর শাসক যদিও দারুয বা নাসারা এবং তাদের নিজেদের ধর্মীয় বিচারকও রয়েছে যারা তাদের ধর্মের বিধান অনুযায়ী বিচার ফায়সালা করে, তাদের মধ্যে কিছু লোক এমনও রয়েছে যারা প্রকাশ্যে ইসলাম ও মুসলমানদের ব্যাপারে কটূক্তি করে থাকে; কিন্তু তারা সকলেই আমাদের মুসলমান শাসকদের অধীনস্থ। দারুল ইসলাম চতুর্দিক থেকে তাদের এলাকাকে বেষ্টন করে রেখেছে। মুসলমান শাসকগণ যখনই চাইবেন তাদের উপর আমাদের আহকাম জারি করে দিতে পারবেন।"[১]

এ থেকে এ বিষয়টি আরোও স্পষ্ট হয়ে যায় যে, কোন রাষ্ট্র দারুল ইসলাম হওয়ার জন্য মূল গুরুত্ব হলো তাতে মুসলমানদের পরিপূর্ণ কব্জা ও ক্ষমতা আছে কি'না। যদি পরিপূর্ণ ক্ষমতা থেকে থাকে তাহলে ঐ রাষ্ট্রকে দারুল ইসলাম বলা হবে এবং তার উপর দারুল ইসলামেরই আহকাম জারি হবে। যদিও মুসলমান শাসকদের গাফলতির কারণে তাতে পরিপূর্ণরূপে শরীয়ত জারি হতে না পারে।][২]

সামনে গিয়ে বর্তমান মুসলমান নামধারী শাসকদের দখলে থাকা কুফরী আইন দ্বারা শাসিত গণতান্ত্রিক রাষ্ট্রগুলোকে দারুল ইসলাম দাবি করে তিনি বলেন-

اور چونکہ ان میں سے ہر ملک میں اقتدار مسلمانوں ہی کے ہاتھ میں ہے اس لئے ان میں سے ہر ایک پر دار الاسلام کی تعریف بھی صادق آتی ہے۔

১. 'রদ্দুল মুহতার', কিতাবুল জিহাদ, 'বাবুল উশরি ওয়াল খারাজ' এর একটু আগে 'ইসতি'মানুল কাপের' সংক্রান্ত পরিচ্ছেদ। খণ্ড : ১২, পৃ. ৬৬০, নতুন সংস্করণ।

২. ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত : ৩২৪-৩২৭

[যেহেতু এ সব রাষ্ট্রের প্রত্যেকটার ক্ষমতা মুসলমানদেরই হাতে, এ কারণে এগুলোর প্রত্যেকটার উপর দারুল ইসলামের সংজ্ঞা প্রযোজ্য।][1]

তাঁর এ দুই বক্তব্যে তিনি অত্যন্ত পরিষ্কার ভাষায় ব্যক্ত করেছেন, (বর্তমান মুসলিম নামধারী শাসকগোষ্ঠী যদিও কুফরী আইন দ্বারা রাষ্ট্র শাসন করছে তবুও তারা মুসলমান। তাদের ক্ষমতাধীন রাষ্ট্রগুলো 'দারুল ইসলাম' তথা ইসলামী রাষ্ট্র। শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০) এবং আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য থেকে তা অস্পষ্টভাবে বুঝা যায়। আর আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.) এর বক্তব্য থেকে তা সুস্পষ্ট বুঝা যায়।)

আমরা আইম্মায়ে কেরামের বক্তব্যগুলোকে পর্যালোচনা করে দেখবো, তাঁদের বক্তব্যগুলো থেকে তাঁর এ দাবির কোন সমর্থন পাওয়া যায় কি'না। সাথে সাথে তাঁদের এ বক্তব্যগুলোর প্রকৃত প্রয়োগ ক্ষেত্র কী হবে তাও আলোচনা করবো ইনশাআল্লাহ।

***

১. ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত : ৩৩১

আইম্মায়ে কেরামের বক্তব্যসমূহের পর্যালোচনা

পর্যালোচনার সারকথা

শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০হি.) এর যামানায় কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা কথা কল্পনা করাও কঠিন ছিল। যেমনটা তাকি উসমানী সাহেব দা.বা. নিজেও স্বীকার করেছেন।

কাজেই তাঁর বক্তব্যঃ "'দারুল ইসলাম' ঐ ভূখণ্ডের নাম যা মুসলমানদের কব্জায় রয়েছে" দ্বারা এ কথা কীভাবে বোঝা যাবে, কুফরী আইন দিয়ে পরিচালিত রাষ্ট্র দারুল ইসলাম ?! কুফরী আইন তো তাঁর যামানায় ছিলই না।

বরং তাঁর যামানায় যেহেতু পরিপূর্ণ ইসলাম কায়েম ছিলো কাজেই মুসলমানদের হাতে থাকার দ্বারা এটাই উদ্দেশ্য, মুসলমানরা তাতে নিরাপত্তার সাথে শরীয়ত বাস্তবায়ন করতে পারে।

অতএব, তাঁর বক্তব্য থেকে যেসব রাষ্ট্রে পরিপূর্ণ ইসলাম কায়েম রয়েছে সেগুলো দারুল ইসলাম বোঝা যায়। কুফর শাসিত রাষ্ট্র দারুল ইসলাম হওয়া তাঁর বক্তব্য থেকে বোঝা যায় না।

আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য : "'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যেখানে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর শাসন চলে এবং মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে।"

এখানে 'ইমামুল মুসলিমীন' একটা পরিভাষা। আর পরিভাষার একটা সুনির্দিষ্ট অর্থ থাকে। সম্ভাব্য সকল অর্থই উদ্দেশ্য হয় না।

CS CamScanner

যেমন, 'সালাত' একটা পরিভাষা। যা একটা নির্দিষ্ট ইবাদাত বোঝায়। সালাতের আভিধানিক অর্থ দোয়া। কিন্তু পরিভাষায় সকল দোয়াকেই সালাত বলে না।

আল্লামা কুহুসতানী রহ. দারুল ইসলামের সংজ্ঞা প্রদানের পূর্বে পরিষ্কার বলে দিয়েছেন, এখানে 'ইমামুল মুসলিমীন' দ্বারা আহলুল হল ওয়াল আকদ কতৃক বাইয়াতকৃত শরয়ী ইমাম উদ্দেশ্য।

তদ্রূপ এখানে 'ইমামুল মুসলিমীনের শাসন' দ্বারা সব ধরনের শাসন উদ্দেশ্য নয়। জায়েয-নাজায়েয, হালাল-হারাম, ঈমানী-কুফরী সব ধরনের শাসন উদ্দেশ্য নয়।

বরং এখানে 'ইমামুল মুসলিমীনের শাসন' দ্বারা ইসলামী শাসন উদ্দেশ্য। কেননা ইমাম নিযুক্ত করাই হয় ইসলামী শরীয়ত বাস্তবায়নের জন্য।শরীয়তের বিরোদ্ধাচরণের জন্য নয়। যে ইমাম শরীয়তের বিরোদ্ধাচরণ করে সে আর ইমাম হওয়ার যোগ্য থাকে না। তাকে সরিয়ে ফেলা উম্মতের উপর ওয়াজিব।

তদ্রূপ তাঁর বক্তব্যঃ 'মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে' দ্বারা দ্বীন পালন সহ নিরাপত্তা উদ্দেশ্য। যে নিরাপত্তা লাভের জন্য দ্বীন বিসর্জন দেয়া ছাড়া গত্যন্তর নেই তা উদ্দেশ্য নয়। রশীদ আহমদ গাঙ্গুহী রহ. তাঁর ফতোয়ায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করেছেন।

অতএব, কুহুসতানী রহ. এর বক্তব্যের অর্থ দাঁড়ালঃ "'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যা আহলুল হল ওয়াল আকদ কতৃক বাইয়াতকৃত শরয়ী ইমামের শাসনাধীন রয়েছে। যেখানে ইসলামী আহকাম চলে এবং মুসলমানরা নিরাপত্তার সাথে তাদের দ্বীনের বিধি-বিধান পালন করতে পারে।"

যে রাষ্ট্রে ইসলামী আহকাম চলে না বরং কুফরী বিধান চলে; যেখানে হুদ, কেসাস, জিহাদ সহ দ্বীনের অন্যান্য বিধান বাস্তবায়ন জঘন্য অপরাধ বলে বিবেচিত হয় সেসব রাষ্ট্রকে এই বক্তব্যে 'দারুল ইসলাম' তথা ইসলামী রাষ্ট্র বলা হয়নি।

আল্লামা শামী রহ. এর বক্তব্যের সারকথা- আল্লাহ তাআলার নাযিলকৃত শরয়ী আইন দ্বারা শাসিত ইসলামী রাষ্ট্রের একটা অংশে কাফেররা প্রভাবশালী হয়ে উঠেছে। মুসলমান শাসকদের উচিৎ ছিলো তাদেরকে দমন করা, কিন্তু তারা তা সামর্থ্য থাকা সত্তেও তাদেরকে দমন করেননি। এই সুযোগে কাফেররা সেখানে কুফরী করে বেড়াচ্ছে। এই দমন না করা তাদের অপরাধ।

এ থেকে বোঝা যায়, কোন ইসলামীর রাষ্ট্রের শাসকের শিথিলতার কারণে যদি তাতে অন্যায় অপরাধ এমনকি কুফরীও চলতে থাকে তাহলেও তা দারুল ইসলামই থেকে যাবে। দারুল কুফর হয়ে যাবে না।

কিন্তু এ থেকে কিছুতেই এ কথা বোঝা যায় না, যেসব রাষ্ট্রের শাসকরা আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে দিয়ে মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করছে সেগুলো সব 'দারুল ইসলাম' তথা 'ইসলামী রাষ্ট্র'।

বিস্তারিত আলোচনা আল্লামা শামী রহ. এর বক্তব্যের পর্যালোচনায় আসবে ইনশাআল্লাহ।

***

পর্যালোচনা

* ইমাম সারাখসী রহ. (মৃত্যু-৪৯০হি.) এর বক্তব্যের পর্যালোচনাঃ মুফতী তাকি উসমানী সাহেব দা.বা. ইমাম সারাখসী রহ. এর বক্তব্যের একটা অংশ উল্লেখ করেছেন।

ইমাম সারাখসী রহ. এর পূর্ণ বক্তব্যটি নিম্নরূপ-

باب: ما يقطع من الخشب، وما يصاب من الملح وغيره

(وإذا خرجت سرية بإذن الإمام لقطع الشجر فوصلوا إلى مكان يخاف فيه المسلمون ، ثم قطعوا الخشب وجاءوا به فهو غنيمة يخمس)

لأن الموضع الذي لا يأمن فيه المسلمون من جملة دار الحرب ، فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين ، وعلامة ذلك أن يأمن فيه المسلمون .فإن قيل : كما أن المسلمين لا يأمنون في هذا المكان ، فكذلك أهل الحرب لا يأمنون فيه .قلنا : نعم ، ولكن هذه البقاع كانت في يد أهل الحرب ، فلا تصير دار الإسلام إلا بانقطاع يد أهل الحرب عنها من كل وجه . وهذا ؛ لأن ما كان ثابتا فإنه يبقى ببقاء بعض آثاره ، ولا يرتفع إلا باعتراض معنى هو مثله أو فوقه ، وإذا ثبت أنه من أرض أهل الحرب فما يكون فيه من الخشب يكون في يد أهل الحرب . فهذا مال أصابه المسلمون من أهل الحرب بطريق القهر ، وهو الغنيمة بعينه .اهـ

বক্তব্যের তরজমায় যাওয়ার পূর্বে ইমাম সারাখসী রহ. কোন প্রেক্ষিতে কথাটি বলেছেন তা জেনে নেয়া যাক।

ইমাম সারাখসী রহ. এর বক্তব্যের প্রেক্ষাপট বিশ্লেষণ

সারাখসী রহ. গনীমতের আলোচনায় কথাটি বলেছেন।

মুসলমানদের কোন শক্তিশালী দল দারুল হরব থেকে শক্তি প্রয়োগ করে যে মাল নিয়ে আসে তাকে গনীমত বলে।

গনীমতের বিধান হচ্ছে- তার খুমুস (এক পঞ্চমাংশ) বাইতুল মালে জমা দিতে হবে।

কোন মাল গনীমত হওয়ার জন্য তা দারুল হরব থেকে লাভ করা শর্ত। দারুল হরব থেকে লব্ধ না হলে তা গনীমত হবে না।

এখন প্রশ্ন হলো, দারুল হরব বলতে কী বুঝায়?

-যেসব রাষ্ট্র সরাসরি কাফেরদের দখলে আছে সেগুলো তো দারুল হরব হওয়া স্পষ্ট।

-তদ্রূপ যে সব রাষ্ট্র সরাসরি মুসলমানদের হাতে আছে, মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে ইসলামী শরীয়ত পালন করতে পারছে, কাফেররা সেখানে মুসলমানদের থেকে আমান (নিরাপত্তা) নেয়া ব্যতীত বসবাস করেতে পারে না সেগুলো দারুল ইসলাম হওয়াও স্পষ্ট।

-কিন্তু যেসব ভূখণ্ড মুসলমানদের হাতেও নেই, কাফেরদের হাতেও নেই সেগুলোর কী বিধান ?

সেগুলো কি দারুল ইসলাম না দারুল হরব ?

না'কি এ দুটোর কোনটিই নয়; বরং তৃতীয় নতুন আরেকটি প্রকার ?

যদি এসব ভূখণ্ড দারুল হরব হয় তাহলে সেখান থেকে লব্ধ মাল গনীমত বলে গণ্য হবে এবং তা থেকে খুমুস নেয়া হবে।

আর যদি দারুল হরব না হয় তাহলে তা থেকে লব্ধ মাল গনীমত ধরা হবে না এবং তা থেকে গনীমতের খুমুসও নেয়া হবে না।

সারাখসী রহ. বলেন, এসব ভূখণ্ড দারুল হরব । কাজেই সেখান থেকে লব্ধ মাল গনীমত বলে গণ্য হবে এবং তা থেকে খুমুসও নেয়া হবে।

এখন এখানে আপত্তি হতে পারে, এসব ভূখণ্ড তো কাফেরদের দখলে নেই, যেমন তা মুসলমানদের দখলেও নেই। মুসলমানরা যেমন সেখানে নিরাপদ নয়, কাফেররাও সেখানে নিরাপদ নয়।

কাফেরদের দখলে যেহেতু নেই কাজেই তা দারুল হরব হয় কীভাবে?

সারাখসী রহ. জওয়াব দেন-

এসব ভূখণ্ড কাফেরদের দখলে না থাকলেও দারুল হরব। কেননা, দারুল হরব হওয়ার জন্য কাফেরদের হাতে থাকা জরুরি নয়। মুসলমানদের হাতে না থাকলেই তা দারুল হরব। চাই তা কাফেরদের দখলে থাকুক বা না থাকুক।

CamScanner

কেননা এসব ভূখণ্ড এক সময় কাফেরদের হাতে ছিল। তখন সেগুলো দারুল কুফর ছিল। মুসলমানদের হাতে না আসলে সেগুলো দারুল কুফর হিসেবেই থেকে যাবে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নবী হয়ে আসলেন তখন সারা দুনিয়া কাফেরদের হাতে ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দাওয়াতের দ্বারা মানব জাতি ঈমানদার ও কাফের এ দুই দলে ভাগ হয়ে পড়ে। তিনি আল্লাহ তাআলার আদেশে মুমিনদেরকে নিয়ে মদীনায় হিজরত করে সেখানে ইসলামী রাষ্ট্র কায়েম করেন। মদীনা দুনিয়ার বুকে সর্বপ্রথম দারুল ইসলাম। আর বাকি সারা দুনিয়া দারুল কুফর হিসেবেই রয়ে যায়।

এরপর সাহাবায়ে কেরাম ও তাঁদের পরবর্তী যামানার মুসলমানগণ তরবারী হাতে বিশ্বের সকল প্রান্তে ছুটে যান। তাঁরা যেসব এলাকা বিজয় করে সেখানে ইসলামী শাসন কায়েম করতে পেরেছেন সেগুলো দারুল ইসলাম হয়েছে। আর যেগুলোতে ইসলামী শাসন কায়েম করতে পারেননি সেগুলো আগের মতো দারুল কুফরই রয়ে গেছে। সেগুলো বর্তমানে কাফেরদের হাতে থাকলেও যেমন দারুল হরব, কাফেরদের হাতে না থাকলেও আগে থেকে দারুল হরব ছিলো সে হিসেবে এখনো তা দারুল হরব।

মোট কথা- ইসলামী শাসনাধীন নয় এমন সকল ভূখণ্ডই দারুল হরব। চাই তা বর্তমানে কাফেরদের হাতে থাক বা না থাক।

অর্থাৎ ঐ তৃতীয় প্রকার ভূখণ্ড যা মুসলমানদের হাতেও নেই, কাফেরদের হাতেও নেই সেগুলোও যে দারুল হরব একথা বুঝানোর জন্যই তিনি বলেছেন–

فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين

“দারুল ইসলাম ঐ ভূখণ্ডের নাম যা মুসলমানদের কব্জায় রয়েছে।”

অর্থাৎ দারুল ইসলাম হতে গেলে মুসলমানদের দখলে আসা আবশ্যক। যা মুসলমানদের দখলে নেই তা দারুল হরব। চাই তা কাফেরদর হাতে থাকুক বা না থাকুক।

যখন সাব্যস্ত হলো, যে জায়গা থেকে কাঠ আনা হয়েছে তা দারুল হরব, তখন উক্ত কাঠ গনীমত বিবেচিত হবে এবং তা থেকে খুমুস নেয়া হবে।

এবার সারাখসী রহ. এর পূর্ণ বক্তব্যটির প্রতি লক্ষ্য করি। তাহলেই বিষয়টি বুঝে এসে যাবে ইনশাআল্লাহ।

باب : ما يقطع من الخشب ، وما يصاب من الملح وغيره

(وإذا خرجت سرية بإذن الإمام لقطع الشجر فوصلوا إلى مكان يخاف فيه المسلمون ، ثم قطعوا الخشب وجاءوا به فهو غنيمة يخمس.) لأن الموضع الذي لا يأمن فيه المسلمون من جملة دار الحرب ، فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين ، وعلامة ذلك أن يأمن فيه المسلمون.

فإن قيل : كما أن المسلمين لا يأمنون في هذا المكان ، فكذلك أهل الحرب لا يأمنون فيه.

قلنا : نعم ، ولكن هذه البقاع كانت في يد أهل الحرب ، فلا تصير دار الإسلام إلا بانقطاع يد أهل الحرب عنها من كل وجه . وهذا ؛ لأن ما كان ثابتا فإنه يبقى ببقاء بعض آثاره ، ولا يرتفع إلا باعتراض معنى هو مثله أو فوقه ، وإذا ثبت أنه من أرض أهل الحرب فما يكون فيه من الخشب يكون في يد أهل الحرب . فهذا مال أصابه المسلمون من أهل الحرب بطريق القهر ، وهو الغنيمة بعينه .اهـ

পরিচ্ছেদ ঃ যে কাঠ কাটা হয় এবং লবণ বা অন্য যা কিছু লাভ হয় (তার বিধান)

ইমামের অনুমতিক্রমে কোন সারিয়্যা (দল) গাছ কাটতে বের হয়ে যদি এমন স্থানে পৌঁছে যেখানে মুসলমানরা ভয়ে থাকতে হয়, তারপর সেখান থেকে কাট কেটে নিয়ে আসে তাহলে তা গনীমত। তা থেকে (বাইতুল মালের জন্য) খুমুস (এক পঞ্চমাংশ) নেয়া হবে।]

{কেননা যেখানে মুসলমানরা নিরাপদ নয় তা দারুল হরবের অন্তর্ভুক্ত। কারণ দারুল ইসলাম হচ্ছে ঐ ভূখণ্ডের নাম যা মুসলমানদের হাতে রয়েছে। আর তার (অর্থাৎ মুসলমানদের হাতে থাকার) আলামত হচ্ছে- সেখানে মুসলমানরা নিরাপদ।

যদি বলা হয় ঐ ভূখণ্ডে মুসলমানরা যেমন নিরাপদ নয়, দারুল হরবের অধিবাসীরাও সেখানে নিরাপদ নয় (তাহলে তা দারুল হরব হয় কীভাবে?)।

(উত্তরে) বলবো হ্যাঁ (কথা ঠিক যে, দারুল হরবের অধিবাসীরা সেখানে নিরাপদ নয়।) কিন্তু (এর পরও তা দারুল হরবের অন্তর্ভুক্ত। কেননা,) এসব ভূখণ্ড এক সময় হরবী কাফেরদের হাতে ছিল। কাজেই হরবীদের কতৃত্ব সর্ব দিক থেকে নিঃশেষ হওয়ার আগ পর্যন্ত তা দারুল ইসলাম হবে না। কারণ- যা এক সময় বিদ্যমান ছিল, তার কোন নিদর্শন বাকি থাকলেও তা বিদ্যমান রয়েছে বলেই ধরা হবে। তার সমপর্যায়ের বা তার চেয়েও শক্তিশালী কোন কিছু তার স্থান দখল না করে নেয়ার আগ পর্যন্ত তা দূরীভূত হবে না।

CamScanner

অতএব, যখন তা হরবী কাফেরদের ভূখণ্ড প্রমাণিত হলো, তখন তাতে যে কাট রয়েছে তা হরবীদের দখলে রয়েছে। অতএব, ইহা (অর্থাৎ কেটে আনা কাঠ) এমন মাল যা মুসলমানরা দারুল হরবের অধিবাসীদের থেকে শক্তি প্রয়োগের মাধ্যমে লাভ করেছে। আর এটাই তো গনীমত।}"[1]

বি.দ্র. থার্ড ব্র্যাকেট [ ] যুক্ত অংশটুকু ইমাম মুহাম্মদ রহ. এর বক্তব্য। সেকেন্ড ব্র্যাকেট { } যুক্ত অংশটুকু ইমাম সারাখসী রহ. এর ব্যাখ্যা। আর ফার্স্ট ব্র্যাকেট ( ) যুক্ত অংশটুকু বুঝানোর সুবিধার্থে আমাদের নিজেদের যুক্তকৃত।

এবার প্রত্যেক বিবেকবানের নিকট আমাদের প্রশ্ন:

ইনসাফের সাথে বলুন, ইমাম সারাখসী রহ. কি এখানে বুঝাতে চাচ্ছেন-

[যেসব রাষ্ট্র নামধারী মুসলমান শাসকদের দখলে আছে; যারা সেগুলোতে আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে দিয়ে মানব রচিত কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করছে; মুসলমান জনসাধারণ যুগ যুগ ধরে তাদের সর্বচেষ্টা ব্যয় করেও শাসকদের দিয়ে আল্লাহ তাআলার শরীয়ত বাস্তবায়ন করাতে পারছে না; বরং যারা সহীহ ত্বরীকায় শরীয়ত কায়েম করতে চাচ্ছে জঙ্গী, সন্ত্রাসী ইত্যাদী জঘন্য উপাধীতে ভূষিত করে তাদেরকে দমন করার জন্য তারা তাদের সর্ব শক্তি ব্যয় করছে; তারা একা তাদেরকে দমন করতে না পেরে আন্তর্জাতিক কুফরী শক্তির সাথে জোট গঠন করেছে; নিজ দেশে ইসলামকে মিটিয়ে দেয়ার জন্য যেমন তারা তাদের যাবতীয় সামর্থ্য ব্যয় করছে, বিশ্বের যে কোন প্রান্তের সম্ভাব্য যে কোন ইসলামী শক্তিকে দমন করতেও তারা তেমনই তাদের সর্বসাধ্য ব্যয় করছে; মোট কথা কুফরকে টিকিয়ে রাখতে এবং ইসলামকে মিটিয়ে দিতে যা তাদের সামর্থ্যে আছে তাই তারা ব্যয় করছে']

---

১. *শরহুস সিয়ারিল কাবীর* : ৪/২৫২

ঐ আল্লাহর কসম দিয়ে আপনাদেরকে জিজ্ঞেস করি যার হাতে আমাদের জান : ইমাম সারাখসী রহ. কি তাঁর এ বক্তব্যে এই ধরনের রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র বুঝাতে চাচ্ছেন ????

কোন বিবেকবান ব্যক্তি দাবি করতে পারবে ইমাম সারাখসী রহ. এই ধরনের কুফরী রাষ্ট্রকে ইসলামী রাষ্ট্র বলতে চাচ্ছেন ??

তিনি তো শুধু তাঁর এ বক্তব্যে দারুল হরব সংক্রান্ত একটা আপত্তির জওয়াব দিয়েছেন। এসব কুফরী রাষ্ট্রকে ইসলামী রাষ্ট্র বলার কোন ইশারা ইঙ্গিতও তো এতে নেই।

আর কীভাবেই বা তা সম্ভব অথচ তাঁর যামানায় কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা কথা কল্পনা করাও কঠিন ছিল। যেমনটা তাকি উসমানী সাহেব দা.বা. নিজেও স্বীকার করেছেন।

কাজেই তাঁর এ বক্তব্য থেকে কীভাবে বোঝা যাবে, কুফরী আইন দিয়ে পরিচালিত এসব রাষ্ট্র দারুল ইসলাম ?! কুফরী আইন তো তাঁর যামানায় ছিলই না।

বরং তাঁর যামানায় যেহেতু পরিপূর্ণ ইসলাম কায়েম ছিলো কাজেই 'মুসলমানদের হাতে থাকা'র দ্বারা এটাই উদ্দেশ্য, মুসলমানরা তাতে নিরাপত্তার সাথে শরীয়ত বাস্তবায়ন করতে পারে।

অতএব, তাঁর বক্তব্য থেকে যেসব রাষ্ট্রে পরিপূর্ণ ইসলাম কায়েম রয়েছে সেগুলো দারুল ইসলাম বোঝা যায়। কুফর শাসিত রাষ্ট্র দারুল ইসলাম হওয়া তাঁর বক্তব্য থেকে বোঝা যায় না।

বরং মাবসূতে তো তিনি পরিষ্কার বলেছেন, যে সব রাষ্ট্রে কুফরী বিধান জারি আছে সেগুলো দারুল হরব। তাঁর বক্তব্যটি লক্ষ্য করুন-

فكل موضع ظهر فيه حكم الشرك فالقوة في ذلك الموضع للمشركين، فكانت دار حرب.

[প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে কুফরী বিধান বিজয়ী রয়েছে, তার ক্ষমতা কাফেরদের হাতে। কাজেই তা দারুল হরব।][১]

কাজেই সারাখসী রহ. এর বক্তব্য থেকে এসব কুফর শাসিত রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র দাবি করার কোন সুযোগ আছে বলে আমরা দেখছি না।

***

'জামিউর রুমুজ' এর বক্তব্যের পর্যালোচনা

'জামিউর রুমুজ'এ আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যু-৯৫০হি.) বলেন,

دار الإسلام ما يجري فيه حكم إمام المسلمين و كانوا فيه آمنين

"দারুল ইসলাম ঐ ভূখণ্ড যাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর শাসন চলে এবং মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে।"[২]

তাকি উসমানী সাহেব দা.বা. বলছেন, এই সংজ্ঞা থেকে বুঝে আসে: বর্তমান কুফরী আইন দ্বারা শাসিত রাষ্ট্রগুলো দারুল ইসলাম। কেননা, এখানে বলা হয়েছে, 'যেখানে ইমামুল মুসলিমীনের শাসন চলে' তাই দারুল ইসলাম।

বর্তমানে কুফরী আইন দ্বারা শাসনকারী শাসকরা হচ্ছেন আমাদের ইমামুল মুসলিমীন।

---

১. আল-মাবসূত : ১০/১১৪
২. জামিউর রুমুজ : খণ্ড :৪, পৃষ্ঠা : ৫৫৬

CamScanner

আর ইমামুল মুসলিমীনের হুকুম দ্বারা তার যে কোন হুকুম হোক তাতে কোনো অসুবিধা নেই। চাই ইসলামী হোক, চাই কুফরী হোক। চাই শিরকী হোক। কুফর শিরক যাই হুকুম তো চলছে ইমামুল মুসলিমীনের হুকুম। কাজেই রাষ্ট্র দারুল ইসলাম।

পর্যালোচনা

তাকি উসমানী সাহেব দা.বা. জামিউর রুমুজের পূর্ণ বক্তব্যের উদ্ধৃতি দেননি। যতটুকু এনেছেন তার আগে-পরে আরো কথা আছে যা জামিউর রুমুজের উল্লিখিত অংশটুকুর সুস্পষ্ট ব্যাখ্যাস্বরূপ, যার পর আর কারো ব্যাখ্যার প্রয়োজন পড়ে না।

জামিউর রুমুজের পূর্ণ বক্তব্যটি তুলে ধরলে পরিষ্করা হয়ে যেত এ বক্তব্যটি তাকি উসমানী সাহেব দা.বা. এর দাবির পক্ষে দলীল হয় কি'না।

স্পষ্ট হয়ে যেত এখানে ইমামুল মুসলিমীন দ্বারা কোন ধরনের ইমাম উদ্দেশ্য। কোন ধরনের ইমামের শাসন চললে রাষ্ট্র দারুল ইসলাম হবে বলা হয়েছে এখানে।

আসুন আমরা জামিউর রুমুজের পূর্ণ বক্তব্যটির প্রতি লক্ষ করি।

'কিতাবুল জিহাদ' এর শুরুতে কয়েক পৃষ্ঠা পর আল্লামা কুহুসতানী রহ. বলেন-

واعلم أن من أمهات هذا الباب معرفة الإمام والدارين. فالإمام من بايعه أهل الحل والعقد،ونفذ حكمه فيهم خوفا و قهرا. فلا يصير إماما إلا بهذين، كما في النظم وغيره. ودار الإسلام ما يجري فيه حكم إمام المسلمين ... كما في الكافي

"ভাল করে জেনে রাখ, এ অধ্যায় (অর্থাৎ জিহাদ) এর ক্ষেত্রে মৌলিক বিষয়গুলোর অন্যতম (দু'টি বিষয়) হচ্ছে: 'ইমাম' (অর্থাৎ ইমামুল

মুসলিমীন) এবং 'দারাইন' (তথা দারুল ইসলাম ও দারুল হরব) এর পরিচিতি জেনে নেওয়া।

(শোনো) ইমাম হচ্ছেন তিনি, (১.) আহলুল হল্ ওয়াল আকদ যাকে বাইয়াত দিয়েছেন এবং (২.) তার ভয় ও দাপটের কারণে তার শাসন কার্যকর ভাবে চলছে।

এই দুই শর্ত পাওয়া যাওয়া ব্যতীত (কোন মুসলমান) ইমাম হতে পারবে না। যেমনটা 'নজম' ও অন্যান্য কিতাবে আছে।

আর দারুল ইসলাম হচ্ছে ঐ ভূখণ্ড যেখানে ইমামুল মুসলিমীনের শাসন চলছে। যেমনটা 'আল-কাফি' তে বলা হয়েছে।"[১]

এখানে আল্লামা কুহুসতানী রহ. প্রথমে ইমাম বলতে কাকে বুঝায় তা উল্লেখ করেছেন। তার পর বলেছেন,

"দারুল ইসলাম হচ্ছে ঐ ভূখণ্ড যেখানে ইমামুল মুসলিমীনের শাসন চলছে।"

অতএব, বিষয়টা স্পষ্টই ছিলো যে, ইমামুল মুসলিমীন দ্বারা যে কেউ উদ্দেশ্য নয়। ইমামুল মুসলিমীন দ্বারা ঐ ইমাম উদ্দেশ্য যাকে উম্মতে মুসলিমার আহলে হল্ ওয়াল আকদ বাইয়াত দিয়ে আল্লাহর যমীনে আল্লাহর শরীয়ত কায়েমের জন্য মুসলমানদের প্রতিনিধিরূপে নির্বাচন করেছেন। এমন ইমামের শাসন চললে তখন রাষ্ট্র দারুল ইসলাম হবে। যারা কাফেরদের সাথে মিলে ইসলামী খেলাফতের পতন ঘটিয়ে কুফরী শাসন কায়েমের জন্য মুসলমানদের উপর চেপে বসেছে তাদের শাসন চললে রাষ্ট্র দারুল ইসলাম হয়ে যাবে একথা তিনি বলেননি।

এমনকি পরবর্তীতে কেউ এসে যেনো যে কাউকে ইমাম দাবি করে রাষ্ট্রকে দারুল ইসলাম দাবি করতে না পারে এ জন্য তিনি প্রথমেই ইমাম কাকে বলে তা পরিষ্করা করে বলে দিয়েছিলেন। কিন্তু তাকি

১. জামিউর রুমুজ : খণ্ড :৪, পৃষ্ঠা : ৫৫৪

CS CamScanner

উসমানী দা.বা. এত সুস্পষ্ট বিষয়টাও কেন জানি এড়িয়ে গেলেন। তারপর নিজে থেকেই জামিউর রুমুজের বক্তব্যটির এমন একটা ব্যাখ্যা দিলেন যা সুস্থ বিবেক-জ্ঞান সম্পন্ন কোন ব্যক্তির পক্ষে মেনে নেয়া সম্ভব নয়। আমরা তাকি উসমানী দা.বা. এর মতো ব্যক্তিদের থেকে এমনটা আশা করিনি। উনাদের মত ব্যক্তিরা যদি এত সুস্পষ্ট বিষয়গুলোর এমন তাহরীফ ও অপব্যাখ্যা করেন তাহলে ওলামায়ে কেরামের উপর থেকে জনসাধারণের আস্থা উঠে যাবে। এর ফলে জনসাধারণ যে গোমরাহির শিকার হবে তার দায়ভার দুনিয়াতে না হোক আখেরাতে হলেও এমন বড় ব্যক্তিদের উপরই বর্তাবে।

***

ইমাম ও ইমামতের বিষয়টাকে আমরা চলুন আরেকটু বিস্তারিত আলোচনা করি

এখানে তিনটি বিষয়ঃ

১. ইমামত।

২. ইমাম।

৩. ইমাম নির্বাচনকারী আহলে হল্ ওয়াল আকদ।

ইমামত কি?

আল্লামা ইবনে খালদুন রহ. বলেন-

هي حمل الكافة على مقتضى النظر الشرعي في مصالحهم الأخروية والدنيوية الراجعة إليها فهي في الحقيقة خلافة عن صاحب الشرع في حراسة الدين وسياسة الدنيا به

"ইমামত হচ্ছে, শরীয়ত নির্দেশিত পন্থায় সকলকে চালানো যাতে করে তাদের পরকালীন কল্যাণও অর্জিত হয়, এবং ঐ সমস্ত দুনিয়াবী কল্যাণও অর্জিত হয় যেগুলোর পরিণতি শেষ পর্যন্ত আখেরাতের কল্যাণই দাঁড়ায়। অতএব, মূলত ইমামত হচ্ছে- শরীয়ত প্রণেতা (তথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর প্রতিনিধিরূপে দ্বীন হেফাজত করা এবং দ্বীন অনুযায়ী দুনিয়া পরিচালনা করা।"[১]

অতএব, কুফরী শাসন দ্বারা শাসন করা কিছুতেই ইমামত হবে না। আর একে ইমামত না বলা গেলে এ ধরনের শাসককে ইমামও বলা যাবে না।

***

আহলে হল্ ওয়াল আকদ কারা?

আহলে হল্ ওয়াল আকদ হচ্ছেন উম্মাহর ঐ সকল বিশিষ্ট ব্যক্তি যাদের পছন্দ গোটা উম্মাহর পছন্দ বলে গণ্য হবে।

তবে যে কেউ আহলে হল্ ওয়াল আকদ হওয়ার দাবি করার সুযোগ নেই।

আহলে হল্ ওয়াল আকদ হওয়ার জন্য শর্ত রয়েছে।

আল্লামা মা ওয়ারদি রহ. বলেন-

فَأَمَّا أَهْلُ الِاخْتِيَارِ فَالشُّرُوطُ الْمُعْتَبَرَةُ فِيهِمْ ثَلَاثَةٌ : أَحَدُهَا : الْعَدَالَةُ الْجَامِعَةُ لِشُرُوطِهَا .وَالثَّانِي : الْعِلْمُ الَّذِي يُتَوَصَّلُ بِهِ إلَى مَعْرِفَةِ مَنْ يَسْتَحِقُّ الْإِمَامَةَ عَلَى الشُّرُوطِ الْمُعْتَبَرَةِ فِيهَا .وَالثَّالِثُ : الرَّأْيُ وَالْحِكْمَةُ

---

১. মুকাদ্দামায়ে ইবনে খালদুন : ১৯০

وَبِتَدْبِيرِ الْمَصَالِحِ أَقْوَمُ وَأَعْرَفُ.اه
الْمُؤَدِّيَانِ إِلَى اخْتِيَارِ مَنْ هُوَ لِلْإِمَامَةِ أَصْلَحُ،

"ইমাম নির্বাচনকারী (আহলে হল্ ওয়াল আকদ) এর মাঝে তিন শর্ত বিবেচ্য:

এক. পরিপূর্ণ শর্তাবলী সহ আদালত তথা ইনসাফ ও ন্যায়পরায়ণতা বিদ্যমান থাকা।

দুই. পরিপূর্ণ শর্তাবলী বিশিষ্ট উপযুক্ত ইমাম নির্বাচনের পর্যাপ্ত ইলম থাকা।

তিন. ইমামতের সর্বাধিক উপযুক্ত এবং কল্যাণমূলক পরিচালনায় সর্বাধিক যোগ্য ও দক্ষ ব্যক্তিটিকে নির্বাচন করতে পারার মত রায় ও হিকমত থাকা।"[১]

আহলে হল্ ওয়াল আকদ এর জন্য যে কাউকে ইমাম নির্বাচন করার সুযোগ নেই। ইমাম হতে নির্দিষ্ট যোগ্যতায় উত্তীর্ণ হতে হবে। আর তাদেরকেই কেবল ইমাম হিসেবে নির্বাচন করা যাবে।

আল্লামা মা ওয়ারদি রহ. বলেন-

فَإِذَا اجْتَمَعَ أَهْلُ الْعَقْدِ وَالْحَلِّ لِلِاخْتِيَارِ تَصَفَّحُوا أَحْوَالَ أَهْلِ الْإِمَامَةِ الْمَوْجُودَةِ فِيهِمْ شُرُوطُهَا فَقَدَّمُوا لِلْبَيْعَةِ مِنْهُمْ أَكْثَرَهُمْ فَضْلًا وَأَكْمَلَهُمْ شُرُوطًا وَمَنْ يُسْرِعُ النَّاسُ إِلَى طَاعَتِهِ وَلَا يَتَوَقَّفُونَ عَنْ بَيْعَتِهِ.اه

"ইমাম নির্বাচনের জন্য যখন আহলে হল্ ওয়াল আকদ একত্রিত হবে, ইমামতের উপযুক্ত পর্যাপ্ত শর্তবিশিষ্ট ব্যক্তিদের অবস্থা যাছাই করে দেখবে। অতঃপর তাদের মধ্য থেকে এমন ব্যক্তিকে ইমামতের জন্য নির্বাচন করবে যার মর্যাদা সবচেয়ে বেশি। ইমামতের শর্তগুলো যার

১. আল-আহকামুল সুলতানিয়্যাহ', লিল মা ওয়ারদি রহ. : ১৭-১৮

CamScanner

মাঝে সবচেয়ে বেশি পাওয়া যায়। দ্রুতবেগে লোকজন যার আনুগত্যের দিকে ছুটবে। যাকে বাইয়াত দেয়ার ব্যাপারে লোকজন কোন প্রকার দ্বিধাদ্বন্দ্ব করবে না।"[১]

ইমামের মধ্যে কি কি শর্ত পাওয়া যেতে হবে?

ইমামের জন্য অনেক শর্ত। যেমন-

১. মুসলমান হওয়া।

২. পুরুষ হওয়া।

৩. বালেগ হওয়া।

৪. আদেল তথা নেককার হওয়া, ফাসেক না হওয়া।

৫. শরয়ী আদালতের কাজী তথা বিচারক হওয়ার মতো যোগ্যতাসম্পন্ন হওয়া।

৬. যে কোনো পরিস্থিতিতে সঠিক সমাধান ও সিদ্ধান্ত দেয়ার মত যোগ্যতা সম্পন্ন হওয়া।

৭. সুস্থ অঙ্গ-প্রত্যঙ্গ ও অনুভূতি সম্পন্ন হওয়া।

৮. হুদুদ, কেসাস সহ শরীয়তের অন্যান্য আহকাম বাস্তবায়নে সক্ষম হওয়া।

৯. ইসলামের ভূমি হেফাজত করা এবং কাফের মুশরেকদের বিরুদ্ধে জিহাদ করার মত বিরত্ব ও সাহসের অধিকারী হওয়া।

১০. কুরাইশ বংশের হওয়া।[২]

শুধু যোগ্যতা থাকলে আর আহলে হল্ ওয়াল আকদ বাইয়াত দিলেই ইমাম হয়ে যাবে না। ইমামতের মূল উদ্দেশ্য শরীয়ত বাস্তবায়ন। যদি

---

১. আল-আহকামুল সুলতানিয়্যাহ', লিল মা ওয়ারদি রহ. : ২৫

২. দেখুন : আল-আহকামুস সুলতানিয়্যাহ' লি আবি ইয়া'লা রহ. : ২০, আল-আকামুস সুলতানিয়্যাহ' লিল মা ওয়ারদি রহ. : ১৯-২০, ফতোয়া শামী : ১/৫৪৭-৫৪৮

জনসাধারণকে শক্তি বলে নিয়ন্ত্রণ করে শরীয়ত বাস্তবায়ন করার সামর্থ্য না থাকে তাহলেও ইমাম হবে না।

'আদ-দুররুল মুখতার' এ বলা হয়েছে-

والإمام يصير إماما بأمرين : (بالمبايعة من الأشراف والأعيان، وبأن ينفذ حكمه في رعيته خوفا من قهره وجبروته. فإن بايع الناس الإمام (ولم ينفذ حكمه فيهم لعجزه) عن قهرهم لا يصير إماما

" দুই শর্ত পাওয়া যাওয়ার শর্তে ইমাম হক ও শরীয়ত সম্মত ইমাম বলে গণ্য হবেনঃ

(১). সম্ভ্রান্ত এবং নেতৃত্বস্থানীয় ব্যক্তিবর্গের বাইয়াত দেয়া।

(২). তার দাপট ও প্রভাব প্রতিপত্তির ভয়ে জনসাধারণের মাঝে তার শাসন কার্যকর হওয়া।

যদি লোকজন ইমামের হাতে বাইয়াত দেয় কিন্তু তিনি তাদেরকে নিজ শক্তি বলে নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হওয়ার কারণে তাদের মাঝে তার শাসন কার্যকর হয়নি, তাহলে তিনি ইমাম বলে গণ্য হবেন না।"[১]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহু এর ইমামতের ব্যাপারে বলেন-

أَنَّهُ مَتَى صَارَ إِمَامًا، فَذَلِكَ بِمُبَايَعَةِ أَهْلِ الْقُدْرَةِ لَهُ ... وَإِنَّمَا صَارَ إِمَامًا بِمُبَايَعَةِ جُمْهُورِ الصَّحَابَةِ، الَّذِينَ هُمْ أَهْلُ الْقُدْرَةِ وَالشَّوْكَةِ ... فَإِنَّ الْمَقْصُودَ حُصُولُ الْقُدْرَةِ وَالسُّلْطَانِ اللَّذَيْنِ بِهِمَا تَحْصُلُ مَصَالِحُ الْإِمَامَةِ

... اهـ منهاج السنة:١/٥٣٠

---

১. আদ-দুররুল মুখতার : ৪/২৬৩

"তিনি কখন ইমাম বলে গণ্য হয়েছেন? তা হয়েছে যখন ক্ষমতাশীলগণ তাকে বাইয়াত দিয়েছেন। জুমহুরে সাহাবা যারা ক্ষমতা ও দাপটের অধিকারী তাদের বাইয়াতের পরই কেবল তিনি ইমাম বলে গণ্য হয়েছেন। কেননা ইমামতের উদ্দেশ্য ক্ষমতা এবং প্রভাব প্রতিপত্তি যার দ্বারা ইমামতের কাঙ্ক্ষিত কল্যাণ লাভ হবে।"[১]

বি.দ্র. বিশেষ পরিস্থিতিতে ফিতনা দমনের জন্য বা ইসলাম ও মুসলানদের কল্যাণে এমন ব্যক্তিকেও ইমাম বানানো যেতে পারে যার মাঝে ইমামতের সবগুলো গুণ পরিপূর্ণ নেই। তবে ভালভাবে লক্ষণীয় যে, এ কাজটি করা হবে শুধু ইসলামের কল্যাণে। যেমন, একজন ব্যক্তি পরিপূর্ণ দ্বীনদার, কিন্তু তিনি প্রভূত দাপটের অধিকারী নন। ফলে তিনি ইসলামের শত্রুদেরকে দমন করে ইসলাম, ইসলামের ভূমি ও মুসলমানদেরকে হেফাজত করতে পারবেন না।

আরেকজন ব্যক্তি এমন আছেন যিনি পরিপূর্ণ দ্বীনদার নন, কিন্তু তার দাপটের দ্বারা তিনি ইসলামের শত্রুদেরকে দমন করে ইসলাম, ইসলামের ভূমি ও মুসলমানদেরকে হেফাজত করতে পারবেন। এমতাবস্থায় দ্বিতীয় ব্যক্তিকে ইমাম বানানো হবে। কেননা, প্রথম ব্যক্তির দ্বীনদারী তার নিজের উপকারে আসলেও তিনি ইসলাম, ইসলামের ভূমি ও মুসলমানদের কল্যাণ সাধনে সমর্থ্য নন। পক্ষান্তরে দ্বিতীয় ব্যক্তি পরিপূর্ণ দ্বীনদার না হওয়াটা তার নিজের জন্য ক্ষতিকর হলেও তার যে দাপট রয়েছে তা দ্বারা তিনি ইসলাম, ইসলামের ভূমি ও মুসলমানদের কল্যাণ সাধনে সমর্থ্য। আর ইমামত যেহেতু উম্মাহর সাথে সম্পৃক্ত বিষয় কাজেই তাদের কল্যাণকেই প্রাধান্য দেয়া হবে। অতএব, যার দ্বারা উম্মাহর দ্বীন ও দুনিয়ার সর্বাধিক কল্যাণ সাধিত হবে তাকেই ইমাম বানানো হবে। তবে বিশেষ জরুরত না হলে স্বাভাবিক অবস্থায় পরিপূর্ণ যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকেই ইমাম বানাতে হবে।

---

১. মিনহাজুস সুন্নাহ : ১/৫৩০

যাহোক, ইমাম বানানো হবে ইসলাম হেফাজতের জন্য। আহলুল হল ওয়াল আকদ এমনই একজনকে নির্ধারণ করে তার হাতে বাইয়াত দেবেন। ইসলাম, ইসলামের ভূমি ও মুসলমানদের দ্বীনী ও দুনিয়াবি কল্যাণ সাধনের জন্য যার হাতে বাইয়াত দেয়া হবে তিনিই হবেন ইমামুল মুসলিমীন। আল্লামা কূহুসতানী রহ. এই ধরনের ইমামের শাসন চললে রাষ্ট্র দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র হবে বলেছেন। যারা কুফর বাস্তবায়নের জন্য মুসলমানদের উপর চেপে বসেছে তারা আইম্মাতুল মুসলিমীন নয়। তারা তাগুত। তারা আইম্মাতুল কুফর। তাদের আনুগত্য করা হবে না, তাদের বিরুদ্ধে কিতাল করা হবে। আর তা চলবে-

حتى لا تكون فتنة و يكون الدين كله لله

যতক্ষণ না কুফর ও ফাসাদ দূর হয়ে পরিপূর্ণ ইসলাম কায়েম হয়।

***

* আল্লামা শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.) এর বক্তব্যঃবর্তমান কুফরী আইন দ্বারা শাসিত রাষ্ট্রগুলোকে দারুল ইসলাম প্রমাণ করার জন্য মুফতী তাকি উসমানী সাহেব দা.বা. তিনজন ইমামের বক্তব্য এনেছিলেন।

আমরা ইতিমধ্যে শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০ হি.) এবং 'জামিউর রুমুজ' এর প্রণেতা আল্লামা কূহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য পর্যালোচনা করে দেখেছি এসব রাষ্ট্রকে দারুল ইসলাম বলার মত কোন দলীল ঐ বক্তব্যগুলোর কোনটাতেই নেই।

এবার রয়ে গেল 'ফাতাওয়া শামী'র প্রণেতা আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.)এর বক্তব্যটি।

আল্লামা শামী রহ. এর বক্তব্যটিকে তিনি অত্যন্ত জোরদার একটা দলীল হিসেবে পেশ করেছেন।

CamScanner

তিনি বলতে চাচ্ছেন-

শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০) এবং আল্লামা কূহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য থেকে তো এসব রাষ্ট্র দারুল ইসলাম হওয়া অস্পষ্টভাবে বুঝা যায়। কিন্তু আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.) এর বক্তব্য থেকে তা সুস্পষ্টই বুঝা যায়।

তাকি উসমানী সাহেব দা.বা. এর বক্তব্যটি আবার লক্ষ্য করুন। তিনি বলছেন-

[যদিও মুসলমানদের হাতে থাকার ফল এই হওয়ার কথা ছিলো যে, উক্ত রাষ্টে সকল আইন ইসলামী শরীয়ত মোতাবেক চলবে, কিন্তু মুসলমান শাসকদের গাফলতির কারণে যদি পরিপূর্ণ শরীয়ত জারি নাও থাকে, তবুও যদি ক্ষমতা মুসলমানদের হাতে থাকে তাহলে তাকে দারুল ইসলামই বলা হবে।

সারাখসী রাহমাতুল্লাহি আলাইহি দারুল ইসলামের সংজ্ঞায় শুধু এতটুকু বলেছেন যে, তা মুসলমানদের কব্জায় রয়েছে।

আর এ বিষয়টাকেই জামিউর রুমুজের বক্তব্যে এভাবে বলা হয়েছে, “তাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর শাসন চলে”। অর্থাৎ তার আইন কার্যকর হয়। ঐ আইন শরীয়তসম্মত কি'না তার প্রতি ভ্রুক্ষেপ করা হয়নি।

যেহেতু ঐ যামানায় কোন রাষ্ট্র মুসলমানদের হাতে থাকা সত্ত্বেও তার অধিবাসীরা তাতে ইসলামী আহকাম জারি করবে না তা কল্পনা করাও মুশকিল ছিলো, ফলে ঐ যামনায় সুস্পষ্ট করে বর্ণিত হয়নি, মুসলমানদের অধিনস্থ কোন রাষ্ট্রে পরিপূর্ণ শরীয়ত জারি না থাকলে তাকে দারুল ইসলাম বলা হবে কি'না। বরং শুধু এতটুকু বলার উপর ক্ষ্যান্ত করা হয়েছে, “‘দারুল ইসলাম’ ঐ ভূখণ্ড যা মুসলমানদের কব্জায় রয়েছে এবং তাতে তাদেরই হুকুম চলে”।

CamScanner

কিন্তু পরবর্তী যামানায় মুসলমান শাসকদের গাফলতির কারণে যখন এমন সূরত সামনে আসলো যে, 'কোন রাষ্ট্র মুসলমানদের ক্ষমতাধীন কিন্তু তাতে ইসলামী শরীয়ত পরিপূর্ণ জারি নেই' তখন পরবর্তী যামানার ফুকাহাগণ তা স্পষ্টভাবে বলে দিয়েছেন {যে, এসব রাষ্ট্র দারুল ইসলাম}।

যেমন- আল্লামা ইবনে আবেদীন শামী রাহমাতুল্লাহি আলাইহি বলেন,

"وبهذا ظهر أن ما في الشام من جبل تيم الله المسمى بجبل الدروز وبعض البلاد التابعة كلُّها دار إسلام، لأنها وإن كانت لها حكام دروز أو نصارى، ولهم قضاة على دينهم و بعضهم يعلنون بشتم الإسلام والمسلمين، و لكنهم تحت حكم ولاة أمورنا، وبلاد الإسلام محيطة ببلادهم من كل جانب، وإذا أراد ولي الأمر تنفيذ أحكامنا فيهم نفذها".

"এ থেকে বুঝে আসে যে, শামের 'তাইমুল্লাহ্' পাহাড় যাকে 'দারুয পাহাড়'ও বলা হয় এবং এর অন্তর্গত আরো কতক শহর সবগুলোই দারুল ইসলাম। কেননা সেগুলোর শাসক যদিও দারুয বা নাসারা এবং তাদের নিজেদের ধর্মীয় বিচারকও রয়েছে যারা তাদের ধর্মের বিধান অনুযায়ী বিচার ফায়সালা করে, তাদের মধ্যে কিছু লোক এমনও রয়েছে যারা প্রকাশ্যে ইসলাম ও মুসলমানদের ব্যাপারে কটুক্তি করে থাকে; কিন্তু তারা সকলেই আমাদের মুসলমান শাসকদের অধীনস্থ। দারুল ইসলাম চতুর্দিক থেকে তাদের এলাকাকে বেষ্টন করে রেখেছে। মুসলমান শাসকগণ যখনই চাইবেন তাদের উপর আমাদের আহকাম জারি করে দিতে পারবেন।"[১]

এ থেকে এ বিষয়টি আরোও স্পষ্ট হয়ে যায় যে, কোন রাষ্ট্র দারুল ইসলাম হওয়ার জন্য মূল গুরুত্ব হলো তাতে মুসলমানদের পরিপূর্ণ

---

১. 'রদ্দুল মুহতার', কিতাবুল জিহাদ, 'বাবুল উশরি ওয়াল খারাজ' এর একটু আগে 'ইসতি'মানুল কাফের' সংক্রান্ত পরিচ্ছেদ। খণ্ড : ১২, পৃষ্ঠা : ৬৬০, নতুন সংস্করণ।

কব্জা ও ক্ষমতা আছে কি'না। যদি পরিপূর্ণ ক্ষমতা থেকে থাকে তাহলে ঐ রাষ্ট্রকে দারুল ইসলাম বলা হবে এবং তার উপর দারুল ইসলামেরই আহকাম জারি হবে। যদিও মুসলমান শাসকদের গাফলতির কারণে তাতে পরিপূর্ণরূপে শরীয়ত জারি হতে না পারে।][১]

পর্যালোচনাঃ

ইসলামী শাসন জারি না থাকার দ্বারা কি উদ্দেশ্য?

তাকি উসমানী সাহেব দা.বা. যামানাকে দুই ভাগে ভাগ করেছেন।

প্রথম ভাগঃ আল্লামা কূহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) পর্যন্ত।

দ্বিতীয় ভাগঃ আল্লামা কূহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর পর থেকে আল্লামা শামী রহ. (মৃত্যুঃ ১২৫২হি.) পর্যন্ত।

তিনি বলছেন, যামানার প্রথমার্ধে ইসলামী শাসন সম্পূর্ণ কায়েম ছিল। ইসলামী বিধান জারি না থাকার কল্পনাও তখন করা যেত না।

আর দ্বিতীয়ার্ধে এমন অবস্থাও সৃষ্টি হয়েছে যে, কিছু বিধান জারি ছিল, আর কিছু বিধান জারি ছিলা না। তখন এই প্রশ্ন সামনে এসেছে, এসব রাষ্ট্রকে দারুল ইসলাম বলা হবে কি হবে না? তখন ফুকাহায়ে কেরাম স্পষ্টভাবে এসব রাষ্ট্রকে দারুল ইসলাম বলে গেছেন।

কাজেই বর্তমান গণতান্ত্রিক রাষ্ট্রগুলোতে যদিও ইসলামী শাসন কায়েম নেই, (বরং তার বিপরীতে কুফরী শাসন কায়েম আছে) তবুও সেগুলো আইম্মায়ে কেরামের বক্তব্য অনুযায়ী দারুল ইসলাম।

এখানে আমাদের প্রশ্নঃ যামানার দ্বিতীয়ার্ধে যে ইসলামী বিধান কিছু জারি ছিল, আর কিছু জারি ছিলো না এর দ্বারা কী উদ্দেশ্য ?

নিম্নোক্ত দু'টি বিষয়ের কোন একটা বা উভয়টা হয়তো উদ্দেশ্য হবেঃ

---

১. ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত : ৩২৫-৩২৭

CamScanner

(এক). 'বিচার ব্যবস্থা ইসলামীই ছিল, কিন্তু শাসকরা জুলুম করতো। অন্যায় অবিচার করতো। বিচারকরা কখনো কখনো শরীয়ত পরিপন্থি ফায়সালা দিয়ে ফেলতো।'

কিন্তু এটা উদ্দেশ্য হতে পারে না। কারণ-

১. এই ধরনের জুলুম অবিচার আল্লামা কূহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর পরে যেমন ছিল, আগেও তেমনি ছিল। কারণ আল্লামা কূহুসতানী রহ. উসমানী খেলাফতের যামানার মানুষ। উসমানী খেলাফত কায়েম হয়েছে ৯২৩ হিজরিতে। এর আগে খেলাফতে রাশেদা, উমাইয়া খেলাফত এবং আব্বাসী খেলাফত অতিবাহিত হয়েছে। আর এ কথাতো সকলের নিকটই স্পষ্ট যে, খেলাফতে রাশেদার পর উমাইয়া এবং আব্বাসী উভয় যুগেই অনেক জুলুম অত্যাচার এবং অন্যায় অবিচার হয়েছে। বরং এসব যুগে যে জুলুম অত্যাচার হবে তা অনেক হাদিস থেকেও বুঝে আসে। হাজ্জাজের কথা কারো নিকট অস্পষ্ট নয়।

কাজেই কূহুসতানীর যামানা পর্যন্ত জুলুম অত্যাচার এবং অন্যায় অবিচার ছিলো না এ কথা সহীহ হতে পারে না।

২. এ ধরনের জুলুম অত্যাচার এবং অন্যায় অবিচার কূহুসতানীর যামানা পর্যন্ত নাও যদি থাকতো তবুও তা তাকি উসমানী সাহেব দা.বা. এর দাবির পক্ষে দলীল হতো না। কারণ, তখন তো কেবল এতটুকু বুঝে আসতো- ইসলামী শাসন কায়েম থাকলে শুধু জুলুম অত্যাচার এবং অন্যায় অবিচারের কারণে রাষ্ট্র দারুল কুফর হয়ে যায় না। বরং দারুল ইসলামই থেকে যায়।

কিন্তু উনার দাবি তো এটা না। উনার দাবি তো হচ্ছে-শাসন ব্যবস্থা যদি ইসলামী না হয়ে কুফরী হয় তবুও তা দারুল ইসলাম।

অতএব, এ ধরনের জুলুম অত্যাচার এবং অন্যায় অবিচার উদ্দেশ্য হতে পারে না।

এবার তাহলে দ্বিতীয় বিষয়টা উদ্দেশ্য হবে। আর তা হচ্ছে-

CamScanner

(দুই). 'শাসন ব্যবস্থাই ইসলামী ছিলো না। বরং বর্তমান যামানার মতো কুফরী শাসন ব্যবস্থা কায়েম ছিল। শাসকরা আল্লাহ তাআলার শরীয়ত প্রত্যাখ্যান করে দিয়ে মানব রচিত কুফরী সংবিধান দিয়ে রাষ্ট্র পরিচালনা করতো।'

যদি এটাই উদ্দেশ্য হয় তাহলে তা দাবির পক্ষে দলীল হবে।

কিন্তু এটাও উদ্দেশ্য হওয়া অসম্ভব। কেননা কুহুসতানী রহ. এর পর আল্লামা শামী রহ. পর্যন্ত মুসলমানদের অধীনস্থ কোন রাষ্ট্রে কখনো কুফরী শাসন ব্যবস্থা কায়েম ছিলো না। সর্বত্র ইসলামী শাসনই ছিল। তবে হ্যাঁ জুলুম অত্যাচার হয়েছে যা অস্বীকার করার মতো নয়।

তবে কুহুসতানী রহ(মৃত্যুঃ ৯৫০হি.) এর পূর্বে তাতারীদের যামানায় তাদের দখলকৃত রাষ্ট্রগুলোতে 'ইয়াসিক' নামক কুফরী সংবিধানের কুফরী শাসন ছিল। আর এ কারণে আইম্মায়ে কেরাম তাদেরকে মুরতাদ ফতোয়া দিয়েছেন। যা আমরা পূর্বে আলোচনা করে এসেছি।

অতএব, এ দ্বিতীয়টিও উদ্দেশ্য হওয়া অসম্ভব।

যখন এ দু'টির একটিও উদ্দেশ্য হতে পারলো না, তখন তাঁর বক্তব্য-

[যেহেতু ঐ যামানায় 'কোন রাষ্ট্র মুসলমানদের হাতে থাকা সত্ত্বেও তার অধিবাসীরা তাতে ইসলামী আহকাম জারি করবে না' তা কল্পনা করাও মুশকিল ছিলো , ফলে ঐ যামনায় সুস্পষ্ট করে বর্ণিত হয়নি যে, মুসলমানদের অধিনস্থ কোন রাষ্ট্রে পরিপূর্ণ শরীয়ত জারি না থাকলে তাকে দারুল ইসলাম বলা হবে কি'না। বরং শুধু এতটুকু বলার উপর ক্ষ্যান্ত করা হয়েছে, "'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যা মুসলমানদের কব্জায় রয়েছে এবং তাতে তাদেরই হুকুম চলে"।

কিন্তু পরবর্তী যামানায় মুসলমান শাসকদের গাফলতির কারণে যখন এমন সূরত সামনে আসলো যে, 'কোন রাষ্ট্র মুসলমানদের ক্ষমতাধীন কিন্তু তাতে ইসলামী শরীয়ত পরিপূর্ণ জারি নেই' তখন পরবর্তী যামানার ফুকাহাগণ তা স্পষ্টভাবে বলে দিয়েছেন।]

দ্বারা কী উদ্দেশ্য তা আমাদের নিকট স্পষ্ট নয়।

***

CamScanner

এবার বাকি রয়ে গেল আল্লামা শামী রহ. এর বক্তব্য। আসুন আমরা যাছাই করে দেখি তাতে তাকি উসমানী সাহেবের পক্ষে কোন সমর্থন পাওয়া যায় কি'না।

আল্লামা শামী রহ. এর বক্তব্যের পর্যালোচনা

আল্লামা শামী রহ. এর এ বক্তব্যটি 'আদ-দুররুল মুখতার' এর একটি ইবারতের ব্যাখ্যা প্রসঙ্গে এসেছে।

'আদ-দুররুল মুখতার' এ বলা হয়েছে-

)لا تصير دار الاسلام دار حرب إلا) بأمور ثلاثة: (بإجراء أحكام أهل الشرك، وباتصالها بدار الحرب، وبأن لا يبقى فيها مسلم أو ذمي آمنا بالامان الاول) على نفسه

[তিন শর্ত পাওয়া যাওয়া ব্যতীত দারুল ইসলাম দারুল হরব হবে নাঃ কাফেরদের বিধান জারি করে দেয়া, দারুল হরবের সাথে মিলিত হওয়া, কোন মুসলমান বা কোন যিম্মি তার প্রথম আমানের দ্বারা নিজের ব্যাপারে নিরাপদ না থাকা।][1]

এখানে দারুল ইসলাম কখন দারুল হরব হয় সে ব্যাপারে আলোচনা করা হয়েছে।

দারুল ইসলাম কখন দারুল হরব হয় এ ব্যাপারে আবু হানিফা রহ. এবং সাহেবাইন রহ. এর মাঝে কিছুটা ইখতিলাফ আছে।

রশীদ আহমদ গাঙ্গুহী রহ. তাঁর ফতোয়ায় বিস্তারিত আলোচনা করে দেখিয়েছেন যে, মূলত আবু হানিফা রহ. এবং সাহেবাইন রহ. এর মাঝে তেমন কোন ইখতিলাফ নেই। কাফেররা দারুল ইসলামের কোন ভূখণ্ড দখলা করে নিয়ে তাতে কুফরী বিধান জারি করে দিলে এবং

১. আদ-দুররুল মুখতার : ৩৩৮

মুসলমানরা তা উদ্ধার করে তাতে ইসলামী বিধান জারি করতে সক্ষম না হলে সকলের মতেই তা দারুল হরব হয়ে গেছে। এতে কারো কোন দ্বিমত নেই।

তবে হ্যাঁ, কাফেররা দারুল ইসলামের যে ভূখণ্ড দখল করে নিয়েছে তা যদি দারুল ইসলামের সাথে মিলিত হয় এবং কাফেররা এতটুকু দুর্বল এবং মুসলমানরা এত শক্তিশালী হয় যে, দারুল ইসলাম থেকে মুসলমানরা সেখানে পৌঁছে অচিরেই কাফেরদেরকে সেখান থেকে হটিয়ে দিতে পারবে তাহলে আবু হানিফা রহ. এর মতে কাফেররা সেখানে কুফরী বিধান জারি করে দিলেও তা দারুল হরব হবে না। আগের মত দারুল ইসলামই থেকে যাবে। কেননা, কাফেররা যেহেতু সেখানে টিকে থাকতে পারবে না বরং অতিশীঘ্রই তাদেরকে সেখান থেকে হটিয়ে দেয়া হবে, কাজেই সেখানে মুসলমানদের শক্তি সম্পূর্ণ শেষ হয়ে যায়নি এবং কাফেরদের শক্তি পরিপূর্ণ কায়েম হয়নি। ফলে এখনই তাকে দারুল হরব হয়ে গেছে বলে হুকুম দেয়া হবে না।

আর সাহেবাইন সহ জুমহুর আইম্মার মতে কাফেররা তাতে কুফরী বিধান জারি করে দিলেই তা দারুল হরব হয়ে যাবে। যদিও কাফেররা তাতে টিকে থাকার সামর্থ্য না রাখে, বরং মুসলমানরা অতিশীঘ্রই তাদেরকে সেখান থেকে হটিয়ে দেবে। কাফেরদেরকে সেখান থেকে হটানোর পূর্ব পর্যন্ত তাকে দারুল হরব বলে ধরা হবে এবং তাতে দারুল হরবের বিধানই জারি হবে।

এই মতভেদপূর্ণ সূরতে তারজীহ তথা প্রাধান্য দেয়া হবে কার অভিমতকে? সাহেবাইনের অভিমতকে না'কি আবু হানিফা রহ. এর অভিমতকে ?

হানাফী ফুকাহায়ে কেরাম এমতাবস্থায় আবু হানিফা রহ. এর অভিমতকে তারজীহ দিয়েছেন। অর্থাৎ কাফেরদেরকে সেখান থেকে হটানোর পূর্ব পর্যন্ত তাকে দারুল ইসলাম বলে ধরা হবে এবং তাতে দারুল ইসলামের বিধানই জারি হবে।

CamScanner

আল্লামা শামী রহ.-এর বক্তব্যের প্রেক্ষাপট

হুবহু এমনই একটা সূরত আল্লামা শামী রহ. এর যামানায় দেখা দেয়। উসমানী খেলাফতের অধীনস্থ শামের তাইমুল্লাহ পাহাড় এবং তার আশপাশের কয়েকটা শহর সেখানকার যিম্মি কাফেররা তাদের যিম্মার চুক্তি ভঙ্গ করে তা দখল করে নেয় এবং তাতে তাদের কুফরী বিধান জারি করে দেয়।

[উল্লেখ্য যে, আল্লামা শামী রহ. এর বক্তব্য থেকে দখলদার কাফেররা যিম্মি হওয়াই বুঝে আসছে। তবে সাথে মুসলমান নামধারী যিনদিকরাও ছিলো বলে মনে হচ্ছে]

সাহেবাইন সহ অন্যান্য ইমামগণের অভিমত অনুযায়ী তা দারুল হরব হয়ে গেছে।

কিন্তু ঐ অঞ্চলটা কোন দারুল হরবের সাথে মিলিত ছিলো না। বরং চতুর্দিক থেকেই তা দারুল ইসলাম দ্বারা বেষ্টিত ছিল। অর্থাৎ তা দারুল ইসলামের অভ্যন্তরস্থ একটা এলাকা ছিলো যাতে নাসারা কাফেররা যিম্মি হিসেবে থাকতো।

সাথে সাথে দখলদার কাফেররা এত দুর্বল আর মুসলমানরা এত শক্তিশালী ছিলো যে, মুসলমান শাসকগণ চাইলে যে কোন সময় কাফেরদের দখলদারিত্ব খতম করে দিয়ে তাতে ইসলামী বিধান জারি করে দিতে পারেন।

এমতবস্থায় সাহেবাইন ও অন্যান্য ইমামগণের মতে তা দারুল হরব হয়ে গেছে। কিন্তু আবু হানিফা রহ. এর মতে এখনো তা দারুল হরব হয়নি। বরং দারুল ইসলামই রয়ে গেছে।

আল্লামা শামী রহ. এখানে অন্যান্য হানাফী ফকীহগণের অনুসরণ করত আবু হানিফা রহ. এর অভিমুকে তারজীহ দিয়ে উক্ত এলাকাকে দারুল ইসলাম বলে ফতোয়া দিয়েছেন।

CamScanner

আল্লামা শামী রহ. এর বক্তব্যটি লক্ষ্য করুন। 'আদ-দুররুল মুখতার' এর পূর্বোক্ত ইবারতের ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন-

)قوله وباتصالها بدار الحرب(بأن لا يتخلل بينهما بلدة من بلاد الإسلام ... قلت: وبهذا ظهر أن ما في الشام من جبل تيم الله المسمى بجبل الدروز وبعض البلاد التابعة كلها دار إسلام، لأنها وإن كانت لها حكام دروز أو نصارى، ولهم قضاة على دينهم وبعضهم يعلنون بشتم الإسلام والمسلمين لكنهم تحت حكم ولاة أمورنا، وبلاد الإسلام محيطة ببلادهم من كل جانب، وإذا أراد ولي الأمر تنفيذ أحكامنا فيهم نفذها .اه

['আদ-দুররুল মুখতার' এর বক্তব্য: "দারুল হরবের সাথে মিলিত হওয়া" , অর্থাৎ সেটি এবং দারুল হরবের মাঝখানে দারুল ইসলামের কোন শহর প্রতিবন্ধক না থাকা। আমি বলি: এ থেকে বুঝে আসে, শামের 'তাইমুল্লাহ্' পাহাড় যাকে 'দারুয পাহাড়'ও বলা হয় এবং এর অন্তর্গত আরো কতক শহর সবগুলোই দারুল ইসলাম। কেননা সেগুলোর শাসক যদিও দারুয বা নাসারা এবং তাদের নিজেদের ধর্মীয় বিচারকও রয়েছে যারা তাদের ধর্মের বিধান অনুযায়ী বিচার ফায়সালা করে, তাদের মধ্যে কিছু লোক এমনও রয়েছে যারা প্রকাশ্যে ইসলাম ও মুসলমানদের ব্যাপারে কটুক্তি করে থাকে; কিন্তু তারা সকলেই আমাদের মুসলমান শাসকদের অধীনস্থ। দারুল ইসলাম চতুর্দিক থেকে তাদের এলাকাকে বেষ্টন করে রেখেছে। মুসলমান শাসকগণ যখনই চাইবেন তাদের উপর আমাদের আহকাম জারি করে দিতে পারবেন।][১]

---

১. 'রদ্দুল মুহতার', কিতাবুল জিহাদ, 'বাবুল উশরি ওয়াল খারাজ' এর একটু আগে 'ইসতি'মানুল কাফের' সংক্রান্ত পরিচ্ছেদ। খণ্ড : ৪, পৃষ্ঠা : ১৭৫।

CS CamScanner

এখানে একটা বিষয় লক্ষ করুন

উসমানী খেলাফত ইউরোপ ও এশিয়া সহ দুনিয়ার বিশাল অংশ জুড়ে বিস্তৃত ছিল। উসমানী খেলাফতের ভয়ে কাফেররা সবসময় ভীত থাকত। আল্লামা শামীর যামানায় খেলাফতের শক্তি কিছুটা কমে এলেও তখনও তা পৃথিবীর অন্যতম শক্তি হিসেবে প্রতিষ্ঠিত ছিল।

খেলাফতের সীমান্তবর্তী কোন এলাকা যদি কাফেররা দখল করে নেয় তাহলে তা পুনরুদ্ধার করা হয়তো মুসলানদের জন্য কঠিন। কিন্তু দারুল ইসলামের একেবারে ভিতরের কোন এলাকাতেই যদি সেখানকারই যিম্মি কাফেররা সাময়িক সময়ের জন্য যিম্মার চুক্তির তোয়াক্কা না করে তাদের উপর আরোপিত ইসলামী বিধি বিধান না মেনে তাদের নিজেদের ধর্মের বিধান মানতে শুরু করে এবং সে অনুযায়ী বিচার ফায়সালা করতে শুরু করে, তাহলে মুসলমানদের জন্য কাফেরদের এই সাময়িক দখলদারী খতম করা কোনই কঠিন ব্যাপার নয়। বরং খেলাফতের শক্তির তুলনায় তো এসব কাফের হাতির সামনে পিপড়ার সমানও নয়। এ হিসেবে কাফেররা তাতে কুফরী বিধান জারি করে দিলেও মুসলমানদের শক্তি সেখানে পূর্ণই বহাল রয়েছে। কাজেই উক্ত এলাকাকে দারুল ইসলাম বলা অযাচিত কোন মত হবে না। এ কারণেই আল্লামা শামী রহ. একে দারুল ইসলাম ফতোয়া দিয়েছেন।

কিন্তু এর পরও মনে রাখতে হবে, সাহেবাইন সহ অন্যান্য ইমামগণের মতে তা দারুল হরব হয়ে গেছে। পক্ষান্তরে তা উদ্ধার করার মত কোন শক্তি সামর্থ্য যদি মুসলমানদের না থাকে তাহলে তা দারুল হরব হওয়ার ব্যাপারে কারো কোন দ্বিমত নেই। এ ব্যাপারে রশীদ আহমদ গাঙ্গুহী রহ. এর ফতোয়ায় বিস্তারিত আলোচনা রয়েছে।

কিন্তু আল্লামা শামী রহ. তাঁর এই বক্তব্যে এ কথা কোথায় বুঝাচ্ছেন-

[যেসব রাষ্ট্র নামধারী মুসলমান শাসকদের দখলে আছে; যারা সেগুলোতে আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে দিয়ে

CamScanner

মানব রচিত কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করছে; মুসলমান জনসাধারণ যুগ যুগ ধরে তাদের সর্বচেষ্টা ব্যয় করেও শাসকদের দিয়ে আল্লাহ তাআলার শরীয়ত বাস্তবায়ন করাতে পারছে না; বরং যারা সহীহ ত্বরীকায় শরীয়ত কায়েম করতে চাচ্ছে জঙ্গী, সন্ত্রাসী ইত্যাদী জঘন্য উপাধীতে ভূষিত করে তাদেরকে দমন করার জন্য তাদের সর্ব শক্তি ব্যয় করছে; তারা একা তাদেরকে দমন করতে না পেরে আন্তর্জাতিক কুফরী শক্তির সাথে জোট গঠন করেছে; নিজ দেশে ইসলামকে মিটিয়ে দেয়ার জন্য যেমন তারা তাদের যাবতীয় সামর্থ্য ব্যয় করছে, বিশ্বের যে কোন প্রান্তের সম্ভাব্য যে কোন ইসলামী শক্তিকে দমন করতেও তারা তেমনই তাদের সর্বসাধ্য ব্যয় করছে; মোট কথা কুফরকে টিকিয়ে রাখতে এবং ইসলামকে মিটিয়ে দিতে যা তাদের সামর্থ্যে আছে তাই তারা ব্যয় করছে'] এমন সব রাষ্ট্র সবগুলো দারুল ইসলাম ??!!

শামীর বক্তব্যে এর কোন আলোচনা বা ইশারা ঈঙ্গিতও কি আছে?

হ্যাঁ, যদি এমন হতো, বর্তমানে দুনিয়া জুড়ে উসমানী খেলাফতের মত বিশাল এক খেলাফত কায়েম আছে। আর খেলাফতের একেবারে অভ্যন্তরস্থ কোন এলাকা কাফেররা বা মুরতাদরা দখল করে নিয়েছে। যেখান থেকে কাফের মুরতাদদের দখলদারী খণম করা মসলমানদের জন্য কোন কঠিন ব্যাপার নয়। তাহলে আল্লামা শামী রহ. এর ফতোয়া অনুযায়ী তাকে দারুল ইসলাম বলা যেত।

কিন্তু বর্তমান মুরতাদদের দখলকৃত কুফরী আইন দ্বারা শাসিত মুসলিম রাষ্ট্রগুলো দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র হওয়ার কোন প্রমাণ বা আলোচনা আল্লামা শামী রহ. এর এ বক্তব্যে নেই।

কাজেই আল্লামা শামী রহ. এর এ বক্তব্য থেকে বর্তমান মুরতাদদের দখলকৃত কুফরী আইন দ্বারা শাসিত মুসলিম রাষ্ট্রগুলোকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র দাবি করা যুক্তিযুক্ত নয়।

***

CamScanner

শেষ কথা

দারুল ইসলাম ও দারুল হরব সংক্রান্ত আইম্মায়ে কেরামের বক্তব্যসমূহ এবং সেগুলোর সঠিক প্রয়োগক্ষেত্র দেখার পর বর্তমান গণতান্ত্রিক রাষ্ট্রগুলোকে দারুল ইসলাম বলার কোন সুযোগ আছে বলে আমার কাছে মনে হয়নি। বিশেষণ করে তাকি উসমানী সাহেব দা.বা. আইম্মায়ে কেরামের যেসব বক্তব্য উল্লেখ করেছেন সেগুলো থেকে কোনোভাবেই এসব রাষ্ট্র দারুল ইসলাম প্রমাণিত হয় না। কাজেই আইম্মায়ে কেরামের বক্তব্যের আলোকে তাকি উসমানী সাহেব দা.বা. এর দাবিকে সঠিক বলে মেনে নিতে পারছি না। আমার ক্ষুদ্র দৃষ্টিতে এমনই মনে হয়েছে। হয়তো অন্যদের মত আমার মতের সাথে নাও মিলতে পারে। হয়তো এ কারণে আমার সমালোচনাও হতে পারে। তবে সমালোচক ভাইদের প্রতি আবেদন থাকবে আপনারা দলীলের আলোকে সমালোচনা করবেন। শরীয়তের দলীল চারটিঃ কুরআন, হাদিস, ইজমা, কিয়াস। কুরআন, হাদিস বা ইজমার মুখালিফ-বিরোধী হলে কিয়াস গ্রহণযোগ্য নয়। তদ্রূপ কোন ব্যক্তির কথাও দলীল নয়। শরীয়তের চার দলীলের আলোকে যাচাই বাছাইয়ের পর যদি সঠিক বলে প্রমাণিত হয় তাহলে গ্রহণ করা হবে, নতুবা গ্রহণ করা হবে না।এ আলোকেই আপনারা কথা বলবেন।তবে দারুল ইসলাম ও দারুল হরবের বিষয়টা যেহেতু বর্তমান যামানার একটা জরুরি বিষয় কাজেই এ

CamScanner

ব্যাপারে গবেষণা-পর্যালোচনা করে অতি শীঘ্রই চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হওয়া দরকার। আল্লাহ তাআলা আমাদেরকে তাওফীক দান করুন।

পরিশেষে আল্লাহ তাআলার কাছে প্রার্থনা- এই ফিতনার যামানায় তিনি যেনো আমাদেরকে সীরাতে মুস্তাকীমের উপর কায়েম রাখেন। সব ধরনের ফিতনা থেকে যেনো আমাদেরকে হিফাজত করেন। আমীন!

[দ্বিতীয় অধ্যায়ের লেখাটি মূল লেখকের নয়। মুফতি আবদুল ওয়াহহাব দা.বা. এর পর্যালোচনা এটি। এঁটাকে শাইখ মুহাম্মাদ ঈসা আনসারী দা.বা. এর পূর্ণ লেখাটির ব্যাখ্যা বলা যায়। তাই এখানে এটিই যুক্ত করা হল। বিস্তারিত জানতে অধ্যায়ন করুন মাওলনা আবু মুসআব হাফিযাহুল্লাহ -এর "অতি জযবাতি তরুণ-২"]

CamScanner



আজ যদি কেউ বলে যে নামায প্রতিষ্ঠার দ্বারা মুসলমানদের মাঝে বড় ধরনের হত্যা লুটপাট এবং সাংঘাতিক বিপর্যয়ের শংকা আছে। সুতরাং(مجبوری) অবস্থায় যতোদিন পর্যন্ত মানুষের অটেমেটিক (توفیق)তথা ক্ষমতা না হবে ততোদিন নামাযকে বন্ধ এবং বিলুপ্ত রাখা হবে। মানুষেরা সবকিছু ছেড়ে শুধুমাত্র ব্যক্তিগত যিকির, আযকার ও আত্মশুদ্ধিতে মনোনিবেশ করবে। শরীয়তের দৃষ্টিতে এই কথাতো কষ্মিনকালেও গ্রহণযোগ্য হবেনা। খেলাফত প্রতিষ্ঠার বিষয়টা ঠিক এমনই। ফুকাহাদের দৃষ্টিতে এটা বড়ো মানের একটা ফরজ। নামাজের পূর্ণাঙ্গ প্রতিষ্ঠাও এর উপর নির্ভরশীল। কিভাবে তাহলে এই ধোকাপূর্ণ কথাকে মেনে নেওয়া যায় যে, যতোদিন পর্যন্ত মুসলমানদের ঘাড়ে বসা মুরতাদ শাসকদের আপনা আপনি-ই খেলাফত প্রতিষ্ঠার তাওফিক না হবে ততোদিন (مجبوری) অবস্থার বিবেচনায় তাদের বানানো কুফুরি বিধি বিধানকে মেনে নিয়ে ভংয়কর রক্তপাত এবং বিশৃঙ্খলা থেকে মুসলিম জাতিকে হেফাজত করতে হবে। ভিন্ন কোনো গতির অবকাশ নেই এখানে।

আল-মুবাহালা প্রকাশন

ঢাকা, বাংলাদেশ